

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট
ষোলশহর, চট্টগ্রাম

২০২১



সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১.	ভূমিকা	৩
২.	ভিশন	৩
৩.	মিশন	৩
৪.	উদ্দেশ্য	৩
৫.	প্রতিষ্ঠানের অবস্থান	৪
৬.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম এর আন্তর্জাতিক পর্যায়ে সদস্য পদ	৪
৭.	উপদেষ্টা কমিটি	৫
৮.	কারিগরি কমিটি	৬
৯.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের জনবল	৭
১০.	প্রধান কার্যবলী	৮
১১.	গবেষণা বিভাগসমূহের নাম	৮
১২.	২০২০-২১ অর্থবছরের গবেষণা কার্যক্রমের সারসংক্ষেপ	৮
১৩.	২০২০-২১ অর্থবছরের উদ্ভাবিত প্রযুক্তি/তথ্যের তালিকা	৮
১৪.	উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণে মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণ, ওয়ার্কশপ/ সেমিনারের কর্মসূচির সারসংক্ষেপ	৯
১৫.	প্রচার	৯
১৬.	পরামর্শ ও সেবামূলক কর্মকাণ্ডের তালিকা	৯
১৭.	চারা/বীজ বিতরণমূলক সেবা প্রদানের বিবরণ	৯
১৮.	বিএফআরআই এর কর্মকর্তা/কর্মচারীগণ প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য	১০
১৯.	প্রকাশনা	১০
২০.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম কর্তৃক ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত প্রকল্পসমূহের তালিকা	১১
২১.	উল্লেখযোগ্য গবেষণা সাফল্য (২০২০-২১ অর্থ বছরে অর্জিত)	১১-১২
২২.	বার্ষিক গবেষণা অগ্রগতি প্রতিবেদন ২০২০-২১	১৩-১৩১
২৩.	২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়নকৃত প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন	১৩২-১৫১
২৪.	পরিশিষ্ট - ১: ২০২০-২১ সনের উদ্ভাবিত প্রযুক্তির বিস্তারিত বিবরণ	১৫২
২৫.	পরিশিষ্ট - ২: প্রশিক্ষণ, ওয়ার্কশপ/সেমিনার, সভা, পরিদর্শন ও মেলা এর বিস্তারিত বিবরণ	১৫৩-১৬৮
২৬.	পরিশিষ্ট - ৩: প্রচার সংক্রান্ত বিস্তারিত বিবরণ	১৬৯-১৭০
২৭.	পরিশিষ্ট - ৪: পরামর্শ ও সেবামূলক কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ	১৭১-১৭৪
২৮.	পরিশিষ্ট - ৫: চারা/বীজ বিতরণমূলক সেবার বিস্তারিত বিবরণ	১৭৫-১৭৮
২৯.	পরিশিষ্ট - ৬: ২০২০-২০২১ অর্থ বছরে অনুন্নয়ন খাতের রাজস্ব আদায়	১৭৯
৩০.	পরিশিষ্ট - ৭: ২০২০-২০২১ সনের প্রকাশনার তালিকা	১৮০-১৯৭

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রমের সারসংক্ষেপ

সময়কাল : ২০২০-২০২১

পটভূমিঃ বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), চট্টগ্রাম দেশের বন গবেষণা বিষয়ক একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। বনজ সম্পদের সুষ্ঠু ব্যবহারের প্রযুক্তি উদ্ভাবনের উদ্দেশ্যে ১৯৫৫ সালে “ফরেস্ট প্রোডাক্টস ল্যাবরেটরী” নামে চট্টগ্রামে এ প্রতিষ্ঠান সৃষ্টি হয়। পরবর্তীতে বনজ সম্পদ বৃদ্ধির প্রয়োজনীয়তা উপলব্ধির প্রেক্ষিতে বনজ সম্পদ গবেষণার পাশাপাশি বন ব্যবস্থাপনা সংক্রান্ত গবেষণার সুযোগ সৃষ্টি করে ১৯৬৮ সালে বিএফআরআইকে বন বিষয়ক একটি পূর্ণাঙ্গ জাতীয় গবেষণা প্রতিষ্ঠানে রূপান্তরিত করা হয়। বর্তমানে প্রতিষ্ঠানটি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধিনস্ত সংস্থা হিসাবে কার্যক্রম পরিচালনা করছে। বন ও বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি, টেকসই বন ব্যবস্থাপনা, পরিবেশ রক্ষা, জীব-বৈচিত্র্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা, বন মৃত্তিকা সংরক্ষণ ও ব্যবস্থাপনা, উন্নত ও গুণগত মানসম্পন্ন বীজ ও চারা উৎপাদন, ঔষধি উদ্ভিদ ও বিপন্নপ্রায় উদ্ভিদের জার্মপ্লাজম সংরক্ষণ, বন ব্যাধি ও কীটপতঙ্গ ব্যবস্থাপনা, বন্যপ্রাণী সংরক্ষণ ইত্যাদি বিষয়ে গবেষণা কার্যক্রম অব্যাহত রয়েছে। বিএফআরআই কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ বন ও বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি, সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা সহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশের উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনে ঝুঁকি মোকাবেলায় বিশেষ অবদান রাখছে।

ভিশন : বন ও বনজ সম্পদের ব্যবস্থাপনা, উন্নয়ন ও সুষ্ঠু ব্যবহার বিষয়ে সহায়তা প্রদান।


মিশন : গবেষণার মাধ্যমে দেশের বন ও বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং উদ্ভাবিত তথ্য প্রযুক্তি ভোক্তা জনগোষ্ঠীকে পরিজ্ঞাতকরণ।

উদ্দেশ্য

- বন ও বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি ও বীজের গুণগতমান বিষয়ক গবেষণা।
- জলবায়ু পরিবর্তনের কারণে বন ও বনজ সম্পদ বিপর্যয় রোধকল্পে গবেষণা।
- মৃত্তিকার উন্নয়ন, নার্সারি ও বন বাগানে পোকামাকড় ও রোগ বালাই ব্যবস্থাপনা জীব-বৈচিত্র্য সংরক্ষণ (বন্যপ্রাণীসহ) উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা।
- বাঁশ, বেত ও ভেঁষজ উদ্ভিদসহ অন্যান্য গৌণ বনজ সম্পদের উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা।
- কাঠ ও অকাঠল বনজ সম্পদের গুণাঙ্কন উন্নয়ন, সুষ্ঠু ব্যবহার ও বাণিজ্যিক পণ্য উদ্ভাবন বিষয়ক গবেষণা।
- বন বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ মাঠ-পর্যায়ে ভোক্তাগোষ্ঠীকে এবং দেশের বনবিদ্যা বিষয়ে গবেষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের পরিজ্ঞাতকরণ।

প্রতিষ্ঠানের অবস্থান

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) ১৯৫৫ সালে বনজ সম্পদের সুষ্ঠু ব্যবহার বিষয়ক গবেষণার লক্ষ্যে “ফরেস্ট প্রডাক্টস ল্যাবরেটরি” নামে চট্টগ্রামে এই প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়। এ প্রতিষ্ঠানটি ১৯৮৫ সাল থেকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে। এ প্রতিষ্ঠানের সদর দপ্তর জীববৈচিত্র্যে ভরপুর সবুজ পাহাড় ঘেরা মনোরম পরিবেশে চট্টগ্রাম মহানগরীর ষোলশহরে ২৮ হেক্টর জমির উপর অবস্থিত।



চিত্রঃ বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম এর প্রধান কার্যালয়ের অবস্থান

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম এর আন্তর্জাতিক পর্যায়ে সদস্য পদ

ক্রমিক নং	আন্তর্জাতিক	দেশ	সংস্থার সদস্য হওয়ার তারিখ
1.	Commonwealth Forestry Association	England	1994
2.	IUFRO (International Union of Forest Research Organization)	Austria	1976
3.	APAFRI (Asia-Pacific Forest Invasive Species Network)	Malaysia	2001
4.	INBAR (International Network for Bamboo and Rattan)	China	1998

উপদেষ্টা কমিটি

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রামের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে নিম্নবর্ণিত ১৭ সদস্যের সমন্বয়ে উচ্চ পর্যায়ের একটি উপদেষ্টা কমিটি রয়েছে।

১.	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সভাপতি
২.	অতিরিক্ত সচিব (আইন ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৩.	অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৪.	প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা	সদস্য
৫.	মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা	সদস্য
৬.	চেয়ারম্যান, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা	সদস্য
৭.	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট, পুরাতন বনভবন, মহাখালী, ঢাকা	সদস্য
৮.	বিভাগীয় প্রধান (কৃষি), পরিকল্পনা কমিশন, শের-এ-বাংলা নগর, ঢাকা	সদস্য
৯.	মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা	সদস্য
১০.	সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা	সদস্য
১১.	মহাপরিচালক, প্রাণী সম্পদ অধিদপ্তর, ঢাকা	সদস্য
১২.	মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা	সদস্য
১৩.	পরিচালক, ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এ্যান্ড এনভায়রনমেন্টাল সাইন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	সদস্য
১৪.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
১৫.	অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
১৬.	পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, চিড়িয়াখানা রোড, মিরপুর, ঢাকা	সদস্য
১৭.	পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম	সদস্য-সচিব



চিত্রঃ ০৫-১০-২০২০ খ্রি. তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে
বিএফআরআই-এর উপদেষ্টা কমিটির ২৭তম সভা

কারিগরি কমিটি

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম এর গৃহীতব্য গবেষণা কার্যক্রম উপদেষ্টা কমিটিতে উপস্থাপনের পূর্বে তা
যথাযথভাবে মূল্যায়নের জন্য নিম্নবর্ণিত ১৩ সদস্যের সমন্বয়ে কারিগরি কমিটি রয়েছে।

১.	পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম	আহবায়ক
২.	প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর এর একজন প্রতিনিধি (উপ-প্রধান বন সংরক্ষক পদ মর্যাদার)	সদস্য
৩.	মহা পরিচালক, পরিবেশ অধিদপ্তর এর একজন প্রতিনিধি (পরিচালক পদ মর্যাদার নিম্নে নহে)	সদস্য
৪.	সদস্য-পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা	সদস্য
৫.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর মুখ্য গবেষণা কর্মকর্তা	সদস্য
৬.	চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর একজন প্রতিনিধি (জেনারেল ম্যানেজারের নিম্নে নয়)	সদস্য
৭.	পরিচালক, ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এ্যান্ড এনভায়রনমেন্টাল সাইন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।	সদস্য
৮.	পরিচালক, এসোসিয়েশন অব ডেভেলপমেন্ট এজেন্সিস ইন বাংলাদেশ (এডাব), ঢাকা-১২০৭।	সদস্য
৯.	পরিচালক, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), চট্টগ্রাম।	সদস্য
১০.	চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।	সদস্য
১১.	ড. মোহাম্মদ কামাল হোসাইন, প্রফেসর, ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।	সদস্য
১২.	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।	সদস্য
১৩.	বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর একজন মুখ্য গবেষণা কর্মকর্তা (দু'জনের মধ্যে যিনি জ্যেষ্ঠ)।	সদস্য-সচিব



চিত্রঃ ১৪ সেপ্টেম্বর ২০২০ তারিখ বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই)-এর কারিগরি কমিটির সভা ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের জনবল

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট-এর মঞ্জুরীকৃত, পূরণকৃত ও শূন্যপদের বিবরণ (গ্রেড ভিত্তিক)

অফিসের নাম	বেতন গ্রেড	বেতন স্কেল	মঞ্জুরীকৃত পদ সংখ্যা	পূরণকৃত পদ সংখ্যা	শূন্য পদ সংখ্যা
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।	১	৭৮০০০ (নির্ধারিত)			
	২	৬৬০০০-৭৬৪৯০	১		১
	৩	৫৬৫০০-৭৪৪০০	২	২	
	৪	৫০০০০-৭১২০০	১৮	৮	১০
	৫	৪৩০০০-৬৯৮৫০			
	৬	৩৫৫০০-৬৭০১০	২৭	১৪	১৩
	৭	২৯০০০-৬৩৪১০			
	৮	২৩০০০-৫৫৪৭০			
	৯	২২০০০-৫৩০৬০	৫৪	৩৮	১৬
	১০	১৬০০০-৩৮৬৪০	২৮	০৬	২২
	১১	১২৫০০-৩০২৩০	৫৪	৩১	২৩
	১২	১১৩০০-২৭৩০০			
	১৩	১১০০০-২৬৫৯০	১২	১	১১
	১৪	১০২০০-২৪৬৮০	৮১	৪৩	৩৮
	১৫	৯৭০০-২৩৪৯০	৪১	২৭	১৪
	১৬	৯৩০০-২২৪৯০	১১১	৬৩	৪৮
	১৭	৯০০০-২১৮০০	৬	৫	১
	১৮	৮৮০০-২১৩১০	৭	৫	২
	১৯	৮৫০০-২০৫৭০	১৩৫	৬৬	৬৯
	২০	৮২৫০-২০০১০	১৯২	৯৬	৯৬
	মোট=			৭৬৯	৪০৫

প্রধান কার্যালয়ী : প্রতিষ্ঠানটির গবেষণা কার্যক্রম বন ব্যবস্থাপনা ও বনজ সম্পদ উইং এর অধীনে ১২টি প্রোগ্রাম এরিয়ার মাধ্যমে নিম্নোক্ত ১৭ টি গবেষণা বিভাগ ও ১ টি শাখার আওতায় পরিচালিত হয়ে থাকে।

গবেষণা বিভাগসমূহ

বন ব্যবস্থাপনা উইং	বনজ সম্পদ উইং
১। বন উদ্ভিদ বিজ্ঞান বিভাগ	১। বন রসায়ন বিভাগ
২। বন অর্থনীতি বিভাগ	২। মণ্ড ও কাগজ বিভাগ
৩। বন ইনভেন্টরী বিভাগ	৩। কাষ্ঠ শুল্ককরণ ও শক্তি নিরূপণ বিভাগ
৪। বন রক্ষণ বিভাগ	৪। কাষ্ঠ যোজনা বিভাগ
৫। ম্যানগ্রোভ সিলভিকালচার বিভাগ	৫। কাষ্ঠ সংরক্ষণ বিভাগ
৬। গৌণ বনজ সম্পদ বিভাগ	৬। কাষ্ঠ কারিগরি ও প্রকৌশল বিভাগ
৭। প্লান্টেশান ট্রায়াল ইউনিট বিভাগ	
৮। বীজ বাগান বিভাগ	
৯। সিলভিকালচার জেনেটিক্স বিভাগ	
১০। সিলভিকালচার রিসার্চ বিভাগ	
১১। মৃত্তিকা বিজ্ঞান বিভাগ	
১২। বন্যপ্রাণী শাখা	

২০২০-২১ অর্থবছরের গবেষণা কার্যক্রমের সারসংক্ষেপ

পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গঠিত বিএফআরআই এর কারিগরি কমিটির সুপারিশ ও উপদেষ্টা কমিটির অনুমোদনক্রমে রাজস্ব বাজেটধীনে ২০২০-২১ অর্থবছরে ৫৮টি গবেষণা স্টাডি বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়িত স্টাডির মধ্যে ২৩ টি গবেষণা স্টাডি সমাপ্ত হয়েছে এবং নতুন ২৭ টি গবেষণা স্টাডি গ্রহণ করা হয়েছে।

চলমান স্টাডি	নতুন স্টাডি	মোট বাস্তবায়িত স্টাডি
৩১টি	২৭টি	৫৮ টি

উল্লেখ্য, গবেষণা কার্যক্রমের পাশাপাশি উদ্ভাবিত প্রযুক্তিসমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও হস্তান্তরের জন্য প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, মাঠদিবস, প্রচার, বিজ্ঞাপন ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া বিভিন্ন সরকারী, বেসরকারী এবং ব্যক্তি পর্যায়ে বন ব্যবস্থাপনা ও বনজ সম্পদ বিষয়ক কারিগরি পরামর্শ ও সেবামূলক কাজ পরিচালনা করা হয়ে থাকে।

২০২০-২১ অর্থবছরের উদ্ভাবিত প্রযুক্তি/তথ্যের তালিকা

২০২০-২১ অর্থবছরে নিম্নোক্ত ০২ (দুই) টি প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট - ১ এ সন্নিবেশিত আছে।

ক্রমিক নং	উদ্ভাবিত প্রযুক্তি/ তথ্য	বিভাগ
০১.	Nursery technique of Barun (<i>Creteva magna</i>)	সিলভিকালচার রিসার্চ বিভাগ
০২.	টিস্যুকালচার পদ্ধতিতে এয়াসপার বাঁশের (<i>Dendrocalamus asper</i>) seed থেকে direct regeneration এর মাধ্যমে চারা উৎপাদনের কৌশল উদ্ভাবন করা হয়েছে।	সিলভিকালচার জেনেটিক্স বিভাগ

উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণে মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণ ওয়ার্কশপ/ সেমিনারের কর্মসূচির সার-সংক্ষেপ

বিএফআরআই কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ ভোক্তা সাধারণের জন্য মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে দেশের বিভিন্ন অঞ্চলে ২৪ টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ওয়ার্কশপ, সেমিনার ও প্রশিক্ষণে বিএফআরআই এর কর্মকর্তাবৃন্দ ও ভোক্তা অংশগ্রহণ করেন। (বিস্তারিত পরিশিষ্ট - ২)।

প্রশিক্ষণ ওয়ার্কশপ/সেমিনার	সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ	২৪ টি	৬৩১ জন
ওয়ার্কশপ/ সেমিনার	০৭ টি	বিএফআরআই এর কর্মকর্তাবৃন্দ
পরিদর্শন	০৫ টি	বিএফআরআই এর কর্মকর্তাবৃন্দ
মেলা	০১ টি	

প্রচার

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিগুলো বহুল প্রচারের লক্ষ্যে জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত বিভিন্ন পত্রিকা/সাময়িকী/ম্যাগাজিনে মোট ৩৮ (আটত্রিশ)টি বিজ্ঞাপন (দৈনিক জাতীয় পত্রিকা -২০, দৈনিক জাতীয় ইংরেজি পত্রিকা -০৫ (দৈনিক আঞ্চলিক পত্রিকা -০৪ এবং ম্যাগাজিন-০৯) প্রচার করা হয় (বিস্তারিত পরিশিষ্ট- ৩)।

পরামর্শ ও সেবামূলক কর্মকাণ্ডের তালিকা

কাঠ ও উদ্ভিদের নমুনা শনাক্তকরণ, শক্তি সম্বন্ধীয় গুণাগুণ নির্ণয়, পোকা-মোকড় ও রোগ-বালাই ব্যবস্থাপনা, মৃত্তিকার নমুনা বিশ্লেষণ প্রভৃতি বিষয়ে ১৮২ টি পরামর্শ ও সেবা প্রদান করা হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট- ৪)।

ক্রমিক নং	বিষয়	সেবা প্রদানের সংখ্যা
১.	কাঠ শনাক্তকরণ	৬১টি
২.	কাঠের ভেত ও যান্ত্রিক গুণাবলী নির্ণয়	১১০টি
৩.	উদ্ভিদ নমুনা শনাক্তকরণ	৪১টি
৪.	আগর উৎপাদন, নিষ্কাশন, বাজারজাতকরণ বিষয়ক	২টি
৫.	অন্যান্য সেবা	৩৩টি
	মোট	২৪৭ টি

চারা / বীজ বিতরণমূলক সেবা প্রদানের বিবরণ

বিএফআরআই এর নার্সারিতে উত্তোলিত উন্নতমানের বাঁশ, বেত, বনজ, ফলদ বৃক্ষসহ ঔষধি উদ্ভিদের মোট ৫৮০০১ টি চারা বিতরণ করা হয়েছে এবং এর মাধ্যমে ২০২০-২১ অর্থ বছরে রাজস্ব আদায় হয়েছে ৩,২৬,৪৩১/-। এছাড়া মাতৃবৃক্ষের বাগান থেকে সংগৃহীত বিভিন্ন প্রজাতির উদ্ভিদের উন্নতমানের বীজ সরবরাহ করা হয়ে থাকে (বিস্তারিত পরিশিষ্ট - ৫)।

ক্রমিক নং	বিভাগের নাম	বিক্রিত চারার সংখ্যা	আদায়কৃত রাজস্ব (টাকায়)
০১	সিলভিকালচার রিসার্চ বিভাগ	১৮,২৬৩ টি চারা	৯১,৭০৫/-
০২	সিলভিকালচার জেনেটিক্স বিভাগ	৫,৬৯৬ টি চারা	৬৪,৫১৬/-
০৩	বীজ বাগান বিভাগ	২৯,৬৪২ টি চারা	১,৪৮,২১০/-
০৪	গৌণ বনজ সম্পদ বিভাগ	৪,৪০০ টি চারা	২২,০০০/-
	মোট চারা ও আদায়কৃত রাজস্ব	৫৮,০০১ টি চারা	৩,২৬,৪৩১/-

বিএফআরআই এর কর্মকর্তা/ কর্মচারীগণ এর প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য

বিএফআরআই এর কর্মকর্তা/ কর্মচারীগণ বিভিন্ন সংস্থায় (লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, পরিকল্পনা উন্নয়ন একাডেমি, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), বিএআরসিসহ বিএফআরআই এর স্বশরীরে ও ওয়েব মিনারে (অন লাইনে) নিম্নবর্ণিত প্রশিক্ষণ ও সভা/গুরাক্ষপে গ্রহণ করেছেন।

প্রশিক্ষণের বিষয়ের সংখ্যা (দেশ)	প্রশিক্ষণার্থীর সংখ্যা (দেশ)	সভা/গুরাক্ষপের সংখ্যা	সভা/গুরাক্ষপে অংশগ্রহণকারীর সংখ্যা	মোট অংশগ্রহণকারীর সংখ্যা
২২টি	৫০জন	১৬টি	৩০ জন	৮০জন

প্রকাশনা

বিএফআরআই কর্তৃক ২০২০-২১ অর্থবছরে ২৭টি বৈজ্ঞানিক প্রবন্ধ ও ০১টি পপুলার আর্টিকেল বিভিন্ন দেশী-বিদেশী জার্নাল, বুলেটিন/ বুকলেট, নিউজলেটার-এ প্রকাশিত হয়েছে; যার বিস্তারিত বিবরণ পরিশিষ্ট - ৬ এ দেখানো হয়েছে।

বিভাগ	জার্নাল পেপার	বুলেটিন/বুকলেট	প্রসেড্জিস পেপার	পপুলার আর্টিকেল	নিউজলেটার	মোট
বন উদ্ভিদ বিজ্ঞান বিভাগ	০৩				০৬	০৯
বন অর্থনীতি বিভাগ	০১+০১					০১
বন ইনভেন্টরী বিভাগ	০১					০১
ম্যানগ্রোভ সিলভিকালচার বিভাগ	০৮					০৮
প্লান্টেশান ট্রায়াল ইউনিট বিভাগ	০১			০১		০২
গৌণ বনজ সম্পদ বিভাগ	০১				০১	০২
সিলভিকালচার জেনেটিক্স বিভাগ	০৫		০১		০১	০৭
সিলভিকালচার রিসার্চ বিভাগ	০১+০১					০১
মন্ড ও কাগজ বিভাগ	০৩					০৩
কাষ্ঠ শৃঙ্খিকরণ ও শক্তি নিরূপণ বিভাগ	০২+০১					০২
কাষ্ঠ যোজনা বিভাগ	০১					০১
মোট	২৭		০১	০১	০৮	৩৭

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম কর্তৃক ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত প্রকল্পসমূহের তালিকা

বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) অর্থায়নে ০২টি, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিলের অর্থায়নে ০২টি এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের জাতীয় কৃষি প্রযুক্তি প্রকল্প (এনএটিপি) অর্থায়নে ০১ টি সহ মোট ০৫টি নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়িত হচ্ছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট - ৭)

ক্র. নং	উন্নয়ন প্রকল্পের নাম	প্রকল্পের মেয়াদ	অর্থায়ন
১.	নীলফামারী জেলার ডোমার উপজেলায় আঞ্চলিক বাঁশ গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন Establishment of Regional Bamboo Research and Training Center (RBRTC) at Domar, Nilphamari	০১.০১.২০১৬ হতে ৩০.০৬.২০২১	জিওবি
২.	মানসম্পন্ন বীজের উৎসের উন্নয়ন এবং পরিষ্কৃতকরণ Quality Seed Source Development and Its Popularization	০১.০৬.২০১৫ হতে ৩০.০৬.২০২১	জিওবি
৩.	জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলায় বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এলাকায় অবকাঠামোসমূহ উন্নয়ন Infrastructure Development Project of Bangladesh Forest Research Institute, Chittagong for meet up Climate Change	০১.০৭.২০১৮ হতে ৩০.১২.২০২০	জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল
৪.	সুন্দরবনের মৌমাছির উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং জীবনযাত্রার মান উন্নয়ন Studies on the Honey Bees of the Sundarban in Relation to Climate Change and Livelihood Improvement	১.৭.২০১৭ হতে ৩০.০৬.২০২১	জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল
৫.	বিপদাপন্ন ফরেস্ট জেনেটিক রিসোর্সেস (ঔষধি উদ্ভিদসহ) এর অনুসন্ধান, সনাক্তকরণ, মাল্টিপ্লিকেশন এবং এক্স-সিটো কনজারভেশন (Ex-situ conservation) Exploration, Identification Characterization, Multiplication and Ex-situ conservation of Endangered Forest Genetic Resources including Medicinal plants of Bangladesh	০১.০৭.২০১৭ হতে ৩০.০৯.২০২০	PIU- BARC, NATP-2

উল্লেখযোগ্য গবেষণা সাফল্য (২০২০-২০২১ অর্থ বছরে অর্জিত)

- বাংলাদেশের বনাঞ্চলের ঝুঁকিপূর্ণ ৩ টি গুরুত্বপূর্ণ বৃক্ষ প্রজাতি বৈলাম, তেলি গর্জন এবং সাদা গর্জন এর জিন পর্যায়ে বৈশিষ্ট্য নির্ধারণে ডিএনএ বারকোড সংক্রান্ত গবেষণা সূচনা করা হয়েছে।
- বিলুপ্তপ্রায় বৃক্ষপ্রজাতি আফ্রিকান টিকওক, বৈলাম এবং ট্যাং-ডিয়ার এর বংশবিস্তার ও সংরক্ষণে চারা উৎপাদনে টিস্যুকালচার কৌশল উদ্ভাবনে গবেষণা সূচনা করা হয়েছে।
- চীনের নতুন ৪ টি বাঁশ প্রজাতির দ্রুত বংশবিস্তার ও সংরক্ষণের লক্ষ্যে টিস্যুকালচার গবেষণা চলমান রয়েছে। ইতিমধ্যে এয়াসপার প্রজাতি বাঁশের টিস্যুকালচারজাত চারা উৎপাদন করা হয়েছে এবং নার্সারিতে রক্ষনাবেক্ষণ করা হচ্ছে।
- ভোক্তাসাধারণের মাঝে বাঁশের চারা সহজলভ্য করার উদ্দেশ্যে জুলাই ২০২০ থেকে জুন ২০২১ পর্যন্ত টিস্যুকালচার ও কৃষিকলম পদ্ধতিতে বাঁশের ১৪ টি প্রজাতির ৫,১৪৮ টি এবং অন্যান্য বৃক্ষ ও ঔষধি উদ্ভিদের ৫৪৮ টি চারা সরকারি রেভিনিউ সংগ্রহের মাধ্যমে সরকারি, বেসরকারি ও ব্যক্তি পর্যায়ে ভোক্তাসাধারণের মাঝে বিতরণ করা হয়েছে ও বিতরণ প্রক্রিয়া অব্যাহত আছে। বাঁশের চারা সহজলভ্য হওয়ায় চারার চাহিদা বৃদ্ধির পাশাপাশি প্রতি বছর বাঁশ চাষে ভোক্তা সাধারণের অগ্রহ বৃদ্ধি পাচ্ছে।
- উপকূলীয় বনাঞ্চলে সৃজিত কেওড়া গাছের ভল্যুম নির্ণয়ের উপাত্ত সংগ্রহ পূর্বক বিশ্লেষণ করে গাণিতিক সমীকরণ উন্নয়ন করা হয়েছে।
- ৩% হাইড্রোজেন পার অক্সাইড ও ০.৩% ম্যাগনেশিয়াম পারঅক্সাইড প্রয়োগ করে স্ট্যান্ড লেভেলের ব্রাইটনেস পাওয়া গেছে।

- মাঠ পর্যায়ে ৪ টি গবেষণা কেন্দ্র যথা- রাজাবালী (পটুয়াখালী), চর কুকরী-মুকরী (ভোলা), চর ওসমান (নোয়াখালী) এবং সীতাকুন্ড (চট্টগ্রাম) এলাকায় বাঁশের ২ টি প্রজাতি যথা বাইজ্জা ও বরাক বাঁশের ৬০০০ টি চারা এবং জালি ও কেরাক বেতের ১২,০০০ টি চারা উত্তোলন করা হয়েছে। উত্তোলিত বাঁশ ও বেতের চারা দিয়ে ৮.০ হেক্টর পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে।
- মাঠ পর্যায়ে ৪ টি গবেষণা কেন্দ্র যথা- রাজাবালী (পটুয়াখালী), চর কুকরী-মুকরী (ভোলা), চর ওসমান (নোয়াখালী) এবং সীতাকুন্ড (চট্টগ্রাম) এলাকায় সহযোগী ম্যানগ্রোভ প্রজাতি যথা- আমুর, জিরবট, নোনা ঝাউ, ছনবলই পুনিয়াল, সিংড়া, বানা, গরান এবং পানি কাপিলার ২০,০০০ টি চারা উত্তোলন পূর্বক ৪.০০ হেক্টর পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে।
- বাংলাদেশের উপকূলীয় এলাকার পটুয়াখালী জেলার রাজাবালী, ভোলা জেলার চর কুকরী-মুকরী, নোয়াখালী জেলার হাতিয়া ও নিবুম দ্বীপে এবং চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপকূলীয় এলাকার বিভিন্ন বয়সের কেওড়া বনের অভ্যন্তরে ১৪৪ টি স্থায়ী নমুনা প্লট হতে রিজেনারেশন ডাটা সংগ্রহ করা হয়েছে। তাছাড়া রাজাবালী ও চর কুকরী-মুকরী বন গবেষণা কেন্দ্রের অওতায় বিভিন্ন গবেষণামূলক বাগান হতে মাটির পিএইচ ও লবণাক্ততা পরীক্ষার জন্য ৯০ টি নমুনা সংগ্রহ করা হয়েছে এবং পরীক্ষার জন্য ল্যাবরেটরীতে পাঠানো হয়েছে।
- বাংলাদেশের পূর্ব উপকূলীয় অঞ্চলের মধ্যে নোয়াখালী ও সীতাকুন্ড এলাকায় তাল, নারিকেল, সুপারি ও খেজুরের ২০০০ টি চারা নার্সারিতে উত্তোলন করা হয়েছে। উত্তোলিত চারা দিয়ে নোয়াখালীতে ২.০ হেক্টর এবং সীতাকুন্ডতে ১.০ হেক্টর দেশি পাম প্রজাতির পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে।
- উপকূলীয় চরাঞ্চলে কেওড়া বনের অভ্যন্তরে বনায়নের জন্য ম্যানগ্রোভ প্রজাতির মধ্যে সুন্দরী, গেওয়া, পশুর, খলসী, সিংড়া, হেঁতাল ও গোলপাতা উপযুক্ত প্রজাতি হিসাবে নির্বাচন করা হয়েছে। আবার উঁচু ভূমিতে লাগানোর জন্য নন-ম্যানগ্রোভ প্রজাতির মধ্যে ঝাউ, রেইনট্রি, খইয়া বাবলা, সাদা কড়ই, কালো কড়ই এবং বাবলা বনায়নের জন্য উপযুক্ত হিসাবে নির্বাচন করা হয়েছে। উপকূলীয় উঁচু ভূমিতে পাম প্রজাতির মধ্যে তাল, নারিকেল এবং খেজুর উপযুক্ত প্রজাতি হিসাবে পাওয়া গেছে। ম্যানগ্রোভ প্রজাতির বাগানগুলি বিশেষ করে সুন্দরী, গেওয়া, খলসী প্রজাতিগুলি উপকূলীয় এলাকায় বীজের উৎস হিসাবে কাজ করছে। তাছাড়া বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে বিভিন্ন প্রজাতির ঔষধি বৃক্ষের যেমন- কাঠবাদাম, অর্জুন, খয়ের, নিম, কদম, পিতরাজ, বহেরা, হরিতকি এবং বকাইন, ছাতিয়ান প্রজাতির বাগান উত্তোলন কৌশল উদ্ভাবন করা হয়েছে। আবার ঔষধি বৃক্ষের বাগানগুলো উপকূলীয় অঞ্চলে ঔষধি বৃক্ষের চাষাবাদে মানুষদের আগ্রহী এবং জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ২০২০-২০২১ অর্থবছরে ম্যানগ্রোভ প্রজাতির ৩০.০ হেক্টর এবং নন-ম্যানগ্রোভ প্রজাতির ১০.০ হেক্টর পরীক্ষামূলক বাগান রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
- ২০২০-২০২১ অর্থবছরে বাইনের দুইটি প্রজাতির ২.৮৮ হেক্টর পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে।

বার্ষিক গবেষণা অগ্রগতি প্রতিবেদন (২০২০-২১)

বন ব্যবস্থাপনা উইং

বন উদ্ভিদ বিজ্ঞান বিভাগ

১. স্টাডির নাম	:	Floristic composition and regeneration status of Lawachara National Park, Moulvibazar and Dudpukuria-Dhopachari Wildlife Sanctuary, Chattogram
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২১-২০২২
উদ্দেশ্য	:	
ক) লাউয়াছড়া ন্যাশনাল পার্ক এবং দুধপুকুরিয়া বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার বৃক্ষ, বীরুৎ, গুল্ম ও লতা জাতীয় গাছের একটি তালিকা প্রণয়ন করা।		
খ) লাউয়াছড়া ন্যাশনাল পার্ক এবং দুধপুকুরিয়া বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার বিভিন্ন আবাসস্থলের বৃক্ষ প্রজাতির রিজেনারেশনের অবস্থা নির্ণয় করা।		
গ) লাউয়াছড়া ন্যাশনাল পার্ক এবং দুধপুকুরিয়া বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার রিজেনারেশনের তথ্য উন্নত ও সমৃদ্ধ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার লাউয়াছড়া ন্যাশনাল পার্ক হতে ট্রানজেক্ট ওয়ার্ক পদ্ধতিতে ২৮৬টি (বৃক্ষ-১১২, বীরুৎ-৮৬, গুল্ম-৫৮ এবং লতাজাতীয়-৩০) উদ্ভিদ এবং চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার দুধপুকুরিয়া-ধোপাছড়ি বন্যপ্রাণী অভয়ারণ্য হতে ১৪৩টি (বৃক্ষ-৬৮, বীরুৎ-২৮, গুল্ম-৩২ এবং লতাজাতীয়-১৫) উদ্ভিদের একটি তালিকা তৈরি করা হয়েছে। লাউয়াছড়া ন্যাশনাল পার্ক হতে কোয়াড্রেট পদ্ধতিতে উদ্ভিদের সংখ্যা পরিমাপের তথ্য, উপাত্ত সংগ্রহের জন্য ২০মি. X ২০মি. সাইজের ৬৪ টি গবেষণা প্লট এবং পুনর্জন্মের হার নির্ণয়ের জন্য উক্ত প্লটগুলোর মধ্যে ১মি. X ১মি. সাইজের ৬৪ টি সাব-প্লট তৈরি করা হয়েছে এবং দুধপুকুরিয়া-ধোপাছড়ি বন্যপ্রাণী অভয়ারণ্য হতে কোয়াড্রেট পদ্ধতিতে উদ্ভিদের সংখ্যা পরিমাপের তথ্য, উপাত্ত সংগ্রহের জন্য ২০মি. X ২০মি. সাইজের ৮২টি গবেষণা প্লট এবং পুনর্জন্মের হার নির্ণয়ের জন্য উক্ত প্লটগুলোর মধ্যে ১মি. X ১মি. সাইজের ৮২ টি সাব-প্লট তৈরি করা হয়েছে। লাউয়াছড়া ন্যাশনাল পার্কের প্লটগুলোতে ঢাকিজাম (<i>Syzygium grandis</i>) ও তেলগুরের (<i>Hopea odorata</i>) রিজেনারেশনের হার সবচেয়ে বেশি এবং এর পরে <i>Aporusa dioica</i>, <i>Aporusa wallichii</i>, পুঁতিজাম (<i>Syzygium fruticosum</i>), বুরা (<i>Macaranga denticulata</i>) এবং গুটগুইট্যার (<i>Protium serratum</i>) অবস্থান। প্লটগুলোতে ধূপ, বন লিচু, লটকন, বুদ্ধ নারিকেল, গুটগুইট্যা এবং বান্দরহোলা ইত্যাদি বিলুপ্তপ্রায় প্রজাতির উদ্ভিদগুলো পাওয়া গেছে। দুধপুকুরিয়া-ধোপাছড়ি বন্যপ্রাণী অভয়ারণ্যের প্লটগুলোতে গর্জন, চাপালিশ ও পুঁতিজাম এর রিজেনারেশনের হার সবচেয়ে বেশি এবং এর পরে ঢাকিজাম, আছাড়, তেঁতুয়াকড়ই এর অবস্থান। প্লটগুলো থেকে বৃক্ষ, বীরুৎ ও গুল্ম জাতীয় উদ্ভিদের সংখ্যা নির্ণয় ও বৃক্ষগুলোর দৈর্ঘ্য ও ডিবিএইচ (Diameter at Breast Height) পরিমাপসহ প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। লাউয়াছড়া ন্যাশনাল পার্ক এবং দুধপুকুরিয়া-ধোপাছড়ি বন্যপ্রাণী অভয়ারণ্যের প্লটগুলো থেকে ফুল, ফলসহ ৮৬টি (৩৬টি বৃক্ষ, ২৮টি বীরুৎ, ১০টি গুল্ম এবং ১২টি লতা জাতীয়) উদ্ভিদ নমুনা সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত উদ্ভিদ নমুনাগুলোর মধ্যে ৭৭টি উদ্ভিদ নমুনা শনাক্তকরণ করা হয়েছে এবং ৫৬টি উদ্ভিদ নমুনা মাউন্টিং ও লেবেলিংসহ পরিবার ভিত্তিক হারবেরিয়ামে স্থায়ীভাবে সংরক্ষণ করা হয়েছে।</p>		



চিত্রঃ দুধপুকুরিয়া-ধোপাছড়ি বন্যপ্রাণী অভয়ারণ্য হতে উদ্ভিদ নমুনা এবং তথ্য, উপাত্ত সংগ্রহ



চিত্রঃ দুধপুকুরিয়া-ধোপাছড়ি বন্যপ্রাণী অভয়ারণ্য হতে উদ্ভিদ নমুনা এবং তথ্য, উপাত্ত সংগ্রহ

প্রভাব : সঠিক প্রজাতির উদ্ভিদ চিহ্নিত করা যাবে যা ভবিষ্যতে টেকসই ভূমি ও জীববৈচিত্র্যের ব্যবস্থাপনা বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ন্যাশনাল পার্ক ও বন্যপ্রাণী অভয়ারণ্যের ব্যবস্থাপনা, হারানো উদ্ভিদের পুনরুদ্ধার ও গাছের রিজেনারেশন সম্পর্কিত তথ্য উন্নত ও সমৃদ্ধ হবে।

উপকারভোগী : বন বিভাগ, জীববৈচিত্র্য সংরক্ষণ বিষয়ে কর্মরত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, স্থানীয় জনগণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি।

২. স্টাডির নাম	:	Anatomical variation of lambu (<i>Khaya anthotheca</i>) and mahogany (<i>Swietenia macrophylla</i>) tree in relation to three selected agro-ecological regions of Bangladesh
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২১-২০২২
উদ্দেশ্য		
ক) বাংলাদেশে জন্মানো মেহগনি ও লম্বু গাছের বিস্তারিত গ্রস এবং মাইনুট এনাটমির বৈশিষ্ট্য লিপিবদ্ধ করা।		
খ) এনাটমিক্যাল বৈশিষ্ট্যের তথ্য উন্নত ও সমৃদ্ধ করার মাধ্যমে সঠিক প্রজাতির কাঠ শনাক্তকরণ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
চট্টগ্রাম এবং যশোর অঞ্চল হতে গবেষণার জন্য সংগৃহীত লম্বু ও মেহগনি গাছের গ্রস এনাটমিক্যাল বৈশিষ্ট্য (রং, কাঠিন্য, ওজন, ঔজ্বল্য, সুগন্ধ, স্বাদ, টেক্সচার, গ্রেণ ইত্যাদি) সম্পর্কিত তথ্য এবং হ্যান্ড লেস ও সুপার ইমপোজ টান্সপারেন্ট স্কেল এর সাহায্যে পোর সাইজ, পোর অ্যারেজমেন্ট পরিমাপ করা হয়েছে এবং কালার ডিপোজিট, টাইলোসিস, প্যারেনকাইমা টাইপ, উড রে, রিপলস্ মার্ক ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত লম্বু এবং মেহগনি গাছের মাইনুট এনাটমিক্যাল বৈশিষ্ট্য পর্যবেক্ষণের জন্য এবং ভেসেল ও ফাইবার লেভু পরিমাপের জন্য মেসারেশন স্টিক তৈরি করে নাইট্রিক এসিডের সাহায্যে নরম করে মেসারেশন স্লাইড তৈরি করা হয়েছে ও কাঠের সেপ, হার্ড ও নিয়ার পীথ অংশ হতে ১২ টি কাঠের ব্লক তৈরি করে ডিসটিল ওয়াটারে সিদ্ধ করে মাইক্রোটোম সেকশন তৈরি করার জন্য প্রস্তুত করা হয়েছে। তৈরিকৃত ব্লকগুলো হতে ক্রস, রেডিয়াল এবং ট্যানজেনশিয়াল অংশে মাইক্রোটোম মেশিনের সাহায্যে ২০μ পরিমাণে সেকশন তৈরি করা হবে এবং মাইক্রোস্কোপ মেশিনের সাহায্যে পরিমাপ করা হবে।		



চিত্রঃ যশোর ও চট্টগ্রাম হতে সংগৃহীত মেহগনি ও লম্বু কাঠের স্যাম্পল

প্রভাব : নির্দিষ্ট কাজে সঠিক প্রজাতির কাঠ ব্যবহার করলে অর্থনৈতিকভাবে যেমন লাভবান হওয়া যাবে, তেমনি বনভূমির উপর চাপ কমবে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সহায়তা করবে।
উপকারভোগী : বন বিভাগ, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, কাঠ ব্যবসায়ী, কাঠ ব্যবহারকারী, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান।

৩. স্টাডির নাম	ঃ	Vegetation Status and Natural Regeneration of Rema-Kalenga Wildlife Sanctuary of Bangladesh
সময়কাল (Duration)	ঃ	২০১৯-২০২০ হতে ২০২১-২০২২
উদ্দেশ্য		
ক) রেমাকোলেঙ্গা বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার বৃক্ষ, বীরুৎ, গুল্ম ও লতাজাতীয় গাছের একটি তালিকা প্রনয়ণ করা।		
খ) রেমাকোলেঙ্গা বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার বিভিন্ন আবাসস্থলের বৃক্ষ প্রজাতির রিজেনারেশন অবস্থা নির্ণয় করা।		
গ) রেমাকোলেঙ্গা বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার রিজেনারেশনের তথ্য উন্নত ও সমৃদ্ধ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>হবিগঞ্জ জেলার চুনাকুয়াট উপজেলায় অবস্থিত রেমা-কেলেঙ্গা বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকার উদ্ভিদরাজি জরিপের তথ্য, উপাত্ত এবং উদ্ভিদের সংখ্যা নির্ণয়ের জন্য ২০মি. x ২০মি. গাইজের সর্বমোট ৬৪টি গবেষণা প্লট এবং রিজেনারেশনের অবস্থা নির্ণয়ের জন্য ২মি. x ২মি. সাইজের ৬৪টি সাব-প্লট তৈরি করা হয়েছে। প্লটগুলো হতে ৬৩ প্রজাতির বৃক্ষ পাওয়া গেছে এর মধ্যে গর্জন (<i>Dipterocarpus turbinatus</i>), হারগাজা (<i>Dillenia pentagyna</i>), ঢাকিজাম (<i>Syzygium grandis</i>), চাপালিশ (<i>Artocarpus chama</i>), পুঁতিজাম (<i>Syzygium fruticosum</i>), বহেরা (<i>Terminalia bellirica</i>), তুন (<i>Toona ciliata</i>) এবং শেওড়ার (<i>Streblus asper</i>) আধিক্য সবচেয়ে বেশি। প্লটগুলো হতে ৪৬টি উদ্ভিদ প্রজাতির রিজেনারেশন পাওয়া গেছে এর মধ্যে পর্যায়ক্রমে গর্জন, হারগাজা, চাপালিশ, পুঁতিজাম, তুন এর রিজেনারেশনের হার সবচেয়ে বেশি। গবেষণার জন্য প্লটগুলো হতে বৃক্ষের ডিবিএইচ (Diameter at Breast Height) এবং বৃক্ষ, বীরুৎ ও গুল্ম জাতীয় উদ্ভিদের সংখ্যা নির্ণয়সহ গবেষণার জন্য প্রয়োজনীয় তথ্য, উপাত্ত সংগ্রহ করা হয়েছে। এছাড়া ট্রানজেক্ট ওয়ার্ক পদ্ধতিতে ৭২টি (২৮টি বৃক্ষ, ১৯টি বীরুৎ, ১৪টি গুল্ম এবং ১১টি লতা জাতীয়) উদ্ভিদ নমুনার তালিকা তৈরি করা হয়েছে। প্লটগুলো হতে ফল, ফুলসহ ৬৮টি উদ্ভিদ নমুনা সংগ্রহ করা হয়েছে এবং সংগৃহীত উদ্ভিদ নমুনাগুলোর মধ্যে ৬২টি উদ্ভিদ নমুনা শনাক্তকরণ করা হয়েছে এবং ৪৮টি উদ্ভিদ নমুনা মাউন্টিং ও লেবেলিংসহ পরিবার ভিত্তিক হারবেরিয়ামে সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া পূর্বে সংগৃহীত উদ্ভিদ নমুনাগুলো পোকা ও ছত্রাকের আক্রমণ হতে রক্ষা করার জন্য কর্পূর ও ন্যাপথ্যালিন প্রয়োগ করা এবং ডিপফ্রিজিং এর মাধ্যমে সংরক্ষণ করা হয়েছে।</p>		



চিত্রঃ রেমাকোলেঙ্গা বন্যপ্রাণী অভয়ারণ্যের অভ্যন্তরে গবেষণা প্লট স্থাপন, তথ্য, উপাত্ত ও উদ্ভিদ নমুনা সংগ্রহ



চিত্রঃ রেমাকোলেশার অভ্যন্তরের দৃশ্য



চিত্রঃ রেমাকোলেশা হতে সংগৃহীত উদ্ভিদ নমুনার মাউন্টিং

প্রভাব : সঠিক প্রজাতির উদ্ভিদ চিহ্নিত করা যাবে যা ভবিষ্যতে টেকসই ভূমি ও জীববৈচিত্র্যের ব্যবস্থাপনা বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং ন্যাশনাল পার্ক ও বন্যপ্রাণী অভয়ারণ্যের ব্যবস্থাপনা, হারানো উদ্ভিদের পুনরুদ্ধার ও গাছের রিজেনারেশন সম্পর্কিত তথ্য উন্নত ও সমৃদ্ধ হবে।

উপকারভোগী : বন বিভাগ, জীববৈচিত্র্য সংরক্ষণ বিষয়ে কর্মরত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, স্থানীয় জনগণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেণিবিন্যাসতত্ত্ববিদ।

বন অর্থনীতি বিভাগ

১.স্টাডির নাম	:	Valuation of Ecosystem Services in Sitakunda Botanical Garden and Eco-park, Chattogram
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ থেকে ২০২১-২০২২
উদ্দেশ্য	:	
ক) সীতাকুন্ড বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্কের বনজ সম্পদ পরিমাপ করা।		
খ) পার্কে Ecosystem চিহ্নিত সেবাসমূহের (Provisioning, Regulatory, Cultural and Support) অর্থনৈতিক মূল্যায়ন করা।		
গ) বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্কের উপর স্থানীয় জনগোষ্ঠীর জীবন-জীবিকা নির্ভরতার মান নির্ধারণ করা।		
ঘ) বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্কের পরিসেবাসমূহ বজায়/ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্কের মোট এরিয়া ৮০৮ হেক্টর। Reconnaissance survey বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্কের পরিচালক, রেঞ্জ অফিসার, বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্কের এবং পরিচালক আইএফইএস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম এর পরামর্শ সাপেক্ষে সমাপ্ত করা হয়। Key Informants Interview (KII) তথ্য-উপাত্তসংগ্রহ করা হয় ৫০ জন বিভিন্ন শ্রেণী পেশার ব্যক্তির (যেমন সহকারি কমিশনার (ভূমি), উপজেলা আবহাওয়া অফিস, উপজেলা নির্বাচন অফিসার, সীতাকুন্ড উপজেলা চিফ ইঞ্জিনিয়ার, সীতাকুন্ড পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী, রাজনৈতিক নেতা, এনজিও কর্মীরা এবং গ্রামের কিছু সাধারণ ব্যক্তিবর্গ ইত্যাদির) নিকট হতে। ভোটার তালিকা হতে ৩০০ জন উত্তরদাতা নির্ধারণ করা হয়। বোটানিক্যাল গার্ডেন এবং ইকো-পার্ক হতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কী কী পরিবেশগত সুবিধা পান ইকো-পার্ক সংলগ্ন গ্রামগুলো তা সনাক্ত করা হয়। বিভিন্ন করাতকল মালিক এবং কাঠ ব্যবসায়ীদের নিকট হতে গোল কাঠ এবং জ্বালানী কাঠের সাইজ এবং মানের ভিত্তিতে বাজারদর সংগ্রহ করা হয়। 		

টেবিল ১ বোটানিকাল গার্ডেন এবং ইকো-পার্ক হতে কি কি ধরণের পরিষেবা প্রদান করে থাকে তা নিম্নে ছকে উল্লেখ করা হলো।
(Following Ariane Amin et al. / Natural Resources Forum 39 (2015) 97–109)

Ecosystem পরিষেবার	পরিষেবার ধরণ	পরিষেবার অস্তিত্ব (%)	
		হ্যাঁ	না
প্রোভেশনারি সার্ভিস/পরিষেবা	খাদ্য	১০০	০০
	কাঠ	১০০	০০
	জ্বালানী কাঠ এবং পশুর খাদ্য	১০০	০০
	এনএফটিপি (বাঁশ, বেত, ছন ইত্যাদি.)	১০০	০০
	ঔষধি প্রজাতি	১০০	০০
	জেনেটিক রিসোর্স	৭৫	২৫
	বন্যপ্রাণী শিকার	২০	৮০
	শোভাময় সম্পদ	৩০	৭০
	পাথর সংগ্রহ	১০	৯০
	কৃষি জমি	০০	১০০
	পানি পান	৪০	৬০
কালচারাল সার্ভিস/পরিষেবা	বিনোদন ও পর্যটন	১০০	০০
	পর্যটন পেশা	১০০	০০
	সাংস্কৃতিক হেরিটেজ	১০০	০০
	শান্তি এবং স্থিতিশীলতা	৪০	৬০
	নান্দনিক মান	১০০	০০
	শিক্ষা ও গবেষণা	১০০	০০
	মানসিক সুস্থতা এবং স্বাস্থ্য	৭৫	২৫
	আধ্যাত্মিক এবং ধর্মীয় অভিজ্ঞতা	১০০	০০
রেগুলেটিং সার্ভিস/পরিষেবা	জলবায়ু নিয়ন্ত্রণ (বৃষ্টিপাত, তাপমাত্রা ইত্যাদি)	৪০	৬০
	প্রাকৃতিক দুর্যোগ নিয়ন্ত্রণ	৪০	৬০
	ভূমিক্ষয় এবং উর্বরতা নিয়ন্ত্রণ	১০০	০০
	জলের অনুপ্রবেশ	১০০	০০
	খোলা বাতাস	৮০	২০
	কার্বন নিঃসরণ	১০০	০০
সাপোর্টিং সার্ভিস/পরিষেবা	জীববৈচিত্র্য সংরক্ষণ	১০০	০০
	ভূমির গঠন	৬০	৪০
	নাসারি Habitat সুরক্ষা	১০০	০০
	পুষ্টি পূর্ণচক্রায়ন	৬০	৪০
	প্রজাতিইন্টার অ্যাকশন	৪০	৬০
	পরাগায়ন নিয়ন্ত্রণ	৮০	২০
	কীটপতঙ্গ ও রোগ- বালায় নিয়ন্ত্রণ	৮০	২০
	বীজ ছত্রভঙ্গ নিয়ন্ত্রণ	৩০	৭০

সীতাকুন্ড বোটানিকাল গার্ডেন এবং ইকো-পার্ক ৩৩টি পরিষেবার মধ্যে ৩২টি পরিষেবা বিদ্যমান আছে, যার মধ্যে প্রথম ২০টি পরিষেবা বেশি গুরুত্বপূর্ণ এবং অবশিষ্ট পরিষেবাগুলো তদপেক্ষা কম গুরুত্বপূর্ণ। উপরোক্ত পরিষেবা গুলি সীতাকুন্ড বোটানিকাল গার্ডেন এবং ইকো-পার্কের সমস্ত Ecosystem পরিষেবার মূল্যায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রভাব : উল্লেখিত এলাকায় বসবাসকারী জনসাধারণের জীবন যাত্রার মান বৃদ্ধি পাবে এবং পরিবেশ দূষণ কমিয়ে জলবায়ু পরিবর্তনে সহায়ক ভূমিকা রাখবে।

উপকারভোগীঃ বনবিভাগ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষক, ব্যক্তি মালিকানাধীন বাগান মালিক, বিভিন্ন সরকারি এবং বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান।



চিত্রঃ আবহাওয়া অফিস হতে তথ্য-উপাত্ত সংগ্রহ।



চিত্রঃ পার্ক সংলগ্ন বসবাসকরী জনসাধারণ হতে তথ্য-উপাত্ত সংগ্রহ।

২.স্টাডি়র নাম	ঃ	Economic Impact Assessment of Treated Rubber Wood (<i>Heveabrasiliensis</i>) in Bangladesh.
সময়কাল (Duration)	ঃ	২০১৯-২০ হতে ২০২০-২১
উদ্দেশ্য	ঃ	
ক) বিভিন্ন এলাকা ও অর্থবছরের পরিপক্ব বয়সের রাবার বাগান বৃক্ষের ভলিয়াম প্রাক্কলনকরণ		
খ) বিগত অর্থবছরসমূহে কর্তনকৃত রাবার বৃক্ষ হতে সংগ্রহীত মূল্যবান কাঠের পরিমাণ সংগ্রহকরণ		
গ) রাবার উড হতে রূপান্তরিত মূল্যবান কাঠের সাথে ইতিপূর্বে ব্যবহৃত রাবার বৃক্ষের জ্বালানী কাঠের আপেক্ষিক লাভালাভ নিরূপণ		
ঘ) রূপান্তরিত মূল্যবান কাঠে ধারণকৃত জৈব কার্বনের পরিমাণ নিরূপণ।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর আওতাধীন রাবার চাষ ও উন্নয়ন এবং কাঠের যথাযথ ব্যবহার বিষয়ে কার্যক্রম পরিচালিত হয়। রাবার বৃক্ষের অর্থনৈতিক জীবনচক্র হারানো বাগানের কাঠ ইতিপূর্বে জ্বালানী হিসাবে ব্যবহৃত হত। ফার্নিচার উডের ক্রমবর্ধমান চাহিদা ও সময়ের দাবির প্রেক্ষিতে বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট রাবার উডকে ফার্নিচার উডে রপান্তরের প্রযুক্তি উদ্ভাবন করে। উদ্ভাবিত প্রযুক্তি প্রয়োগের ফলে ইতিপূর্বে ব্যবহৃত জ্বালানী কাঠের উল্লেখযোগ্য অংশ ফার্নিচার উডে রূপান্তরিত করা সম্ভব হয়। এ ফার্নিচার বর্তমানে marketing হচ্ছে। রাবার উডকে ফার্নিচার উডে রূপান্তরের ফলে জ্বালানী কাঠের বাজার মূল্যের দশগুণেরও অধিক মূল্য এ উডের সাথে সংযোজিত হয়েছে। ফার্নিচারে ব্যবহারের ফলে রাবার উডে ধারণকৃত জৈব কার্বনের পরিমাণ নিরূপণ করা হয়। অতএব, ব্যবহৃত রাবার উডের প্রযুক্তি উদ্ভাবনের পূর্বে ও পরের প্রেক্ষাপটে রাবার বাগানের তুলনামূলক অর্থনৈতিক মূল্যায়নে এ Study টি গ্রহণ করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে পরিচালিত সমীক্ষায় দেখা যায় যে চলমান ৫ (পাচ) অর্থবছরে (২০১৪-২০১৫ হতে ২০১৮-২০১৯) সিলেট রাবার জোনে ১৯৬৭ হতে ১৯৮৯ খ্রি. সময়কালের মধ্যে ১৩টি স্বতন্ত্র বছরে সৃজিত ১০৫৩ হেঃ রাবার বাগান এবং টাংগাইল রাবার জোনে ১৯৮৭ হতে ১৯৯৪ খ্রি. সময়কালের মধ্যে ৩টি স্বতন্ত্র বছরে সৃজিত ৩০১ হেঃ রাবার বাগান কর্তন করার পরিকল্পনা নেয়া হয়।</p> <p>সিলেট রাবার বিভাগ আওতাধীন ভাটেরা, রূপাইচড়া, সাতগাঁও ও সাহাজি বাজার রাবার গার্ডেন এবং টাংগাইল রাবার বিভাগ আওতাধীন চাঁদপুর, সন্টোষপুর ও পীরগাছা রাবার গার্ডেন হতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। সৃজিত বাগান হতে সংগ্রহীত তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রয়োজনীয় Variable generate করে Stratified Random Sampling Technique প্রয়োগ পূর্বক রাবার বৃক্ষের বাগানে মোট উৎপাদিত সম্পদের বিভিন্ন প্যারামিটারের মানসহ আদর্শ বিচ্যুতির (SE) মান নিরূপণ করা হয়। সিলেট ও টাংগাইলে সমীক্ষাকৃত বাগানে মোট বৃক্ষের মজুদ সংখ্যা এবং এর আদর্শ বিচ্যুতি (SE) সহ কর্তনযোগ্য বাগানে যথাক্রমে ১৮৬.৫৮ (SE±১৩.৬৪) হাজার ও ৭৬.৩০ (SE±২.৫৬) হাজার। কর্তনযোগ্য মোট বাগানের মোট বৃক্ষের Biomass, Tree volume, Treatable timber volume ও শোষিত হিনহাউস (CO₂) গ্যাসের পরিমাণ সিলেট রাবার</p>		

বাগানে যথাক্রমে ১১৩.৩৩ (SE±৭.৩৪) হাজার টন, ১৪৬.৯৭ (SE±১২.৩৫) হাজার ঘন মিটার, ৬২.২০ (SE±২.৬৬) হাজার ঘন মিটার ও ৮৩.১২ (SE± ১৬.১২) হাজার মেট্রিক টন এবং টাংগাইল রাবার বাগানে ২৯.১৫ (SE±১.৫৪) হাজার টন, ৩৭.৪৭ (SE±১.৯১) হাজার ঘন মিটার, ১৪.১১ (SE±০.৮৬) হাজার ঘন মিটার ও ৩৬.৯৩ (SE± ২.১২) হাজার মেট্রিক টন নিরূপণ করা হয়।



চিত্রঃ সিলেট জোনের মাঠ পর্যায়ের তথ্য-উপাত্ত সংগ্রহ

সিলেট ও টাংগাইল সমীক্ষাকৃত বাগানের রাবার বৃক্ষের কাঠে প্রযুক্তি প্রয়োগবিহীন থাকলে জ্বালানী হিসাবে টাকা যথাক্রমে ১০২ মিলিয়ন ও ২৬ মিলিয়ন নিট রাজস্ব আয় পাওয়া যেত কিন্তু রাবার উদে প্রযুক্তি ব্যবহারের ফলে মূল্যবান কাঠসহ জ্বালানীর টাকা যথাক্রমে ১১৮৭ মিলিয়ন ও ২৬২ মিলিয়ন নিট রাজস্ব আয় অর্জন করার সম্ভাবনা রয়েছে।

বিগত ৫ (পাঁচ) অর্থবছরে (২০১৪-১৫ হতে ২০১৮-১৯) মধ্যে ২০১৭ খ্রি. মৌলভীবাজার Treatment plant স্থাপিত হয়ে ৮৮৯.০১ ঘন মিটার মাত্র মূল্যবান কাঠ প্রক্রিয়াকরণ করা হয়।



চিত্রঃ টাংগাইল জোনের রাবার গার্ডেনের মাঠ পযায়ের তথ্য-উপাত্ত সংগ্রহ

প্রভাব : রাবার বাগান হতে কর্তনকৃত রাবার উড ইতিপূর্বে শতভাগ জ্বালানি হিসাবে ব্যবহৃত হত। বর্তমানে এ কাঠের উল্লেখযোগ্য পরিমাণ অংশ মূল্যবান কাঠে রূপান্তরিত হওয়ায় কাঠের বাজার তুলনামূলকভাবে সমৃদ্ধ হচ্ছে এবং যার ফলে রাজস্ব আয় প্রায় ১১ (এগার) গুণ বৃদ্ধি পেয়েছে। জ্বালানির পরিবর্তে অংশ বিশেষ মূল্যবান কাঠে রূপান্তরিত হওয়ায় গ্রিনহাউস (CO₂) গ্যাস নির্গমন হ্রাস পাবে, ফলে পরিবেশ উন্নত হবে।

উপকারভোগী : BFIDC, বনবিভাগ, ব্যক্তিগত বাগান মালিক ও NGO।

৩.স্টাডির নাম	:	Impact Analysis of "Nursery Pest and Disease Management" Technology of Bangladesh Forest Research Institute (BFRI).
সময়কাল (Duration)	:	২০১৮-২০১৯ থেকে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	
ক) নার্সারিতে রোগ বালাই ব্যবস্থাপনার কারণে অর্থনৈতিক প্রভাব নিরূপণ।		
খ) এ প্রযুক্তির অভিযোজন বিষয়ে সংশ্লিষ্টদের দৃষ্টিভঙ্গি নিরূপণ।		
গবেষণা ফলাফল (Findings)		
এ স্টাডির তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সাতক্ষীরা জেলা সদর ও কলারোয়া উপজেলা এবং যশোর জেলা সদর ও মনিরামপুর উপজেলা নির্বাচন করা হয়। দেশে কোভিড-১৯ মহামারির অনিবার্য কারণে নির্বাচিত স্টাডি এলাকায় নার্সারি ব্যবসায় সম্পৃক্তদের সাথে কাজিত মাত্রার তথ্যাদি সংগ্রহ করা সম্ভব হয়নি। প্রতি জেলার ৪০ জন নার্সারি মালিকের তথ্যাদি সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্যাদির ফলাফল নিম্নরূপঃ		
নির্বাচিত স্টাডি এরিয়ার নার্সারি ব্যবসায়ীদের গড় বয়স ৪৩ বছর, ব্যবসা পরিচালনার সময়কাল প্রায় ২২ বছর, নার্সারিতে বিদ্যমান গড় জমির পরিমাণ ১.৮৮ একর। একর প্রতি নার্সারিতে উত্তেলিত চারার সংখ্যা প্রায় ২৭,০০০, পোকা দমনে কীটনাশক খরচ মোট বিনিয়োগ ব্যয়ের ২.১০%।		
নার্সারি ব্যবস্থাপনা প্রশিক্ষণ উত্তর চারা মৃত্যুর হার হ্রাস (সাতক্ষীরা-১০.২% ও যশোর-১১.০%) ১০.৬%, কীটনাশক ব্যবহার হ্রাস (সাতক্ষীরা-৩০.৮ ও যশোর-২৫.৯) ২৮.৩৫% এবং মোট বিনিয়োগ ব্যয়ের কীটনাশক খরচ হ্রাস (সাতক্ষীরা -০.৫৩% ও যশোর - ০.৬৪%) ০.৫৮%।		
অর্থনৈতিক বিশ্লেষণের ফলাফলে দেখা যায় যে,		
প্রশিক্ষণের পূর্বে বর্তমান সময়ে একর প্রতি বিনিয়োগ খরচ (সাতক্ষীরা-৬৯৮ হাজার ও যশোর -৭১৮ হাজার) ৭০৮ হাজার টাকা কিন্তু প্রশিক্ষণ উত্তর সময়কালে এ খরচ (সাতক্ষীরা-৬৯৫ হাজার ও যশোর -৭১৩ হাজার) ৭০৪ হাজার টাকা।		
প্রশিক্ষণের পূর্বে বর্তমান সময়ে একর প্রতি নিট লাভ (সাতক্ষীরা-৪৭১ হাজার ও যশোর -৪১৬ হাজার) ৪৪৪ হাজার টাকা কিন্তু প্রশিক্ষণ উত্তর সময়কালে নিট লাভ (সাতক্ষীরা-৬৬৯ হাজার ও যশোর -৫৮৩ হাজার) ৬২৬ হাজার টাকা।		
প্রশিক্ষণের পূর্বে আয়-ব্যয় অনুপাত (সাতক্ষীরা-১.৬৭ ও যশোর -১.৫৮) ১.৬৩ কিন্তু প্রশিক্ষণ উত্তর সময়কালে এ অনুপাত (সাতক্ষীরা- ১.৯৬ ও যশোর -১.৮২) ১.৮৯।		



চিত্রঃ সাতক্ষীরা জেলার নার্সারি ব্যবসায়ি থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ



চিত্রঃ যশোর জেলার নারসারী ব্যবসায়ী থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ

সুতরাং নারসারী ব্যবস্থাপনায় কার্যকর প্রশিক্ষণ প্রদানের ফলে স্টাডি এরিয়ায় সার্বিকভাবে পূর্বের তুলনায় শতকরা (সাতক্ষীরা-৪২ ও যশোর -৪০) ৪১ ভাগ মুনাফা অর্জন বৃদ্ধি পায়।

প্রভাব : প্রশিক্ষণ উত্তর নারসারীর যথাযথ ব্যবস্থাপনার কারণে নারসারিতে চারা মৃত্যুর হার এবং কীটনাশক ব্যবহার হ্রাস পেয়েছে। বিনিয়োগ খরচও স্বল্প পরিমাণ হ্রাস পায়। যার ফলশ্রুতিতে নারসারী ব্যবসায়ীর মুনাফা পূর্বের তুলনায় গড়ে ৪১ ভাগ বৃদ্ধি পায় এবং কীটনাশক ব্যবহার হ্রাসের কারণে স্ব স্ব এলাকার পরিবেশ তুলনামূলকভাবে সমৃদ্ধ হবে।

উপকারভোগী : বন বিভাগ, নারসারী ব্যবসায়ী, ব্যক্তিগত বনায়নকারী, এন জি ও, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, নীতি প্রনয়নকারী ইত্যাদি।

বন ইনভেন্টরী বিভাগ

১.স্টাডি়র নাম	ঃ	Growth, Yield and Carbon Storage of Rubber tree, (<i>Hevea brasiliensis</i> . Muell Arg.) Plantations in Bangladesh
সময়কাল (Duration)	ঃ	২০২০-২০২১ হতে ২০২১-২০২২
উদ্দেশ্য	ঃ	
ক) দেশের বিভিন্ন বনাঞ্চলে সৃজিত রাবার গাছের বর্ধন ও উৎপাদন হার নির্ণয়ে সাইট ইনডেক্স গাইড সমীকরণ নির্ণয়।		
খ) রাবার গাছের বর্ধন ও উৎপাদন হার নির্ণয়।		
গ) রাবার গাছের আবর্তনকাল নির্ণয়।		
ঘ) রাবার গাছের কার্বনের পরিমাণ নির্ণয়।		
গবেষণা ফলাফল (Findings)		
রাবার গাছের বর্ধন ও উৎপাদন হার নির্ণয়ের গাণিতিক সমীকরণ নির্ধারণ কাজ চলমান।		

সারণী-১:কক্সবাজারের রামু বান্দরবানের নাইক্ষ্যংছড়ি এবং চট্টগ্রামের দাতামারা রাবার বাগান হতে গাছের বর্ধন ও উৎপাদন হার নির্ণয়ে অস্থায়ী নমুনা প্লট হতে সংগৃহিত উপাত্তের সারসংক্ষেপ

স্থান	বয়স(বছর)	গাছের সংখ্যা	গড় ব্যাস (সে.মি.)	গড় উচ্চতা(মি.)	বার্ষিক গড় বৃদ্ধি	
					ব্যাস (সে.মি.)	উচ্চতা (মি.)
রামু	১৫	১৮৮	১৭.৫৬	১২.৭২	১.১৭	০.৮৫
	২৬	১৪৬	২০.৪৭	১৩.১৮	০.৭৯	০.৫১
	১৩	১৬২	১৯.১৭	১৩.৩৯	১.৪৭	১.০৩
	১৪	১৫৫	১৭.৫১	১১.৪৮	১.২৫	০.৮২
	১৬	১৬২	১৯.০৬	১৪.৬৬	১.১৯	০.৯২
	১৮	১১০	২০.১৮	১৪.৭৬	১.১২	০.৮২
	৬	১৬	১১.২৩	৯.৭৮	১.৮৭	১.৬৩
	৫	৬৫	১১.৭৭	১০.২২	২.৩৫	২.০৪
	৭	৮২	১২.৪১	১০.৯৪	১.৭৭	১.৫৬
	৮	৭৯	১২.৯৬	১০.৩৪	১.৬২	১.২৯
নাইক্ষ্যংছড়ি	২৮	৮৩	২৬.৬৯	১৮.৪০	০.৯৫	০.৬৬
	২৬	৯৩	২৫.২২	২০.৭৪	০.৯৭	০.৮০
	২৭	৮৮	২৮.৩৪	২০.৮৬	১.০৫	০.৭৭
	২৫	৯৬	২৩.৪০	১৯.৩১	০.৯৪	০.৭৭
	২৩	১০০	২০.৭৭	১৭.৮৯	০.৯০	০.৭৮
	৩৫	৬৩	৩৮.৪৪	২১.২২	১.১০	০.৬১
	৪	১২০	১২.২৪	১০.৮৭	৩.০৬	২.৭২

হেয়াকো	২৮	৯১	৩২.১৭	১৩.৭৭	১.১৫	০.৪৯
	২৭	১১১	৩৩.৯৮	১৬.২৫	১.২৬	০.৬০
	১৭	১৪৭	২১.৫৫	১৫.৫৬	১.২৭	০.৯২
	১৬	১৫৯	১৮.৯৭	১৫.২৭	১.১৯	০.৯৫
	১৫	১৫২	১৭.৭৯	১৫.২৩	১.১৯	১.০২
	১৩	১৬৪	১৮.৮৭	১৩.৮১	১.৪৫	১.০৬
	১১	১৬৫	১৬.০৭	১২.৭৬	১.৪৬	১.১৬
	১০	১৭৬	১৫.৭৭	১২.৬৩	১.৫৮	১.২৬
	৬	১৭২	৯.৫৫	৮.৮৭	১.৫৯	১.৪৮



চিত্রঃ বান্দরবান, কক্সবাজার এবং চট্টগ্রাম হতে রাবার গাছের বর্ধন ও উৎপাদন হার নির্ণয়ে অস্থায়ী নমুনা প্লট হতে উপাত্ত সংগ্রহ

প্রভাব : রাবার গাছের বয়স জানা থাকলে তাদের বর্ধন ও উৎপাদন হার নির্ণয় করা যাবে।


উপকারভোগী : বাংলাদেশ বন বিভাগ, রাবার চাষী, গবেষক, বিশ্ববিদ্যালয়ের গবেষক ও শিক্ষার্থী।

২.স্টাডি়র নাম	:	Tree Resource Assessment and their Growth and Yield Performance of Homestead in the Northern Parts of Bangladesh.”
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ থেকে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক) গ্রামীণ জনপদে জীব বৈচিত্র্যের বর্তমান অবস্থা মূল্যায়ন।		
খ) বিভিন্ন প্রজাতি বৃক্ষের বয়স ও আকৃতি ভিত্তিক শ্রেণিবিন্যাস নির্ণয়।		
গ) বসত বাড়িতে কার্বনের পরিমাণ নির্ণয়।		
গবেষণা ফলাফল (Findings)		
কোভিড-১৯ এর কারণে ফিল্ড ডাটা সংগ্রহ করা সম্ভব হয়নি।		
প্রভাব : বসত বাড়িতে ভূমির বহুমুখী ব্যবহারের কৌশল ও গ্রামীণ বনজ সম্পদ ব্যবস্থাপনা উন্নয়নের কৌশলসমূহ নির্ধারণ কর যাবে।		
উপকারভোগী : গ্রামীণ বসতবাড়ির অংশীজন, বাংলাদেশ বন বিভাগ, নীতিনির্ধারক, গবেষক, কাঠ ব্যবসায়ী, বিশ্ববিদ্যালয়সমূহ, বন বিষয়ক গবেষক ও এনজিওসমূহ।		

বন রক্ষণ বিভাগ

১. স্টাডির নাম	:	Biological Control of Bacterial and Fungal Diseases of Three Medicinal Plants [Ghritkumari (<i>Aloe barbadensis</i>), Bashok (<i>Adhatoda vasica</i>) and Kalmegh (<i>Andrographis paniculata</i>)] in Bangladesh.
সময়কাল (Duration)	:	২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	
<p>১) বাংলাদেশে প্রধান চাষাবাদকৃত এলাকায় তিনটি ঔষধী উদ্ভিদের রোগের প্রাদুর্ভাব জানার জন্য জরিপ কার্য পরিচালনা করা এবং রোগের জন্য দায়ী জীবাণু শনাক্ত করা।</p> <p>২) ব্যাকটেরিয়া এবং ছত্রাকঘটিত রোগ নিয়ন্ত্রণের জন্য জৈব নিয়ন্ত্রক এজেন্ট (ব্যাকটেরিয়া এবং ছত্রাক) শনাক্ত করা।</p> <p>৩) তিনটি ঔষধী উদ্ভিদের ব্যাকটেরিয়া এবং ছত্রাকঘটিত রোগ দমনের যথাযথ নিয়ন্ত্রণ ব্যবস্থা উদ্ভাবন করা।</p>		
গবেষণা ফলাফল (Findings)		
<p>১) ঘৃতকুমারির লিফ স্পট রোগের জন্য দায়ী জীবাণু <i>Curvularia lunata</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>২) ঘৃতকুমারীর রুট রট রোগের জন্য দায়ী ছত্রাক <i>Fusarium sp.</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>৩) ঘৃতকুমারীর বাসাল স্টেম রট রোগের জন্য দায়ী ছত্রাক <i>Fusarium oxysporium</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>৪) ঘৃতকুমারীর সফট রট রোগের জন্য দায়ী ছত্রাক <i>Pectobacterium chrysanthemi</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>৫) বাসকের রুট রট রোগের জন্য দায়ী জীবাণু <i>Fusarium oxysporium</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>৬) কালোমেঘের বুট রট এবং স্টেম রট রোগের জন্য দায়ী জীবাণু <i>Fusarium oxysporium</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>৭) বাসকের ডাই-ব্যাক রোগের জন্য <i>Colletotrichum</i> শনাক্ত করা হয়েছে।</p> <p>৮) ল্যাভরেটরি পর্যায়ে বিভিন্ন প্রজাতির জৈব নিয়ন্ত্রক ছত্রাক এবং ব্যাকটেরিয়া শনাক্তকরণের কাজ চলমান আছে।</p> <p>৯) তিনটি ঔষধি গাছের গুরুত্বপূর্ণ রোগের মাইসেলিয়ামের বৃদ্ধির প্রতিবন্ধকতা সৃষ্টির লক্ষ্যে <i>Trichoderma</i> এর সাতটি স্ট্রেন viz. <i>T. viride</i> (BOGT-1), <i>T. virens</i> (BOGT-2), <i>T. harzianum</i> (BOGT-3), <i>T. koningii</i> (GAIT-4), <i>T. harzianum</i> (GAIT-5), <i>T. harzianum</i> (BFRIT-6) এবং <i>T. harzianum</i> (BFRIT-7) এর কার্যকারিতা যাচাই করা হয়েছে। এর মধ্যে <i>T. viride</i> (BOGT-1), <i>T. harzianum</i> (GAIT-5) and <i>T. harzianum</i> (BFRIT-6) বেশি কার্যকর দেখা গেছে।</p> <p>১০) ল্যাভরেটরি পর্যায়ে <i>Alternaria alternata</i> ছত্রাকের মাইসেলিয়ামের বৃদ্ধির ক্ষেত্রে পিএইচ, তাপমাত্রা এবং বিভিন্ন মিডিয়াম এর প্রভাবের কার্যকারিতা যাচাই করা হয়েছে। ফলাফলে দেখা গেছে যে ছত্রাকটি ৫.৫ পিএইচ, ২৫ ° সে. তাপমাত্রা এবং ওটমিল এগার মিডিয়ামে ভালো বৃদ্ধি পায়।</p>		

প্রভাব : সুস্থ সতেজ ঔষধি গাছের উৎপাদন বৃদ্ধি পাবে এবং চাষিরা আর্থিকভাবে লাভবান হবে।
উপকারভোগী : স্থানীয়চাষি, ইউনানী, আয়ুর্বেদিক ও হারবাল চিকিৎসক, গবেষক ও শিক্ষক শিক্ষার্থী।



Different *Trichoderma* strains identified from different habitats

চিত্রঃ বিভিন্ন স্থান/এলাকা থেকে শনাক্তকৃত *Trichoderma* ছত্রাকের বিভিন্ন Strain এর কলোনি



Leaf spot disease symptoms of Alovera




Curvularia lunata on PDA medium

চিত্রঃ ঘৃতকুমারী পাতার দাগ পড়া রোগের লক্ষণ

চিত্রঃ PDA মাধ্যমে রোগের *C.Lunata* জীবানু এর কলোনি




Stem Rot disease symptoms of Alovera



***Fusarium oxysporium* on PDA medium**



Root rot disease symptoms of Alovera



***Fusarium oxysporium* on PDA medium**

২. স্টাডির নাম	:	Neem (<i>Azadirachta indic</i> A. Juss.) Mortality in Northern Part of Bangladesh and its Management
সময়কাল (Duration)	:	২০১৯-২০২০ হতে ২০২১-২০২২
উদ্দেশ্য	:	
ক) নিম চাষাবাদকৃত এলাকায় রোগের প্রাদুর্ভাব এবং ক্ষতির ধরণ নির্ণয়।		
খ) নিম মড়কের কারণ নির্ণয়।		
গ) নিম মড়কের উপযুক্ত নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা উদ্ভাবন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>১। উত্তরাঞ্চলের পাঁচটি এলাকায় নিম গাছের মড়কের হার নিরূপণ করা হয়েছে। জায়গাগুলো হলো রাজশাহী সদর উপজেলার শহর রক্ষা বাঁধ, বাগমারা উপজেলা, গোদাগাড়ী উপজেলা (রাজাবাড়ি হাট) ও মোহনগঞ্জ-তাহেরপুর সড়কের দুধার এবং চাপাইনবাবগঞ্জ জেলা মহারাজপুর উপজেলা। তন্মধ্যে রাজশাহী শহর রক্ষাকারী বাঁধে রোপিত নিম গাছে সর্বাধিক (৯৩.৩৩%) মড়কের হার পরিলক্ষিত হয়েছে।</p> <p>২। নিম মড়কের সাথে সংশ্লিষ্ট ৭টি ছত্রাক শনাক্ত করা হয়েছে ছত্রাকগুলো হলো: <i>Fusarium</i> sp., <i>Colletotrichum gloeosporioides</i>, <i>Botryodiplodia theobromae</i>, <i>Alternaria</i> sp., <i>Aspergillus niger</i>, <i>Cercospora</i> এবং <i>Aspergillus flavus</i>।</p> <p>৩। নিমের পাতা ও ডগার রস শোষণকারী ৩টি পোকামাকড় যেমন: Scale insect, Long snout leaf hopper (<i>Dictyophara</i> sp.) এবং Mosquito bug (<i>Helopeltis</i> sp.) শনাক্ত করা হয়েছে।</p> <p>৪। মাঠ পর্যায়ে নিম মড়কের সাথে সংশ্লিষ্ট ছত্রাক <i>Botryodiplodia theobromae</i> এর প্যাথজেনেসিটি টেস্ট করা হয়েছে এবং ফলাফলে দেখা গেছে যে এই ছত্রাকটি নিমের গামোসিস রোগ সৃষ্টি করে।</p> <p>৫। মাঠ পর্যায়ে নিম মড়কের সাথে সংশ্লিষ্ট ছত্রাক <i>Fusarium</i> sp. এর প্যাথজেনেসিটি টেস্ট করা হয়েছে। ফলাফলে দেখা গেছে যে মাঠ পর্যায়ে এই ছত্রাকটি নিমের শিকড় পচন রোগ সৃষ্টি করে এবং চারার মৃত্যু ঘটায়।</p> <p>৬। মাঠ পর্যায়ে নিম মড়কের সাথে সংশ্লিষ্ট ছত্রাক <i>Colletotrichum gloeosporioides</i> এর প্যাথজেনেসিটি টেস্ট করা হয়েছে। ফলাফলে দেখা গেছে যে এই ছত্রাকটি নিমের পাতায় দাগ ও পচন রোগ সৃষ্টি করে।</p> <p>৭। ল্যাবরেটরি পর্যায়ে নিম গামোসিস রোগের জন্য দায়ী জীবাণু <i>Botryodiplodia theobromae</i> এর মাইসেলিয়াম এর বৃদ্ধি এবং ওজন হ্রাস এর ক্ষেত্রে প্রভাব জানার জন্য ছয়টি রাসায়নিক বাগিঞ্জিক ছত্রাকনাশক যেমন: ইডোফিল (ম্যানকোজেব), রিডোমিল গোল্ড (ম্যানকোজেব), সানভিট (কপার অক্সিক্লোরাইড), কুপ্রাভিট (কপারঅক্সিক্লোরাইড), অটোসটিন (কার্বেনডাজিম) এবং নোইন (কার্বেনডাজিম) ০৫, ১.০, ১.৫ এবং ২.০ মি.গ্রা./লি. মাত্রায় কার্যকারিতা যাচাই করা হয়েছে। ফলাফলে দেখা গেছে যে নোইন ছত্রাকনাশকটি <i>B. theobromae</i> এর ৮৩.১৬% মাইসেলিয়াম এর বৃদ্ধি এবং ৯৩.৬৪% মাইসেলিয়াম এর ওজন হ্রাস করে। অতএব, নোইন ছত্রাকনাশকটি <i>B. theobromae</i> এর মাইসেলিয়াম এর বৃদ্ধি এবং ওজন হ্রাস এর ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করে এবং এ ছত্রাকনাশকটি গামোসিস রোগ নিয়ন্ত্রণের জন্য ব্যবহার করা যেতে পারে।</p> <p>৮। ল্যাবরেটরি পর্যায়ে নিম শিকড় পচন রোগের জন্য দায়ী জীবাণু <i>Fusarium</i> sp., এর মাইসেলিয়াম এর বৃদ্ধি এবং ওজন হ্রাস এর ক্ষেত্রে প্রভাব জানার জন্য ছয়টি রাসায়নিক বাগিঞ্জিক ছত্রাকনাশক যেমন: কুপ্রাভিট (কপার অক্সিক্লোরাইড), রিডোমিল গোল্ড (ম্যানকোজেব), অটোসটিন (কার্বেনডাজিম), ইডোফিল (ম্যানকোজেব), সানভিট (কপার অক্সিক্লোরাইড), এবং নোইন (কার্বেনডাজিম) ০৫, ১.০, ১.৫ এবং ২.০ মি.গ্রা./লি. মাত্রায় কার্যকারিতা যাচাই করা হয়েছে। ফলাফলে দেখা গেছে যে রিডোমিল গোল্ড ছত্রাকনাশকটি <i>Fusarium</i> sp., এর ৮১.৪৯% মাইসেলিয়াম এর বৃদ্ধি এবং ৭৪.৪৫% মাইসেলিয়াম এর ওজন হ্রাস করে। অতএব, রিডোমিল গোল্ড ছত্রাকনাশকটি <i>Fusarium</i> sp., এর মাইসেলিয়াম এর বৃদ্ধি এবং ওজন হ্রাস এর ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করে এবং এ ছত্রাকনাশকটি শিকড় পচন রোগ নিয়ন্ত্রণের জন্য ব্যবহার করা যেতে পারে।</p>		
প্রভাব : সুস্থ-সবল নিমের উৎপাদন এবং কাঁচামাল হিসেবে এর ব্যবহার বৃদ্ধি পাবে।		
উপকারভোগী : বাংলাদেশ বন বিভাগ, এনজিও, স্থানীয় জনগণ ও কৃষক।		



চিত্রঃ রাজশাহী শহর রক্ষা বঁধের দুধারে
রোপিত নিম গাছ



চিত্রঃ আগা শুকিয়ে যাওয়া নিমগাছ



চিত্রঃ পাতা শুকিয়ে যাওয়া ডালপালা



চিত্রঃ শুকিয়ে যাওয়া কচি




চিত্রঃ গাছের কাণ্ডে গামোসিস বা আঠা
ঝরা লক্ষণ



চিত্রঃ শুকিয়ে মরে যাওয়া ডগা এবং
গামোসিস বা আঠা ঝরা লক্ষণ

চিত্রঃ নিম গাছের রোগের বিভিন্ন লক্ষণ



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো আক্রান্ত নিম গাছের নমুনা হতে সনাক্তকৃত বিভিন্ন ধরনের



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো *Fusarium* sp. এর কলোনি



চিত্রঃ *Fusarium* sp. এর কনিডিয়া




চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো *Colletotrichum gloeosporioides* এর কলোনি



৩২ চিত্রঃ *C. gloeosporioides* এর কনিডিয়া




চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো
Botryodiplodia theobromae এর



চিত্রঃ *B. theobromae* এর
কণিডিয়া




চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো
Aspergillus niger এর
কলোনী



চিত্রঃ *Aspergillus niger* এর কণিডিয়া



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো
Aspergillus flavous এর
কলোনী



৩৩

চিত্রঃ *Aspergillus flavous* এর
কণিডিয়া



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো *Alternaria* sp. এর কলোনী



চিত্রঃ *Alternaria* sp. এর কণিডিয়া



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো *Cercospora* এর কলোনী



চিত্রঃ *Cercospora* এর

পিডিএ মিডিয়াম এ জন্মানো নিম মড়কের সাথে সংশ্লিষ্ট ৭ টি ছত্রাক।



চিত্রঃ Scale insect



চিত্রঃ *Dictyophara*



চিত্রঃ *Helopeltis* sp.

চিত্রঃ নিম গাছের মড়কের সাথে সংশ্লিষ্ট পোকা-মাকড়।



চিত্রঃ বন রক্ষণ বিভাগের নার্সারিতে জন্মানো আড়াই বছর বয়সী নিম চারা



চিত্রঃ নিম চারার কাণ্ডে ধারালো ছুরির সাহায্যে বাকল আলগা করণ



চিত্রঃ ইনোকুলেশন নিডিল এর সাহায্যে ৫ মিমি ব্যাস এর *B. theobromae* এর কলোণী "I" আকৃতির শেপ এ স্থাপন



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো ৭ দিন বয়সী *B. theobromae* এর কলোণী



চিত্রঃ বাকল আলগা করণ ও ১ X ২ সে. মি. ব্যাস এর "I" আকৃতির শেপ তৈরী



চিত্রঃ *Botryodiplodia theobromae* এর কলোণী "I" শেপ এ



চিত্রঃ ইনোকুলেটেড অংশটি প্যারাফিল্ম দ্বারা আবৃতকরণ



চিত্রঃ প্যাথোজেন ইনোকুলেট এর ১৫ দিন পর ইনোকুলেটেড অংশ হতে আঠা বরা শুরু বা গামোসিস



আক্রান্ত অংশ হতে নমুনা সংগ্রহ এবং পিডিএ মিডিয়াম এ পুনরায় কালচার



চিত্রঃ নিম গামোসিস এর জন্য দায়ী জীবাণু *Botryodiplodia theobromae* পুনরায় সনাক্তকরণ

চিত্রঃ মাঠ পর্যায়ে নিম গামোসিস এর জন্য দায়ী জীবাণু *B. theobromiae* এর প্যাথজেনেসিটি টেস্ট এর বিভিন্ন পর্যায়।



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো ৭ দিন বয়সী *Fusarium sp.*, ছত্রাক এর কলোণী



চিত্রঃ *Fusarium sp.*, ছত্রাক এর স্পোর সাসপেনশন



চিত্রঃ ফরমালডিহাইড দ্বারা শোধনকৃত মাটি দ্বারা মাটির পট পূরণ



চিত্রঃ স্পোর সাসপেনশন প্রয়োগকৃত টবে ৭দিন পর ৬ মাস বয়সী নিমের চারা রোপন



চিত্রঃ পলিথিন ব্যাগ দ্বারা পট



চিত্রঃ পূরণকৃত পটের মাটিতে *Fusarium sp.*, ছত্রাক এর স্পোর সাসপেনশন প্রয়োগ



চিত্রঃ চারা রোপনের ১৫ দিন পর নিমের চারায় রোগের লক্ষণ প্রকাশ



চিত্রঃ আক্রান্ত



চিত্রঃ আক্রান্ত শিকড় হতে নমুনা সংগ্রহ এবং পিডিএ মিডিয়াম এ পুনরায়



চিত্রঃ অণুবীক্ষণ যন্ত্রে দৃশ্যমান পুনরায় সনাক্তকৃত *Fusarium sp.*, ছত্রাক এর কণিডিয়া



চিত্রঃ *Fusarium sp.*, ৩৬ ছত্রাক পুনরায় সনাক্তকরণ

চিত্রঃ মাঠ পর্যায়ে নিম এর শিকড় পচন রোগের জন্য দায়ী জীবগু *Fusarium sp.*, এর প্যাথজেনেসিটি টেস্ট এর বিভিন্ন পর্যায়।



চিত্রঃ পিডিএ মিডিয়ামে জন্মানো ৭ দিন বয়সী *C. gloeosporioides* ছত্রাক এর কলোণী



চিত্রঃ পটের মাটিতে রোপিত নিম চারায় *C. gloeosporioides* ছত্রাক এর স্পোর সাসপেনশন প্রয়োগ




চিত্রঃ প্যাথোজেন ইনোকুলেটেড করার ১৫ দিন পর নিম চারার পাতায় রোগের লক্ষণ প্রকাশ



চিত্রঃ পলিথিন ব্যাগ দ্বারা পট আবৃতকরণ এবং ৭ দিনের জন্য রেড্রমুক্ত ও তুলনামূলকভাবে ঠান্ডা জায়গায় পট স্থাপন



চিত্রঃ আক্রান্ত পাতা পিডিএ মিডিয়ামে কালচার




চিত্রঃ আক্রান্ত পাতা পুনরায় *C. gloeosporioides* ছত্রাক সনাক্তকরণ



চিত্রঃ অণুবীক্ষণ যন্ত্রের নীচে দৃশ্যমান পূরণায় সনাক্তকৃত *C. gloeosporioides* ছত্রাক এর কণিডিয়া

চিত্রঃ মাঠ পর্যায়ে নিম এর পাতায় দাগ পড়া রোগের জন্য দায়ী ছত্রাক *C. gloeosporioides* এর প্যাথজেনেসিটি টেস্ট এর বিভিন্ন পর্যায়।



চিত্র : *Botryodiplodia theobromae* ছত্রাক এর মাইসেলিয়াম এর বৃদ্ধির ক্ষেত্রে নোইন ছত্রাকনাশক এর প্রভাব (০৫ , ১.০, ১.৫ এবং ২.০ মি.গ্রা./লি. মাত্রায়)।



চিত্র : *Fusarium sp.*, ছত্রাক এর মাইসেলিয়াম এর বৃদ্ধির ক্ষেত্রে রিডোমিল গোল্ড ছত্রাকনাশক এর প্রভাব (০৫ , ১.০, ১.৫ এবং ২.০ মি.গ্রা./লি. মাত্রায়)।

৩. স্টাডির নাম	:	Identification and Evaluation of Entomopathogenic Fungi to Control Lepidopteran Pests of Some Important Forest Tree species [teak (<i>Tectonagrandis</i> L.), koroi (<i>Albizia</i> spp) and agar (<i>Aquilaria malaccensis</i> L.)]
সময়কাল (Duration)	:	২০২০-২১ হতে ২০২৪-২৫
উদ্দেশ্য	:	
ক) সেগুন, কড়ই ও আগর গাছের লেপিডপটেরান পেস্টের উপর এ্যানটমোপ্যাথজেনিক ছত্রাক প্রজাতির জৈব কার্যকারিতা মূল্যায়ন।		
খ) এ্যানটমোপ্যাথজেনিক ছত্রাক এর ব্যাপক মালটিপ্লিকেশন এর ক্ষেত্রে বিভিন্ন সাবস্ট্রেইট এর উপযোগিতা মূল্যায়ন।		
গবেষণা ফলাফল (Findings)		
ক) Entomopathogenic Fungi শনাক্তকরণের কাজ চলমান আছে।		
খ) নার্সারি ব্যবস্থাপনার কাজ চলমান আছে।		
গ) পোকাকার আক্রমণ ও ক্ষতির ধরণ পর্যবেক্ষণের নিমিত্তে নার্সারিতে সেগুন, আগর ও কড়ই এর চারা রোপণ করা হয়েছে।		

প্রভাব :
উপকারভোগী :




চিত্র : পোকাক্রান্ত কড়ই পাতা



চিত্র : সুস্থ কড়ই চারার নার্সারি

ম্যানগ্রোভ সিলভিকালচার বিভাগ

১. স্টাডির নাম	: Vegetation Dynamics and Regeneration Pattern in Relation to Salinity and Siltation of the Sundarban.
সময়কাল (Duration)	: ২০১৬-১৭ হইতে ২০২০-২১
উদ্দেশ্য	:
(ক) সময়ের বিবর্তনে ম্যানগ্রোভ প্রজাতি সমূহের বৃদ্ধি ও চারা জন্মানোর হার নিরূপণ	
(খ) লবণাক্ততা ও পলিপতনের পরিবর্তনের সাথে উদ্ভিজ্জের অবস্থা পর্যবেক্ষণ।	
গবেষণা ফলাফল (Findings)	
সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চল যথা- কম লবণাক্ত অঞ্চল, মাঝারি লবণাক্ত অঞ্চল ও তীব্র লবণাক্ত অঞ্চলে স্থাপিত ৩৩টি স্থায়ী নমুনা প্লট হতে তথ্য-উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণ করা হয়। তথ্য বিশ্লেষণে জানা যায় প্রতি হেক্টরে গড়ে ৩০,০৪০টি বিভিন্ন প্রজাতির চারা জন্মায়। এদের মধ্যে সুন্দরী ২৯.২%, গেওয়া ১১.৬%, গরান ৩৮.৫%, কাঁকড়া ৫.৫%, বাইন ৭.৮%, খলসি ০.৮%, আমুর ১.৫% এবং বাকী অন্যান্য প্রজাতি সমূহ ৫.৫% (চিত্র-১)।	



চিত্র: সুন্দরবনে স্থায়ী নমুনা প্লটে বিভিন্ন প্রজাতির চারা জন্মানোর শতকরা হার।


তথ্য বিশ্লেষণে জানা যায় সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলের মধ্যে কম লবণাক্ত অঞ্চলে প্রতি হেক্টরে গরান প্রজাতির চারা জন্মে সর্বাধিক ৪৫৫টি, মাঝারি লবণাক্ত অঞ্চলে ১৭২৭টি এবং তীব্র লবণাক্ত অঞ্চলে ৩২,৫১৫টি। সুন্দরীর চারা জন্মানোর হার কম লবণাক্ত

অঞ্চলে ২০,৫১৫টি, মৃদু লবণাক্ত অঞ্চলে ৪,৬৯৭টি এবং তীব্র লবণাক্ত অঞ্চলে ১০৯১টি এবং গেওয়া চারা জন্মানোর হার তীব্র লবণাক্ত অঞ্চলে ১,৬৬৭টি, কম লবণাক্ত অঞ্চলে ৫,২৭৩টি এবং মৃদু লবণাক্ত অঞ্চলে ৩,৫১৫টি (চিত্র-২)।




চিত্র: লবণাক্ততার ভিত্তিতে সুন্দরবনে স্থায়ী নমুনা প্লটে বিভিন্ন প্রজাতির চারা জন্মানোর হার।

তথ্য বিশ্লেষণে আরো জানা যায় সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলের মধ্যে কম লবণাক্ত অঞ্চলে প্রতি হেক্টরে মোট চারা জন্মে ৩০,০৩৫টি, মাঝারি লবণাক্ত অঞ্চলে ৩৪,০৪১টি এবং তীব্র লবণাক্ত অঞ্চলে ২৬,০৪৫টি (চিত্র-৩)




চিত্র: সুন্দরবনে স্থায়ী নমুনা প্লটে বিভিন্ন অঞ্চলে হেক্টর প্রতি চারার সংখ্যা।

মে'২০২১ সালে সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলের মাটির গড় p^H কম লবণাক্ত অঞ্চলে ৬.২৪, মাঝারি লবণাক্ত অঞ্চলে ৬.৩৯ এবং তীব্র লবণাক্ত অঞ্চলে ৬.৪৭ পাওয়া গিয়াছে (চিত্র-৪)।



চিত্র: সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলে মাটির গড় p^H মাত্রা।

মে'২০২১ সালে সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলের পানির গড় লবণাক্ততা কম লবণাক্ত অঞ্চলে ২.০০পিপিটি, মাঝারি লবণাক্ত অঞ্চলে ৬.০০পিপিটি এবং তীব্র লবণাক্ত অঞ্চলে ১৩.০০পিপিটি পাওয়া গিয়াছে (চিত্র-৫)।



চিত্র: সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলে পানির গড় লবণাক্ততার মাত্রা।

এছাড়া ম্যানগ্রোভ সিলভিকালচার বিভাগ সুন্দরবনে তিনটি লবণাক্ত এলাকার প্রতিটিতে ১১টি করে মোট ৩৩টি স্থায়ী নমুনা প্লট স্থাপন করেছে। এ সকল স্থায়ী নমুনা প্লট হতে নতুন চারা গজানো এবং ঐ সকল চারা বছরান্তে কি পরিমাণ টিকে আছে তার হিসাব নির্ণয় ও বিশ্লেষণ করা হয়েছে।



চিত্র: পিএসপি যাওয়ার পথে পানিতে হাবুডুবু রত গবেষকগণ



চিত্র: পিএসপি প্লটের তথ্য-উপাত্ত সংগ্রহের তদারকিরত বিভাগীয় কর্মকর্তা, ড. আসম হেলাল সিদ্দীকি

প্রভাব: সুন্দরবনের গাছপালার অতীত, বর্তমান ও ভবিষ্যতের চিত্র পাওয়া যাবে এবং বন ব্যবস্থাপনায় সুদূর প্রসারি ভূমিকা রাখবে।

উপকারভোগী: বন বিভাগ, এনজিও, ছাত্র, শিক্ষক ও গবেষক।

২. স্টাডির নাম	:	Conservation of mangrove species in the three arboretum areas of three salinity zones in the Sundarban (Third phase).
সময়কাল (Duration)	:	২০২০-২১ হইতে ২০২৪-২৫
উদ্দেশ্য	:	
(ক) প্রাকৃতিক অবস্থানের ম্যানগ্রোভ প্রজাতিসমূহ ও সংকটাপন্ন প্রজাতিসমূহের বনায়নের মাধ্যমে সংরক্ষণ করা।		
(খ) হমকির মুখে থাকা ম্যানগ্রোভ প্রজাতি সমূহের বাগান সৃজন করা।		
(গ) সুন্দরবনের জীববৈচিত্র সমৃদ্ধ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
কিরপা, পশুর, বানা, খলসি, আমুর, বকুল কাঁকড়া, আমঢেফুর, মরিচাবাইন, ভাতকাঠি, কাঁকড়া, গরান এবং ধুন্দুল প্রজাতিসমূহের পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়। উক্ত বাগান হতে তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়। প্রাপ্ত তথ্যে জানা যায় তিনটি লবণাক্ত অঞ্চলে কিরপা প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ঢাংমারীতে ৮৮%, মুঙ্গিগঞ্জে ৯০% এবং বগীতে ১৬.৩৩% (টেবিল-১)		

টেবিল-১। সুন্দরবনে তিনটি লবণাক্ত অঞ্চলে কিরপা গাছের বেঁচে থাকা ও বৃদ্ধির হার।

এলাকার নাম	চারা লাগানোর বছর	দূরত্ব								
		১.৫মি. × ১.৫মি.			১.৭৫মি. × ১.৭৫মি.			২মি. × ২মি.		
		গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)
মুন্সিগঞ্জ	২০০৬	৬.৪২	৬.৬১	৫৬.০০	৬.০৩	৬.৩০	৬৫.০০	৬.০৭	৬.৬৬	৭০.০০
	২০০৮	৩.৮০	-	৪০.০০	২.২৪	-	৬৫.০০	২.১২	-	৯০.০০
টাংমারী	২০০৮	১০.২৬	৭.০৭	৬৫.০০	৯.৪৪	৭.০৫	৭০.০০	৮.৫২	৭.৯৬	৮৮.০০
	২০০৬	৪.৬৯	৬.১০	৭০.০০	৫.১৪	৬.০৮	৬৮.০০	৫.৩৫	৬.৫২	৭৫.০০
বগী	২০০৯	৪.৫২	-	১৬.৩৩	-	-	-	-	-	-

সুন্দরবনের বিভিন্ন অঞ্চলের ২০০৮ ও ২০০৯ সালে রোপিত বাইন, সিংড়া, আমুর ও ঝানা প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ৫৩.০৯%, ৮৭.৬৫%, ৭১.১১% ও ০.০৩২% (টেবিল-২)।

টেবিল-২। সুন্দরবনের বিভিন্ন অবস্থানে ম্যানগ্রোভ প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার।

এলাকার নাম	প্রজাতির নাম									
	বাইন		সিংড়া		আমুর			ঝানা		
	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)
টাংমারী	৮.২১	৫৩.০৯	-	-	১.৯৭	-	৬৫.০০	-	-	-
মুন্সিগঞ্জ	-	-	-	-	১.৭৫	-	০.৪৯	৫.৯০	৭.৩০	০.০৩২
বগী	-	-	১.৭১	৮৭.৬৫	৬.৬১	৫.৭৬	৭১.১১	-	-	-

সুন্দরবনের বিভিন্ন অঞ্চলের ২০১১ সালে রোপিত লাল কঁকড়া ও আমঢেকুরের বেঁচে থাকার হার যথাক্রমে ৫৮.৫২% ও ৫৩.৩৩% (টেবিল-৩)।

টেবিল-৩। সুন্দরবনের বিভিন্ন অবস্থানে ম্যানগ্রোভ প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার।

এলাকার নাম	প্রজাতির নাম			
	লাল কাকড়া		আমঢেকুর	
	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)
টাংমারী	-	-	২.০৩	৫৩.৩৩
মুন্সিগঞ্জ	২.৭০	৫৮.৫২	-	-

সুন্দরবনের টাংমারী অঞ্চলে ২০১২ সালে রোপিত কঁকড়া, ধুন্দুল ও ভাতকাঠি প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ৯৪.৩২%, ৪৩.৮৩% ও ৬৫% (টেবিল-৪)।

টেবিল-৪। সুন্দরবনের চাংমারীতে ২০১১ সালে উত্তোলিত ম্যানগ্রোভ প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার।

এলাকার নাম	প্রজাতির নাম												
	কাকড়া		ধুন্দুল		ভাতকাঠি								
	দূরত্ব (১মি.×১মি.)				দূরত্ব (১মি.×১মি.)			দূরত্ব (১.৫মি.×১.৫মি.)			দূরত্ব (২মি.×২মি.)		
	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	গড় বক্ষ উচ্চতা (সেমি.)	টিকে থাকার গড় হার (%)
চাংমারী	২.৯০	৯৪.৩২	২.২৫	৪৩.৮৩	৪.১৭	৫.৪৯	৪০.০০	৩.৮৪	৪.৫৫	৬৫.০০	৩.৭৯	৪.৪৯	৯০.০০

সুন্দরবনের বিভিন্ন অঞ্চলে ২০১৩ সালে রোপিত লাল কাকড়া, ধুন্দুল ও সিংড়া প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ৫১%, ৩০.১২% ও ৮২% (টেবিল-৫)।

টেবিল-৫। সুন্দরবনের বিভিন্ন অবস্থানে ২০১৩ সালে সৃজিত ম্যানগ্রোভ প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার।

এলাকার নাম	প্রজাতির নাম					
	লাল কাকড়া		ধুন্দুল		সিংড়া	
	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)
চাংমারী	২.৪৪	৫১.০০	১.৩৮	৩০.১২	-	-
বগী	-	-	-	-	০.৮২	৮২.০০

সুন্দরবনের বিভিন্ন অঞ্চলে ২০১৫ সালে রোপিত খলসি, ঝানা, পশুর ও সিংড়া প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ৮২%, ৬২%, ৮২% ও ৮২% (টেবিল-৬)।

টেবিল-৬। সুন্দরবনের বিভিন্ন অবস্থানে ২০১৫ সালে উত্তোলিত ম্যানগ্রোভ প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার।

এলাকার নাম	প্রজাতির নাম							
	খলসি		ঝানা		পশুর		সিংড়া	
	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)
চাংমারী	১.৩১	৮২.০০	১.৮৬	৬২.০০	১.৪৩	৮২.০০	-	-
মুন্সিগঞ্জ	০.৭৫	৮২.০০	২.০৫	৬২.০০	৩.৩৪	৭০.০০	-	-
বগী	-	-	-	-	-	-	০.৭৭	৮২.০০

সুন্দরবনের বিভিন্ন অঞ্চলে ২০১৬ সালে রোপিত খলসি, ঝানা, পশুর, সিংড়া, লাল কাকড়া ও ধুন্দুল প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ৯০%, ১১.৮৫%, ৯৫%, ৯০%, ৯৮.৭৭% ও ৯০% (টেবিল-৭)।


টেবিল-৭। সুন্দরবনের বিভিন্ন অবস্থানে ২০১৬ সালে রোপিত ম্যানগ্রোভ প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার।

এলাকার নাম	প্রজাতির নাম											
	খলসি		ঝানা		পশুর		সিংড়া		লাল কাকড়া		খুন্দুল	
	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)	গড় উচ্চতা (মি.)	টিকে থাকার গড় হার (%)
টাংমারী	০.৬৯	৯০.০০	১.২৩	২.২২	১.০৭	৯৫.০০	০.৫০	৯০.০০	-	-	০.৯১	৯০.০০
মুন্সিগঞ্জ	০.৬৪	৬.৪২	১.২৮	১১.৮৫	০.৯৩	৯৩.৮৩	-	-	০.৯২	৯৮.৭৭	০.৯১	৮৬.৪২

প্রভাব : সুন্দরবনের অধিকাংশ গাছপালা একটি স্থানে একত্রিত করা সম্ভব হবে এবং বিলুপ্ত প্রায় ম্যানগ্রোভ প্রজাতি সমূহ সংরক্ষিত হবে। সুন্দরবন ভ্রমণে এসে দর্শনার্থীরা সব ধরনের বৃক্ষ প্রজাতি এক জায়গাতে দেখতে পাবে। এর ফলে জীববৈচিত্র্য বৃদ্ধি পাবে।


উপকারভোগী : বন বিভাগ, এনজিও, ছাত্র, শিক্ষক ও গবেষক।

৩. স্টাডির নাম	:	Impact of Climate Change on Floral Biodiversity in the Sundarban.
সময়কাল (Duration)	:	২০১৯-২০২০ হইতে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক) গাছপালা ও প্রাণী প্রজাতি / জিনগত বৈচিত্র্য সংরক্ষণের পাশাপাশি সুন্দরবনে খাদ্য শৃঙ্খলার ধারাবাহিকতা রক্ষা করা।		
খ) জলবায়ু পরিবর্তনের পাশাপাশি সুন্দরবনে মাটি ও পানির লবণাক্ততার প্রভাব জানা।		
গ) সুন্দরবনের ফুল ফলের বৈচিত্র্য মূল্যায়ন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
তিনটি লবণাক্ততা অঞ্চলে ১০টি করে মোট ৩০ টি অস্থায়ী নমুনা প্লট হতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। প্রতিটি প্লটে ১০মি.×১০মি. (১০০বর্গ মি.) এলাকা জুড়ে রেড পেইন্ট দিয়ে চিহ্নিত করা হয়। প্রতিটি প্লট হতে মাটির ৩" ও ১২" গভীর হতে নমুনা সংগ্রহ করা হয়। সংগ্রহ করা মাটির নমুনা বিশ্লেষণে প্রক্রিয়াধীন রয়েছে। ৩০ টি টিএসপি থেকে ম্যানগ্রোভ প্রজাতির নতুন চারার তথ্য রেকর্ড করা হয়েছে। মে' ২০২১ সালে প্রতি হেক্টরে গড়ে ৩১,২৩৬ টি রিজেনারেশন পাওয়া গেছে। এর মধ্যে সুন্দরী ৩২.৮৭%, গেওয়া ১১.৬৬%, গরান ৩৩.৭২%, কাকড়া ৫.৮৯%, বাইন ৫.৫৫%, খলশি ৩.৯৮%, সিংড়া ৩.৫৪% এবং অন্যান্য প্রজাতি ২.৭৯% চিত্র-১ এ দেখানো হয়েছে।		




চিত্র: মে' ২০২১ সালে সুন্দরবনে অস্থায়ী নমুনা প্লটে বিভিন্ন প্রজাতির চারা জন্মানোর শতকরা হার।

সুন্দরবনের তিনটি লবণাক্ত অঞ্চলে প্রতি বছরের হেক্টর প্রতি চারার সংখ্যা চিত্র-২ এবং লবণাক্ততা অনুসারে ম্যানগ্রোভ প্রজাতির রিজেনারেশন প্যাটার্ন মে' ২০২১ সালের চিত্র-৩ এ দেখানো হয়েছে।



চিত্র: লবণাক্ততার ভিত্তিতে সুন্দরবনে অস্থায়ী নমুনা প্লটে বিভিন্ন প্রজাতির চারা জন্মানোর হার।



চিত্র: সুন্দরবনে অস্থায়ী নমুনা প্লটে বিভিন্ন লবণাক্ত অঞ্চলে হেক্টর প্রতি চারার সংখ্যা।

সুন্দরী ও গেওয়ার উচ্চতা এবং ডিবিএইচ বিশ্লেষণ করা হয়েছে। বিশ্লেষণে বৃক্ষ উচ্চতায় সুন্দরী গাছের বেড় ৫-১০ সেমি. ২০.২৬% এবং ৩০সেমি. এর উর্ধ্বে ৩৬.৯০% পাওয়া গিয়াছে। বৃক্ষ উচ্চতায় গেওয়া গাছের বেড় ৫-১০ সেমি. ৬২.৬১% এবং ২০সেমি. এর উর্ধ্বে ৫০.২৯% পাওয়া গিয়াছে। বৃক্ষ উচ্চতায় সুন্দরী গাছের বেড় ৫-১০ সেমি. এর নীচে ১৯.৪৪% এবং ২০সেমি. এর নীচে ৪৮.৭২% পাওয়া গিয়াছে। বৃক্ষ উচ্চতায় গেওয়া গাছের বেড় ৫-১০ সেমি. এর নীচে ৬১.৯৮% এবং ১০সেমি. এর নীচে ৫০% পাওয়া গিয়াছে। অস্থায়ী নমুনা প্লট থেকে উদ্ভিদের ডাটা সংগ্রহ এবং বিশ্লেষণ করা হয়েছে। লবণাক্ততা অনুসারে একনজরে মে' ২০২১ সালে সংগৃহীত টিএসপি এর তথ্য-উপাত্ত (গড়) নিয়ে সারণি-১, ২ ও ৩-এ দেখানো হলো।

সারণি-১। কম লবণাক্ত অঞ্চলের ১০টি টিএসপি-এর তথ্য-উপাত্ত।

Location	TSP No.	Compt. No.	Lat.	Lon.	Soil pH	Water Salinity (ppt)	Pollu. (nos.)	Wild. trace	Canopy class	Temp	Name of Species	Seedling	Sapling	Av. DBH (cm)	Av. Ht. (m)	Mortality (no.)	Tree condition				
																	Top dying	Holing (no.)	Heart rot (no.)	Top broken	
Strong Saline zone	10	41,46,47	221108-228000	890444-892031	6.06	0-2	0.3	Boar, Crab, Deer, Monkey, Snake, Snail	1,2,3,4,5	29.9	Amoor	109.00	273.00	6.70	8.67	3	8	0	0	12	
											Baen	5.00	0.00	0.00	0.00						
											Gewa	5351.00	235.00	10.67	9.69						
											Golpata	48.00	0.00	0.00	0.00						
											Goran	73.00	143.00	6.41	6.41						
											Hantal	75.00	21.00	5.50	5.63						
											Hargoza	11.00	0.00	0.00	0.00						
											Jhana	1.00	0.00	0.00	0.00						
											Kankra	125.00	1.00	0.00	0.00						
											Keora	0.00	0.00	55.50	20.00						
											Passur	11.00	0.00	9.63	14.01						
											Sundri	398.00	477.00	10.96	11.05						
Tigerfurn	4.00	0.00	0.00	0.00																	

সারণি-২। মাঝারি লবণাক্ত অঞ্চলের ১০টি টিএসপি-এর তথ্য-উপাত্ত।

Location	TSP No.	Compt. No.	Lat.	Lon.	Soil pH	Water Salinity (ppt)	Pollu. (nos.)	Wild. trace	Canopy class	Temp	Name of Species	Seedling	Sapling	Av. DBH (cm)	Av. Ht. (m)	Mortality (no.)	Tree condition				
																	Top dying (no.)	Holing (no.)	Heart rot (no.)	Top broken	
Strong Saline zone	10	41,46,47	221108-228000	890444-892031	6	2ppt-12ppt	1	Boar, Crab, Deer, Monkey, Snake, Snail	1,2,3,4,5	29.9	Amoor	117.00	53.00	0.00	0.00	17	19	0	0	7	
											Baen	71.00	26.00	41.87	14.67						
											Gewa	2383	548.00	8.72	8.75						
											Golpata	2.00	0.00	0.00	0.00						
											Goran	214.00	36.00	0.69	0.78						
											Hantal	6.00	1.00	6.40	4.00						
											Hargoza	25.00	0.00	0.00	0.00						
											Jhana	49.00	0.00	0.00	0.00						
											Kankra	456.00	48.00	4.47	4.73						
											Khalshi	2.00	0.00	0.00	0.00						
											Passur	21.00	10.00	10.36	7.33						
											Sundri	695.00	735.00	13.60	13.42						
Tigerfurn	90.00	176.00	0.00	0.00																	

সারণি-৩। তীব্র লবণাক্ত অঞ্চলের ১০টি টিএসপি-এর তথ্য-উপাত্ত।

Location	TSP No.	Compt. No.	Lat.	Lon.	Soil pH	Water Salinity (ppt)	Pollu. (nos.)	Wild. trace	Canopy class	Temp	Name of Species	Seedling	Sapling	Av. DBH (cm)	Av. Ht. (m)	Mortality (no.)	Tree condition				
																	Top dying (no.)	Holing (no.)	Heart rot (no.)	Top broken	
Strong Saline zone	10	41,46,47	221108-228000	890444-892031	6.38	14.6	1	Boar, Crab, Deer, Monkey, Snake, Snail	1,2,3,4,5	29.9	Amoor	3	21	6.70	5.00	45	4	6	1	3	
											Baen	361	2	26.72	12.85						
											Dhandul	0	0	5.70	10.00						
											Gewa	526	487	7.09	6.27						
											Golpata	4	0	0.00	0.00						
											Goran	940	955	4.99	5.47						
											Hantal	6	0	0.00	0.00						
											Hargoza	103	0	0.00	0.00						
											Jhana	0	5	8.15	7.50						
											Kankra	131	0	0.00	0.00						
											Keora	0	0	19.33	17.17						
											Khalshi	469	121	5.26	6.72						
											Lal kankra	0	36	5.20	6.00						
											Passur	100	169	8.80	8.11						
											Sundri	197	319	5.96	4.33						
Tigerfurn	55	0	0.00	0.00																	



চিত্র: টিএসপি এর তথ্য-উপাত্ত সংগ্রহেরত গবেষকদ্বয়



চিত্র: টিএসপি এর তথ্য-উপাত্ত সংগ্রহে নির্দেশনা প্রদানেরত বিভাগীয় কর্মকর্তা, আসম হেলাল সিদ্দীকি

প্রভাব	:	জলবায়ু পরিবর্তনের ফলে সুন্দরবনে রিজেনারেশনের তারতম্য, মাটি ও পানির লবণাক্ততার প্রভাব জানা সম্ভব হবে।
---------------	---	---

উপকারভোগী :	বনবিভাগ, এনজিও, ছাত্র, শিক্ষক ও গবেষক।
-------------	--

8. স্টাডির নাম	:	Nursery and Plantation Techniques of Moth Goran (<i>Cerriops tagal</i>) in the Sundarbans.
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২৪-২০২৫
উদ্দেশ্য		
ক) মঠ গরানের নার্সারি ও রোপণ কৌশল উদ্ভাবন করা।		
খ) প্রজাতি এবং জীববৈচিত্র্য সংরক্ষণ।		
গবেষণা ফলাফল (Findings)		
মে' ২০২১ সালে সুন্দরবন থেকে মঠ গরানের ৭৫০০টি বীজ সংগ্রহ করার নিমিত্তে সুন্দরবনের কটকা, কচিখালী, হিরণপয়েন্ট পরিদর্শন করা হয়। কিন্তু কটকাতে একটি মাত্র গাছ ছাড়া অন্য কোথাও কোন গাছ পাওয়া যায় নাই। ঐ একটি গাছ হতে ৪৫০টি বীজ পাওয়া যায়। সেই বীজগুলো দিয়ে তিনটি লবণাক্ত অঞ্চলে ১৫০টি করে বীজ দিয়ে পলিব্যাগের নার্সারি উত্তোলন করা হয়েছে। নিচে মঠ গরান প্রজাতির প্রপাগিউল/বীজ এর অংকুরোদগমের তথ্য সারণি-১ এর মাধ্যমে দেখানো হলো।		

সারণি-১। পলিব্যাগে মঠ গরান প্রজাতির প্রপাগিউল/বীজের অংকুরোদগমের হার।

লবণাক্ত এলাকা	বীজের সংখ্যা	অংকুরোদগম (২৫ দিনের মধ্যে)	অংকুরোদগম (৪৫ দিনের মধ্যে)	সর্বমোট অংকুরিত চারা	অংকুরোদগমের শতকরা হার
কম লবণাক্ত অঞ্চল	১৫০	১৯	২৭	৪৬	৩০.৬৭
মাঝারি লবণাক্ত অঞ্চল	১৫০	১৪	১৫	৩৯	২৬.০০
তীব্র লবণাক্ত অঞ্চল	১৫০	১৭	২০	৩৭	২৪.৬৭



চিত্রঃ মঠ গরান প্রজাতি গাছের পাতা



চিত্রঃ সংগৃহীত মঠ গরান প্রজাতির প্রপাগিউল/বীজ

প্রভাব	:	বিলুপ্ত প্রায় মঠ গরান প্রজাতিটি সংরক্ষণ করা সম্ভব হবে এবং জীববৈচিত্র্য সংরক্ষিত হবে। অবশেষে, মঠ গরানের নার্সারি এবং বৃক্ষরোপণ কৌশল সম্পর্কে মানবজাতির কার্যকর সুবিধার জন্য আন্তর্জাতিক জার্নালে প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করা হবে।
উপকারভোগী	:	বনবিভাগ, এনজিও, ছাত্র, শিক্ষক ও গবেষক।

৫. স্টাডির নাম	: Ex-situ Conservation of Major Mangrove Species at the adjacent Char Land areas of the Sundarban.
সময়কাল (Duration)	: ২০২০-২১ হইতে ২০২৪-২৫
উদ্দেশ্য	
	(ক) সুন্দরবন সংলগ্ন চর এলাকায় প্রধান প্রধান ম্যানগ্রোভ প্রজাতি নিজস্ব স্থানে সংরক্ষণ।
	(খ) ম্যানগ্রোভ বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্য প্রসারিত করা।
গবেষণা ফলাফল (Findings)	
প্রধান ম্যানগ্রোভ প্রজাতির সজীব বীজ সুন্দরবন থেকে সংগ্রহ করা হয়েছে। সুন্দরী, গরান, কেওড়া, কঁকড়া, পশুর, গোলপাতা, বানা, ভাতকাঠি, খলসি, আমুর, ধুন্দুল, বাইন প্রজাতির বীজ দ্বারা নার্সারি উত্তোলন করা হয়েছে। জুলাই' ২০২১ সালে তিনটি লবণাক্ত অঞ্চলে সুন্দরবন সংলগ্ন অঞ্চলে সুন্দরী, পশুর, ধুন্দুল, কঁকড়া, ও আমঢেকুরের বাগান উত্তোলন করা হইয়াছে।	



চিত্রঃ চর অঞ্চলে উত্তোলিত বাগানের গ্যাপফিলিং



চিত্রঃ গ্যাপফিলিং এর জন্য নার্সারি হতে চারা উত্তোলন



চিত্রঃ নার্সারি উত্তোলনের জন্য ভাতকাঠি প্রজাতির প্রপাগিউল/ বীজ সংগ্রহ



চিত্রঃ নার্সারি উত্তোলনের জন্য পশুর প্রজাতির বীজ সংগ্রহ

প্রভাব	: সুন্দরবন সংলগ্ন চর এলাকার জন্য উপযুক্ত ম্যানগ্রোভ প্রজাতি সংরক্ষিত হবে এবং উল্লেখিত বাগান এলাকায় ম্যানগ্রোভ প্রজাতি দর্শনার্থীদের জন্য প্রদর্শন করা হবে। ম্যানগ্রোভ বাস্তুতন্ত্র সম্প্রসারিত হবে এবং জীববৈচিত্র্য বৃদ্ধি পাবে।
উপকারভোগী	: বনবিভাগ, এনজিও, ছাত্র, শিক্ষক ও গবেষক।

গৌণ বনজ সম্পদ বিভাগ

১.স্টাডির নাম	:	Nursery Techniques of Three Medicinal Plants: Ankor Kanta (<i>Alangium Salvifolium</i>), Sindur (<i>Mallotus Philippinensis</i>) and Kau (<i>Garcinia Cowa</i>).
সময়কাল	:	২০১৯-২০২০ থেকে ২০২০-২০২১ খ্রি.
উদ্দেশ্য	:	

ক) নার্সারিতে ঔষধি উদ্ভিদের চারা উত্তোলন কৌশল উন্নয়ন করা।

খ) ঔষধি উদ্ভিদের বাগান উত্তোলন ও সুষ্ঠু ব্যবস্থাপনা কৌশল নিরূপণ করা।

গ) ঔষধি উদ্ভিদের চাষাবাদ জনপ্রিয় করে তোলা।

গবেষণা ফলাফল:

বর্ণিত স্টাডির আওতায় ২০১৯-২০ হতে ২০২০-২১ খ্রি. সময়ে গুরুত্বপূর্ণ ঔষধি উদ্ভিদ আঁকরকাটা, সিন্দুর ও কাউ এর নার্সারি উত্তোলন কৌশল উন্নয়নের জন্য গবেষণা কার্যক্রমটি পরিচালনা করা হয়। নিম্নে প্রজাতি ভেদে প্রাপ্ত গবেষণা ফলাফল বর্ণনা করা হলোঃ

আকরকাটা (*Alangium salvifolium*)

আকরকাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঔষধি উদ্ভিদ। এর শিকড় ও ফল বাতজনিত চিকিৎসায় ব্যবহৃত হয়। এছাড়া সাপ, কুকুর ও হাঁদুর-এর কামড়ের চিকিৎসায় এর শিকড়ের বাকল ব্যবহার করা হয়।

আকরকাটার ক্ষেত্রে ৫ টি ট্রিটমেন্ট (কুসুম গরম পানিতে ২, ৪, ৬, ৮, ১০ মিনিট ভিজিয়ে) প্রয়োগ করা হলেও কুসুম গরম পানিতে ৮ মিনিট ভিজিয়ে বপন করলে সবচাইতে বেশী অঙ্কুরোদগম পাওয়া যায়। প্রাপ্ত ফলাফলে দেখা যায়, কুসুম গরম পানিতে ২, ৪, ৬, ৮, ১০ মিনিট ভিজিয়ে বীজ বপন করলে অঙ্কুরোদগম হার যথাক্রমে ৪২%, ৪৯%, ৫২%, ৬৬% এবং ৫১%। অর্থাৎ, কুসুম গরম পানিতে ৮ মিনিট ভিজিয়ে বীজ বপন করলে সর্বোচ্চ ৬৬% অঙ্কুরোদগম হার পাওয়া যায় (সারণী-১)।

বীজ বপনের ২০ থেকে ২২ দিনের মধ্যে বিভিন্ন ট্রিটমেন্ট-এর অঙ্কুরোদগম শুরু হয় এবং ৩০ দিন পর্যন্ত অব্যাহত থাকে, তন্মধ্যে কুসুম গরম পানিতে ৮ মিনিট ভেজানো ট্রিটমেন্ট-এর ক্ষেত্রে, বীজ বপনের ২০ থেকে ২৬ দিনের মধ্যে সর্বোচ্চ অঙ্কুরোদগম সম্পন্ন হয়। ১২ মাস বয়সী চারার ক্ষেত্রে, শিকড় ও কাণ্ডের সর্বোচ্চ দৈর্ঘ্য যথাক্রমে ২২.২ সে.মি. ও ৩৮ সে.মি. পাওয়া যায় (সারণী-১)।

সারণী ১ঃ আকরকাটার অঙ্কুরোদগম হার এবং চারার তুলনামূলক বৃদ্ধি

ট্রিটমেন্ট	অঙ্কুরোদগম হার (%)	অঙ্কুরোদগম সময়কাল (দিন)	শিকড়ের বার্ষিক গড় দৈর্ঘ্য (সে.মি.)	কাণ্ডের বার্ষিক গড় দৈর্ঘ্য (সে.মি.)
ট্রিটমেন্ট ছাড়া বীজ (কন্ট্রোল)	৪০± ০.৯৫	২২-২৯	১৫± ০.১৭	২৯± ০.১৪
২ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৪২± ১.৪৫	২১-২৮	১৮.৫± ০.২৪	৩১± ০.১৭
৪ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৪৯± ০.৭১	২২-২৭	১৯± ০.৩০	৩১.৫± ০.১৪
৬ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৫২± ০.৯০	২১-২৭	২০.২± ০.৪৫	৩২.৬± ০.৪৫
৮ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৬৬± ১.২৫	২০-২৬	২২.২± ০.৬৬	৩৮± ০.১৪
১০ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৫১± ০.৭৪	২২-৩০	২০± ০.৭৫	৩২.২± ০.৪৫



চিত্রঃ আকরকাঁটার পরিপক্ক ফল



চিত্রঃ আকরকাঁটার বীজ



চিত্রঃ আকরকাঁটার অঙ্কুরিত অবস্থা



চিত্রঃ নাসারিতে আকরকাঁটার চারা

সিন্দুর (*Mallotus philippinensis*)

বিভিন্ন সংক্রমণ ও ব্যাকটেরিয়া প্রতিরোধে সিন্দুর একটি প্রয়োজনীয় ঔষধি উদ্ভিদ। সিন্দুর ফলের পাউডার অল্পের কৃমি, কোষ্ঠকাঠিন্য, পেটের ক্ষত, আলসার এবং পরজীবী চর্মরোগের চিকিৎসায় কার্যকর।

সিন্দুরের ক্ষেত্রে ৫ টি ট্রিটমেন্ট (কুসুম গরম পানিতে ২০, ৪০, ৬০, ৮০, ১০০ সেকেন্ড ভিজিয়ে) প্রয়োগ করা হলেও কুসুম গরম পানিতে ৮০ সেকেন্ড ভিজিয়ে বপন করলে সবচাইতে বেশী অঙ্কুরোদগম পাওয়া যায়। প্রাপ্ত ফলাফলে দেখা যায়, কুসুম গরম পানিতে ২০, ৪০, ৬০, ৮০, ১০০ সেকেন্ড ভিজিয়ে বীজ বপন করলে অঙ্কুরোদগম হার যথাক্রমে ৩৫%, ৪০%, ৪৫%, ৬০% এবং ৩৬%। অর্থাৎ, কুসুম গরম পানিতে ৮০ সেকেন্ড ভিজিয়ে বীজ বপন করলে সর্বোচ্চ ৬০% অঙ্কুরোদগম হার পাওয়া যায় (সারণী-২)।

বীজ বপনের ২৬ থেকে ৩০ দিনের মধ্যে বিভিন্ন ট্রিটমেন্ট-এর অঙ্কুরোদগম শুরু হয় এবং ৩৯ দিন পর্যন্ত অব্যাহত থাকে, তন্মধ্যে কুসুম গরম পানিতে ৮০ সেকেন্ড ভেজানো ট্রিটমেন্ট-এর ক্ষেত্রে দেখা যায়, বীজ বপনের ২৬তম দিনে অঙ্কুরোদগম শুরু হয় এবং ৩৪তম দিনে অঙ্কুরোদগম শেষ হয় এবং সর্বোচ্চ ৬০% অঙ্কুরোদগম পাওয়া যায়। ১২ মাস বয়সী চারার ক্ষেত্রে, শিকড় ও কাণ্ডের সর্বোচ্চ দৈর্ঘ্য যথাক্রমে ৪০ সে.মি. ও ৬৮ সে.মি. পাওয়া যায় (সারণী-২)।

সারণী ২ঃ সিন্দুরের অঙ্কুরোদগম হার এবং চারার তুলনামূলক বৃদ্ধি

ট্রিটমেন্ট	অঙ্কুরোদগম হার (%)	অঙ্কুরোদগম সময়কাল (দিন)	শিকড়ের বার্ষিক গড় দৈর্ঘ্য (সে.মি.)	কাণ্ডের বার্ষিক গড় দৈর্ঘ্য (সে.মি.)
ট্রিটমেন্ট ছাড়া বীজ (কন্ট্রোল)	৪০± ০.৯৫	২২-২৯	১৫± ০.১৭	২৯± ০.১৪
২ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৪২± ১.৪৫	২১-২৮	১৮.৫± ০.২৪	৩১± ০.১৭
৪ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৪৯± ০.৭১	২২-২৭	১৯± ০.৩০	৩১.৫± ০.১৪
৬ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৫২± ০.৯০	২১-২৭	২০.২± ০.৪৫	৩২.৬± ০.৪৫
৮ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৬৬± ১.২৫	২০-২৬	২২.২± ০.৬৬	৩৮± ০.১৪
১০ মিনিট কুসুম গরম পানিতে ভেজানো বীজ	৫১± ০.৭৪	২২-৩০	২০± ০.৭৫	৩২.২± ০.৪৫



চিত্রঃ সিন্দুর এর পরিপক্ক ফল



চিত্রঃ সিন্দুর এর বীজ



চিত্রঃ সিন্দুর এর অঙ্কুরিত অবস্থা



চিত্রঃ নাসারিতে সিন্দুর এর চারা

কাউ (*Garcinia cowa*)

পুষ্টিগুণে ভরা ভিটামিন-সি সমৃদ্ধ কাউ ফল মুখের অরুচি দূর করে। পরিমিত ক্যালরি সমৃদ্ধ চর্বি, ফাইবার ও গ্র্যান্টি-অক্সিজেন্ট থাকায় শরীরের স্বাভাবিক বৃদ্ধি-বিকাশে ও রোগ প্রতিরোধে এই ফলের প্রয়োজনীয়তা অনেক। সর্দি-জ্বর ও ঠাণ্ডা সারায়। গাছের বাকল আমাশয়, খিচুনি ও মাথা ব্যথায় উপকারী।

কাউ এর ক্ষেত্রে ৫ টি ট্রিটমেন্ট (বীজতুক সরিয়ে এবং কুসুম গরম পানিতে ২০, ৪০, ৬০, ৮০ সেকেন্ড ভিজিয়ে) প্রয়োগ করা হয়েছে। তন্মধ্যে বীজতুক সরিয়ে বপন করলে সবচাইতে বেশী (৯০%) অঙ্কুরোদগম পাওয়া যায়। এছাড়া, প্রাপ্ত ফলাফলে দেখা যায়, কুসুম গরম পানিতে ২০, ৪০, ৬০, ৮০ সেকেন্ড ভিজিয়ে বীজ বপন করলে অঙ্কুরোদগম হার যথাক্রমে ৮১%, ৭৮%, ৭৬%, এবং ৬৮%। অর্থাৎ, বীজতুক সরিয়ে বপন করা কাউ এর সর্বোচ্চ ৯০% অঙ্কুরোদগম পাওয়া যায় (সারণী-৩)।

বীজ বপনের ২০ থেকে ৩০ দিনের মধ্যে বিভিন্ন ট্রিটমেন্ট-এর অঙ্কুরোদগম শুরু হয় এবং ৩৯ দিন পর্যন্ত অব্যাহত থাকে, তন্মধ্যে বীজতুক সরিয়ে ট্রিটমেন্ট-এর ক্ষেত্রে, বীজ বপনের ২০ থেকে ৩১ দিনের মধ্যে সর্বোচ্চ অঙ্কুরোদগম সম্পন্ন হয়। ১২ মাস বয়সী চারার ক্ষেত্রে, শিকড় ও কাণ্ডের সর্বোচ্চ দৈর্ঘ্য যথাক্রমে ২৪.৬ সে.মি. ও ৩৬.৫ সে.মি. পাওয়া যায় (সারণী-৩)।

সারণী ৩ঃ কাউ এর অঙ্কুরোদগম হার এবং চারার তুলনামূলক বৃদ্ধি

ট্রিটমেন্ট	অঙ্কুরোদগম হার (%)	অঙ্কুরোদগম সময়কাল (দিন)	শিকড়ের বার্ষিক গড় দৈর্ঘ্য (সে.মি.)	কাণ্ডের বার্ষিক গড় দৈর্ঘ্য (সে.মি.)
ট্রিটমেন্ট ছাড়া বীজ (কন্ট্রোল)	২৭± ১.৩১	২২-৩৩	১৬± ০.২৭	২৭± ০.২১
বীজতুক সরিয়ে বপন করা বীজ	৯০± ০.৯৫	২০-৩১	২৪.৬± ০.১৫	৩৬.৫± ০.১৪
২০ সেকেন্ড গরম পানিতে ভেজানো বীজ	৮১± ০.৯৫	২৪-৩৩	২২± ০.৯২	৩৩.২± ০.১৭
৪০ সেকেন্ড গরম পানিতে ভেজানো বীজ	৭৮± ১.৪১	২৫-৩২	২০± ০.৫৪	৩২± ০.৩২
৬০ সেকেন্ড গরম পানিতে ভেজানো বীজ	৭৬± ০.৭৫	২৭-৩৪	১৮.৬± ০.২২	৩০± ০.৪১
৮০ সেকেন্ড গরম পানিতে ভেজানো বীজ	৬৮± ১.৪৫	৩০-৩৯	১৭.৫± ০.১৫	২৮± ০.২১



চিত্রঃ কাউ এর পরিপক্ব ফল



চিত্রঃ কাউ এর বীজ



চিত্রঃ কাউ এর অঙ্কুরিত অবস্থা



চিত্রঃ নার্সারিতে কাউ এর চারা

সুতরাং, গুরুত্বপূর্ণ ঔষধি উদ্ভিদ আকরকাঁটা, সিন্দুর ও কাউ এর নার্সারি উত্তোলনের ক্ষেত্রে প্রতীয়মান হয় যে, কুসুম গরম পানিতে ৮ মিনিট ভিজিয়ে বীজ বপন করলে আঁকরকাঁটার সর্বোচ্চ ৬৬% অঙ্কুরোদগম, অপরদিকে, কুসুম গরম পানিতে ৮০ সেকেন্ড ভিজিয়ে বীজ বপন করলে সিন্দুর এর সর্বোচ্চ ৬০% অঙ্কুরোদগম এবং বীজতুক সরিয়ে বপন করা কাউ এর সর্বোচ্চ ৯০% অঙ্কুরোদগম পাওয়া যায়।

প্রভাব : নার্সারি উত্তোলন ও চাষাবাদ সহজ হবে, ঔষধি উদ্ভিদের উৎপাদন বাড়বে এবং ইউনানী ও আয়ুর্বেদ শিল্পের কাঁচামাল সহজলভ্য হবে।

উপকারভোগী : বন অধিদপ্তর, ঔষধি উদ্ভিদের চাষাবাদের সাথে সম্পৃক্ত জনগণ এবং ইউনানী ও আয়ুর্বেদ শিল্প।

২.স্টাডির নাম	:	Germplasm Conservation and Management Practices of Different Medicinal Plants
সময়কাল	:	২০২০-২০২১ থেকে ২০২৪-২০২৫খ্রি.
উদ্দেশ্য	:	
ক) ঔষধি উদ্ভিদের সঠিক শনাক্তকরণ।		
খ) গুরুত্বপূর্ণ ঔষধি উদ্ভিদের সংরক্ষণ ও প্রদর্শন করা।		
গ) ভবিষ্যত বংশবৃদ্ধির জন্য জিনপুল উন্নয়ন।		
ঘ) ঔষধি উদ্ভিদের চাষাবাদ, ব্যবস্থাপনা ও ব্যবহার সম্পর্কে জনগণকে আগ্রহী করে তোলা।		
<p>গবেষণা ফলাফল : চলতি বছরে ০৮ টি উদ্ভিদ প্রজাতি সংগ্রহ করা সম্ভব হয়েছে। সংগৃহীত উদ্ভিদ প্রজাতিগুলো হলো মোরগফুল (<i>Celosia cristata</i>), বিষকচু (<i>Alocasia cucullata</i>), কুকুরজিহ্বা (<i>Elephantopus spicatus</i>), নিমাহক (<i>Aglaonema hookerianum</i>), লেমন বাসিল (<i>Ocimum africanum</i>), মাকড়সা হড়হড়ি (<i>Cleome hassleriana</i>), বাজনা (<i>Zanthoxylum budrunge</i>), কাঁটাকচু (<i>Lasia spinosa</i>)। বর্ণিত উদ্ভিদগুলি নার্সারিতে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।</p> <p>১৮ প্রজাতির ঔষধি উদ্ভিদের যথাঃ নিম, পাইন্যাগোলা, বেল, কাউ, বাসক, আঁকরকাটা, পুত্রঞ্জীব, রিঠা, বকুল, খয়ের, তেঁতুল, সিন্দুরি, রক্তচন্দন, অর্জুন, বহেরা, হরিতকি, তুলসী এবং কদবেল এর চার হাজার চারা উত্তোলন করা হয়েছে।</p> <p>এছাড়া ৭ টি ভেষজ উদ্ভিদ প্রজাতির যথাঃ নিম, কাউ, কালোজাম, খয়ের, রক্তকম্বল, আঁকরকাটা ও সিন্দুরির সমন্বয়ে হিংগুলি বন গবেষণা কেন্দ্র, মিরসরাই এ ০.২ হেক্টর পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে। ইতোমধ্যে সংরক্ষণকৃত ১০০ টি প্রজাতির বর্ষজীবী ঔষধি উদ্ভিদের জার্মপ্লাজম সংরক্ষণী পুট রক্ষণাবেক্ষণ করা হয়েছে।</p>		

			
চিত্রঃ মোরগফুল (<i>Celosia cristata</i>)	চিত্রঃ বিষকচু (<i>Alocasia cucullata</i>)	চিত্রঃ কুকুরজিহ্বা (<i>Elephantopus spicatus</i>)	চিত্রঃ নিমাহক (<i>Aglaonema hookerianum</i>)
			
চিত্রঃ মাকড়সা হড়হড়ি	চিত্রঃ লেমন বাসিল	চিত্রঃ বাজনা	চিত্রঃ কাঁটাকচু

(<i>Cleome hassleriana</i>)	(<i>Ocimum africanum</i>)	(<i>Zanthoxylum budrunga</i>)	(<i>Lasia spinosa</i>)
-------------------------------	-----------------------------	---------------------------------	--------------------------

প্রভাব	:	জেনেটিক রিসোর্স সমৃদ্ধ হবে এবং ব্যবস্থাপনা কৌশল জানা যাবে।
উপকারভোগী	:	বন অধিদপ্তর, জনগণ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

৩.স্টাডির নাম	:	Screening of Host /Nurse Plants For Raising Chandan (<i>Santalum Album</i>) Plantation
সময়কাল	:	২০১৭-১৮ থেকে ২০২১-২২ খ্রি.
উদ্দেশ্য	:	
ক) চন্দন বাগান উত্তোলনের জন্য উপযুক্ত পোষক উদ্ভিদ প্রজাতি নির্বাচন করা।		
খ) চন্দনের নার্সারি উত্তোলন ও বনায়ন কৌশল উন্নয়ন করা।		
<p>গবেষণা ফলাফল: চন্দনের Host plant হিসেবে বকুল, নিশিন্দা, বাউ, কাল কড়ই ও অড়হর এর ১০০০ চারা উত্তোলন করা হয়েছে। চন্দন এর চারা উত্তোলনের জন্য ৮০০ টি চন্দন বীজ সংগ্রহ করে বপন করা হয়েছে এবং ৪৫০ টি চারা উত্তোলন করা সম্ভব হয়েছে।</p> <p>প্রসঙ্গক্রমে বলা প্রয়োজন যে, চন্দনের অঙ্কুরোদগমের ক্ষেত্রে ৪ টি ট্রিটমেন্ট (ট্যাপের পানিতে ১২, ২৪, ৩৬, ৪৮ ঘণ্টা ভিজিয়ে) প্রয়োগ করা হয়েছে। প্রাপ্ত ফলাফলে দেখা যায়, ট্যাপের পানিতে ১২, ২৪, ৩৬, ৪৮ ঘণ্টা ভিজিয়ে বীজ বপন করলে অঙ্কুরোদগম হার যথাক্রমে ৪০%, ৪২%, ৫৬% এবং ৪৪%। অর্থাৎ, ট্যাপের পানিতে ৩৬ ঘণ্টা ভিজিয়ে বীজ বপন করলে চন্দন এর অঙ্কুরোদগম সর্বোচ্চ ছাপ্পান্ন (৫৬) শতাংশ পাওয়া যায়। অন্যদিকে, কোনো ট্রিটমেন্ট ছাড়া চন্দনের অঙ্কুরোদগম মাত্র ৩০% পাওয়া যায় (সারণী-১)।</p> <p>বীজ বপনের ৩০ থেকে ৫২ দিনের মধ্যে বিভিন্ন ট্রিটমেন্ট-এর অঙ্কুরোদগম শুরু হয় এবং ৭৫ দিন পর্যন্ত অব্যাহত থাকে, তন্মধ্যে ট্যাপের পানিতে ৩৬ ঘণ্টা ভিজিয়ে বীজ বপন করলে বীজ বপনের ৩০ থেকে ৬২ দিনের মধ্যে সর্বোচ্চ অঙ্কুরোদগম সম্পন্ন হয়। ৬ মাস বয়সী চারার ক্ষেত্রে, সর্বোচ্চ দৈর্ঘ্য ৩২ সে.মি. পাওয়া গেছে।</p> <p>পরীক্ষামূলক প্লটে হোস্ট প্ল্যান্ট-এর ৫ টি কম্বিনেশন যথাঃ ১. বাউ, ২. অড়হর ও কাল কড়ই, ৩. কাল কড়ই ও বাউ, ৪. বকুল ও নিশিন্দা, ৫. বাউ ও অড়হর নিয়ে চন্দনের বর্ধন হার পর্যবেক্ষণ করে দেখা হয়েছে। এতে কালো কড়ই ও বাউ এর সঙ্গে চন্দনের বৃদ্ধি সবচেয়ে বেশি (উচ্চতা : ৪.৫ মি. এবং ব্যাসঃ ৭.৯ সে.মি.) পাওয়া যায় (সারণী-২)।</p>		

সারণী ১ঃ চন্দনের অঙ্কুরোদগম হার এবং চারার তুলনামূলক বৃদ্ধি

প্রজাতির নাম	ট্রিটমেন্ট	অঙ্কুরোদগম হার (%)	অঙ্কুরোদগম সময়কাল (দিন)	কাণ্ডের ত্রৈমাসিক গড় দৈর্ঘ্য (সে.মি.)	কাণ্ডের ষাণ্মাসিক গড় দৈর্ঘ্য (সে.মি.)
চন্দন	ট্রিটমেন্ট ছাড়া বীজ (কন্ট্রোল)	৩০± ১.৩১	৫২-৭৫	১৫± ০.২৭	২৫± ০.১২
	১২ ঘণ্টা ট্যাপের পানিতে ভেজানো বীজ	৪০± ১.৪৫	৪৮-৭৫	১৩± ০.২১	৩০± ০.১৪
	২৪ ঘণ্টা ট্যাপের পানিতে ভেজানো বীজ	৪২± ১.২১	৪৫-৭০	১৮± ০.২৭	২৯± ০.২৩
	৩৬ ঘণ্টা ট্যাপের পানিতে ভেজানো বীজ	৫৬± ০.৯৫	৩০-৬২	২০± ০.২৪	৩২± ০.১৭
	৪৮ ঘণ্টা ট্যাপের পানিতে ভেজানো বীজ	৪৪± ১.৮৪	৩৬-৭০	১৮± ০.১৭	৩২± ০.২১

সারণী ২ঃ হোস্ট প্ল্যান্টসহ ৬ বছর বয়সী চন্দনের বর্ধন হার

হোস্ট প্ল্যান্ট	চন্দনের উচ্চতা (মি.)	চন্দনের DBH (সে. মি.)
ঝাউ	৩.৫± ০.৮১	৬.৪± ০.৫৪
অড়হর এবং কাল কড়ই	৩.৬± ০.৯৫	৬.৬± ০.৫১
কাল কড়ই এবং ঝাউ	৪.৫± ০.৫৪	৭.৯± ০.৪৫
বকুল এবং নিশিন্দা	৩.৯± ০.২৮	৭.০± ০.৬৪
ঝাউ এবং অড়হর	৪.০± ০.৯১	৭.১± ০.৭৫



চিত্রঃ চন্দনের বীজ



চিত্রঃ বড় পলিব্যাগে চন্দনের চারা



চিত্রঃ টবে হোস্ট প্ল্যান্টসহ চন্দনের চারা



চিত্রঃ বকুল ও নিশিন্দা (হোস্ট) সহ চন্দন গাছ



চিত্রঃ ঝাউ (হোস্ট) সহ চন্দন গাছ



চিত্রঃ ঝাউ ও কাল কড়ই (হোস্ট) সহ চন্দন গাছ

প্রভাব	ঃ	বাগান উত্তোলন কৌশল জানা যাবে এবং বাগান সৃজন সহজ হবে।
উপকারভোগী	ঃ	বন অধিদপ্তর, জনগণ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

৪.স্টাডি়র নাম	ঃ	Development of vegetative propagation technique for cashew nut (<i>Anacardium occidentale</i> L.)
সময়কাল	ঃ	২০২০-২১ থেকে ২০২৩-২৪ খ্রি.

উদ্দেশ্য	:
ক) অঙ্গজ পদ্ধতিতে কাজুবাদামের বংশবিস্তার কৌশল উন্নয়ন করা।	
খ) কাজুবাদামের ফলন উন্নত করতে চারা উত্তোলন প্রক্রিয়া সহজতর করা।	
<p>গবেষণা ফলাফল : কাজুবাদামের বীজের অঙ্কুরোদগম হার নির্ণয়ের জন্য ৫ টি ট্রিটমেন্ট প্রয়োগ করে পরীক্ষা পরিচালনা করা হয়েছে। ট্রিটমেন্টগুলো হলো-</p> <ol style="list-style-type: none"> ১. সরাসরি প্রপাগেশন চেম্বারে বপন করা ২. ট্যাপের পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে বপন করা ৩. ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে বপন করা ৪. ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে ৬ ঘন্টা পাটের থলেতে ছায়ায় রেখে বপন করা ৫. ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে প্রপাগেশন চেম্বারে বপন করা <p>প্রাপ্ত ফলাফলে দেখা যায়, ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে প্রপাগেশন চেম্বারে বপন করলে সর্বোচ্চ ৯৮% অঙ্কুরোদগম পাওয়া যায় (সারণী-১)। বীজ বপনের ৯ থেকে ১০ দিনের মধ্যে বিভিন্ন ট্রিটমেন্ট-এর অঙ্কুরোদগম শুরু হয় এবং ১৭ দিন পর্যন্ত অব্যাহত থাকে, তন্মধ্যে ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে প্রপাগেশন চেম্বারে বপন করলে বীজ বপনের ৯ থেকে ১৬ দিনের মধ্যে সর্বোচ্চ অঙ্কুরোদগম সম্পন্ন হয়। ১ মাস বয়সী চারার ক্ষেত্রে, শিকড় ও কাণ্ডের সর্বোচ্চ দৈর্ঘ্য যথাক্রমে ১০ সে.মি. ও ৩৩.১ সে.মি. পাওয়া যায় (সারণী-১)।</p>	

সারণী ১ঃ কাজুবাদামের অঙ্কুরোদগম হার এবং চারার তুলনামূলক বৃদ্ধি

ট্রিটমেন্ট	অঙ্কুরোদগম হার (%)	অঙ্কুরোদগম সময়কাল (দিন)	শিকড়ের গড় দৈর্ঘ্য (সে.মি.) (১ মাস)	কাণ্ডের গড় দৈর্ঘ্য (সে.মি.) (১ মাস)
ট্রিটমেন্ট ছাড়া বীজ (কন্ট্রোল)	৭২± ১.২৭	১০-১৭	৮± ০.২১	১৮± ০.২৯
সরাসরি প্রপাগেশন চেম্বারে বপন	৯৬± ০.৭৫	০৯-১৬	৯.৮± ০.১৭	৩২.৯± ০.১৭
ট্যাপের পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে বপন করা	৭৮± ০.৯৫	১০-১৭	৮.৫± ০.১৭	১৯± ০.২৪
ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে বপন করা	৭২± ১.২১	১০-১৭	৮.৬± ০.৩১	২৪.৯± ০.২৩
ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে ৬ ঘন্টা পাটের থলেতে ছায়ায় রেখে বপন করা	৮২± ০.৮৪	০৯-১৭	৯± ০.২২	২৮.২± ০.৪২
ট্যাপের পানিতে ২৪ ঘন্টা ভিজিয়ে প্রপাগেশন চেম্বারে বপন করা	৯৮± ০.৯২	০৯-১৬	১০± ০.২৬	৩৩.১± ০.৫৭



চিত্রঃ কাজুবাদাম এর বীজ



চিত্রঃ সিডবেডে কাজুবাদাম এর অঙ্কুরোদগম



কাজুবাদাম এর চারা



কাজুবাদাম এর চারার পরিমাপ

অঙ্গজ পদ্ধতিতে কাজুবাদামের বংশবিস্তার এর ক্ষেত্রে, ইনডোল বিউটারিক এসিড (আইবিএ) হরমোন এর মিশ্রণ বিভিন্ন মাত্রায় (২৫০ পিপিএম, ৫০০ পিপিএম এবং ৭৫০ পিপিএম) প্রয়োগ করে কাজুবাদামের কাটিং লাগানো হয়েছে। এ ক্ষেত্রে কাজুবাদামের কাটিং থেকে শিকড় ও কাণ্ডের বৃদ্ধি এখনও পাওয়া যায় নি।



চিত্রঃ ট্রিটমেন্ট ছাড়া কাজুবাদামের কাটিং



চিত্রঃ ২৫০ পিপিএম আইবিএ হরমোন প্রয়োগে কাজুবাদামের কাটিং



চিত্রঃ ৫০০ পিপিএম আইবিএ হরমোন প্রয়োগে



চিত্রঃ ৭৫০ পিপিএম আইবিএ হরমোন প্রয়োগে

কাজুবাদামের কাটিং

কাজুবাদামের কাটিং

প্রভাব	ঃ	নার্সারি উত্তোলন ও চাষাবাদ সহজ হবে, বাগান উত্তোলন কৌশল জানা যাবে এবং বাগান সৃজন উন্নততর হবে।৭
উপকারভোগী	ঃ	বন অধিদপ্তর, জনগণ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

প্লান্টেশন ট্রায়েল ইউনিট বিভাগ, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, বরিশাল।

১.স্টাডির নাম	:	Growth Performance of Bamboo and Rattan In The Coast Raised Land of Bangladesh.
সময়কাল (Duration)	:	২০১৬-১৭ হতে ২০২০-২১
উদ্দেশ্য	:	
ক) উপকূলীয় কেওড়া বনের অভ্যন্তরে বাঁশ ও বেত প্রজাতি প্রবর্তনের সম্ভাব্যতা যাচাই করা।		
খ) উপকূলীয় এলাকায় রোপণের জন্য স্থানোপযোগী বাঁশ ও বেত প্রজাতি নির্বাচন করা।		
গ) উপকূলীয় এলাকায় বাঁশ ও বেতের উৎপাদন বৃদ্ধি করা।		
গবেষণা ফলাফল (Findings)		
উপকূলীয় এলাকার অপেক্ষাকৃত উঁচু কেওড়া বনের অভ্যন্তরে বাঁশের দুইটি প্রজাতি যথা বাংলা বা বাইজ্যা (<i>Bambusa balcooa</i>) ও বরাক (<i>B. vulgaris</i>) বাঁশের পরীক্ষামূলক এবং জালি ও কেরাক বেতের বাগান উত্তোলন করা হয়। বিগত ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০ সনের পরীক্ষামূলক বাগানের প্রাপ্ত ডাটা হতে দেখা যায় যে, বাংলা বাঁশের বেঁচে থাকার হার গড়ে ৭১%, তবে মাউন্ডের উপর উত্তোলিত বাগানের বেঁচে থাকার হার ৯৪% অন্যদিকে সমতল ভূমিতে বাংলা বাঁশের বেঁচে থাকার হার ৭১%। বরাক বাঁশের বেঁচে থাকার হার বাংলা বাঁশের তুলনায় বেশ কম মাত্র ১৯%। অন্যদিকে জালি ও কেরাক বেতের ২০১৭, ২০১৮, ২০১৯ এবং ২০২০ সনের প্রাপ্ত ফলাফলে দেখা যায় যে, জালি বেতের বেঁচে থাকার হার গড়ে ৬৭%, কেরাক বেতের বেঁচে থাকার হার ৭৮%। নতুন কোড়ল গজানোর হার সন্তোষজনক কিন্তু কেরাক বেতের নতুন কোড়ল গজানোর হার অপেক্ষাকৃত কম।		



এক প্রকার চিত্র কেওড়া বনের অভ্যন্তরে ২০১৬ সনে উত্তোলিত বাঁশের পরীক্ষামূলক বাগান।



এক প্রকার চিত্র কেওড়া বনের অভ্যন্তরে ২০১৬ সনে উত্তোলিত বেতের পরীক্ষামূলক বাগান।

প্রভাব :
ক) উপকূলীয় কেওড়া বনের অভ্যন্তরে বাঁশ ও বেত প্রজাতি প্রবর্তনের সম্ভাব্যতা যাচাই করা।
খ) উপকূলীয় এলাকায় রোপণের জন্য স্থানোপযোগী বাঁশ ও বেত প্রজাতি নির্বাচন করা।
গ) উপকূলীয় এলাকায় বাঁশ ও বেতের উৎপাদন বৃদ্ধি করা।
উপকারভোগী: বাংলাদেশ বন বিভাগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উপকূলীয় জনগণ এবং বেসরকারী উন্নয়ন সংস্থা।

২.স্টাডির নাম	:	Plantation Techniques of Some Under Storied Mangrove Associates Inside Keora Plantations In The Coastal Belt of Bangladesh.
সময়কাল (Duration)	:	২০১৬-২০১৭ হতে ২০২০-২০২১
উদ্দেশ্য		
ক) বিভিন্ন সহযোগী ম্যানগ্রোভ প্রজাতির নার্সারী উত্তোলন কৌশল এবং উপকূলীয় কেওড়া বনের অভ্যন্তরে উক্ত প্রজাতির বাগান উত্তোলন কৌশল উদ্ভাবন করা।		
খ) উপকূলীয় এলাকায় রোপণের জন্য স্থানোপযোগী সহযোগী ম্যানগ্রোভ প্রজাতি নির্বাচন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>উপকূলীয় এলাকায় কেওড়া বনের অভ্যন্তরে সহযোগী ম্যানগ্রোভ প্রজাতি যথা -আমুর, জিরবট, নোনা ঝাউ, ছনবলই, পুনিয়াল, সিংড়া, ঝানা, গরান এবং পানি কাপিলার চারা উত্তোলন পূর্বক পরীক্ষামূলক বাগান উত্তোলন কাজ সম্পন্ন করা হয়েছে। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ সনের পরীক্ষামূলক বাগানের প্রাপ্ত ফলাফল থেকে দেখা যায় যে, ৩-৫ মাস জোয়ার ভাটায় প্লাবিত স্থানে সনবলই, জিরবট, পুনিয়াল, বট এবং পানিকাপিলার বেঁচে থাকার হার যথাক্রমে ৯১.৫%, ৮০.৫%, ৭৭.৫% এবং ৭১%। তাছাড়া ১২ মাস জোয়ারের পানিতে প্রাণিত স্থানে ঝানা প্রজাতির বেঁচে থাকার হার মাত্র ২২% পাওয়া যায়। অন্যদিকে ৯-১২ মাস জোয়ারের পানিতে প্লাবিত স্থানে সিংড়া, গরান, পানি কাপিলা প্রজাতি টিকে থাকতে পারেনি। আবার ৯-১২ মাসে জোয়ারের পানিতে প্লাবিত স্থানে সিংড়া, আমুর এবং নোনাঝাউ এর বেঁচে থাকার হার যথাক্রমে ৬০%, ৫২% এবং ২২%। ৬-৯ মাস জোয়ারের পানিতে প্লাবিত স্থানে পানি কাপিলা, পুনিয়াল, সন বলই গড়ে বেঁচে থাকার হার যথাক্রমে ৩৯%, ২০%, ৩৫.৫% পাওয়া যায়।</p>		



১৯-উপকূলীয়-মুকুটী বিপাক কেন্দ্র, চোপাড়া ২০১৯ সনের জৈববৈজ্ঞানিক ম্যানগ্রোভ প্রজাতিতে প্রজাতির পরীক্ষামূলক বাগান



২০-উপকূলীয়-মুকুটী বিপাক কেন্দ্র, চোপাড়া ২০১৯ সনের জৈববৈজ্ঞানিক ম্যানগ্রোভ প্রজাতিতে প্রজাতির পরীক্ষামূলক বাগান

প্রভাবঃ
ক) কেওড়া বনের অভ্যন্তরে সহযোগী ম্যানগ্রোভ প্রজাতির বাগান উপকূলীয় বনের স্থায়িত্ব ও ঘনত্ব বৃদ্ধি করবে।
খ) উপকূলীয় কেওড়া বন সমৃদ্ধ হবে।
উপকারভোগীঃ বাংলাদেশ বন বিভাগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উপকূলীয় জনগণ এবং বেসরকারী উন্নয়ন সংস্থা।

৩.স্টাডি়র নাম	:	Successional Change of Vegetation and Growth In Coastal Plantations.
সময়কাল (Duration)	:	২০১৮-১৯ হতে ২০২০-২১
উদ্দেশ্য	:	
ক) মনুষ্য সৃজিত উপকূলীয় ম্যানগ্রোভ বনের ভেজিটেশন পরিবর্তন ও প্রাকৃতিকভাবে জন্মানো উদ্ভিদ প্রজাতি পর্যবেক্ষণ করা। খ) উপকূলীয় বনের ভেজিটেশন পরিবর্তনে জলবায়ুর বিভিন্ন উপাদানের ভূমিকা পর্যবেক্ষণ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
অত্র বিভাগের মাঠ পর্যায়ে ৪ টি গবেষণা কেন্দ্র যথা- চর কুকরী-মুকরী (তোলা), রাজাবালী (পটুয়াখালী), চর ওসমান (নোয়াখালী) এবং সীতাকুন্ড (চট্টগ্রাম) এলাকায় উপকূলীয় সৃজিত কেওড়া বনের অভ্যন্তরে রিজেনারেশন, ভেজিটেশন পরিবর্তন সম্পর্কিত জলবায়ুর বিভিন্ন উপাদানের উপাত্ত সংগ্রহ করার জন্য মোট ১৪৪ টি স্থায়ী নমুনা প্লট স্থাপন করা হয়েছে। কেওড়া বনের অভ্যন্তরে প্রাকৃতিকভাবে জন্মানো অন্যান্য ম্যানগ্রোভ গাছের (রিজেনারেশন) অবস্থা নিরূপন করার জন্য উপাত্ত সংগ্রহ করা হয়েছে। তাছাড়া উপকূলীয় ভূমিক্ষয়, সিলটেশন এর পরিমাণ পানির লবণাক্ততা ও জোয়ারভাটার উপাত্ত সংগ্রহ করা হয়েছে। তাছাড়া রাজাবালী ও চর কুকরী-মুকরী এলাকার বিভিন্ন চর হতে মাটির লবণাক্ততা পরীক্ষার জন্য মাটির নমুনা সংগ্রহ করা হয়েছে।		



প্রভাব :
ক) কেওড়া বনে রিজেনারেশন সমূহ সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করলে উপকূলীয় এলাকায় দ্বিতীয় পর্যায়ের বহু প্রজাতি বিশিষ্ট ম্যানগ্রোভ বন গড়ে তোলা সম্ভব হবে।
খ) উপকূলীয় বনের ভেজিটেশন পরিবর্তনে বিভিন্ন জলবায়ু উপাদানের ভূমিকা বিষয়ে জানা গেলে উপকূলীয় বন ব্যবস্থাপনায় কার্যকর অবদান রাখবে।
উপকারভোগীঃ বাংলাদেশ বন বিভাগ, উপকূলীয় জনগণ এবং বেসরকারী উন্নয়ন সংস্থা।

৪.স্টাডির নাম	:	Standardization of Plantation Techniques and Site Suitability of Palm Species In The Eastern Zone of Bangladesh.
সময়কাল (Duration)	:	২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	
ক) বাংলাদেশের পূর্ব উপকূলীয় অগ্রতট এলাকায় মূলভূমির পাম প্রজাতির বাগান সৃজনের উপযুক্ত পদ্ধতি/ কৌশল নির্বাচন করা।		
খ) জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকর প্রভাব মোকাবেলায় উপকূলীয় এলাকায় বিভিন্ন পাম প্রজাতির উন্নয়ন।		
গ) বাংলাদেশের পূর্ব উপকূলীয় অঞ্চলে বনায়নের জন্য উপযুক্ত পাম প্রজাতি নির্বাচন।		
গবেষণা ফলাফল (Findings)		
অত্র বিভাগের উপকূলীয় পূর্বাঞ্চলের মাঠ পর্যায়ে ২ টি গবেষণা কেন্দ্র যথা- চর ওসমান (নোয়াখালী) এবং সীতাকুন্ড (চট্টগ্রাম) এলাকায় উপকূলীয় অগ্রতট, বেড়ি বাঁধ এবং উপকূলীয় উঁচু ভূমিতে লাগানোর জন্য ৪ টি দেশি পাম প্রজাতি যথা- তাল, নারিকেল, সুপারি ও খেজুরের চারা উত্তোলন করা হয়েছে। উত্তোলিত চারা দিয়ে উপকূলীয় পূর্বাঞ্চলের নোয়াখালী ও সীতাকুন্ড এলাকায় পাম প্রজাতির পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে। চর ওসমান ও সীতাকুন্ড এলাকায় ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সালে উত্তোলিত পরীক্ষামূলক বাগান হতে প্রাথমিক ফলাফলে দেখা যায় যে, নারিকেল, সুপারি, তাল ও খেজুর প্রজাতির বেঁচে থাকার হার যথাক্রমে ৮৭%, ৮৮%, ৭৮% এবং ৮৬%।		



চর ওসমান রিসার্চ স্টেশন, নোয়াখালীতে ২০১৯ সালে উত্তোলিত দেশি পাম প্রজাতির পরীক্ষামূলক বাগান

প্রভাবঃ
ক) পূর্ব উপকূলীয় অঞ্চলে বনায়নের জন্য পাম প্রজাতি নির্বাচন করা যাবে।
খ) এ অঞ্চলে ব্যাপকভাবে পাম প্রজাতির বনায়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকর প্রভাব মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
গ) ঝড় ও জলোচ্ছ্বাস থেকে উপকূলীয় জনগণের জানমাল রক্ষা পাবে।
উপকারভোগীঃ বাংলাদেশ বন বিভাগ, উপকূলীয় জনগণ এবং বেসরকারী উন্নয়ন সংস্থা, বাংলাদেশ সুপার ক্রপ রিসার্চ ইনস্টিটিউট।

৫.স্টাডির নাম	:	Monitoring and Maintenance of Existing Trial Plantations In The Coastal Areas of Bangladesh.
সময়কাল (Duration)	:	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩
উদ্দেশ্য		
ক) উপকূলীয় চরাঞ্চলে সৃজিত বিভিন্ন ম্যানগ্রোভ ও নন-ম্যানগ্রোভ প্রজাতির বর্ধন হার নিরূপন করা।		
খ) উপকূলীয় চরাঞ্চলে সৃজিত বিভিন্ন ম্যানগ্রোভ প্রজাতির ফেনোলজি পর্যবেক্ষণ করা।		
গ) উপকূলীয় টেকসই বন ব্যবস্থাপনার জন্য ভবিষ্যৎ বীজের উৎস সৃষ্টি করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>উপকূলীয় চরাঞ্চলে ও উঁচু ভূমিতে বিভিন্ন সময়ে ম্যানগ্রোভ, নন-ম্যানগ্রোভ, পাম প্রজাতি এবং ঔষধি প্রজাতির পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে। কেওড়া বনের অভ্যন্তরে বনায়নের জন্য ম্যানগ্রোভ প্রজাতির মধ্যে সুন্দরী, গেওয়া, পশুর, খলসী, সিংড়া, হেঁতাল ও গোলপাতা উপযুক্ত হিসাবে পাওয়া গেছে। যার ফলে ম্যানগ্রোভ প্রজাতির বাগানগুলি বিশেষ করে সুন্দরী, গেওয়া, খলসী প্রজাতিগুলি উপকূলীয় এলাকায় বীজের উৎস হিসাবে কাজ করেছে। উক্ত প্রজাতি সমূহের বীজ বনভূমিতে পতনের পর প্রাকৃতিকভাবে রিজেনারেশন সৃষ্টি হচ্ছে। আবার উঁচু ভূমিতে লাগানোর জন্য নন-ম্যানগ্রোভ প্রজাতির মধ্যে ঝাউ, রেইন ট্রি, খইয়া বাবলা, সাদা কড়ই, কালো কড়ই এবং বাবলা বনায়নের জন্য উপযুক্ত হিসাবে পাওয়া গেছে। আবারা ঔষধি প্রজাতির মধ্যে কাঠবাদাম, অর্জুন, খয়ের, নিম, কদম, পিতরাজ, বহেরা, হরিতকি এবং বকাইন প্রজাতিগুলোর বর্ধনহার ও বেঁচে থাকার হার সন্তোষজনক। সফল বাগানগুলি বর্তমানে রক্ষণাবেক্ষণ ও উপাত্ত সংগ্রহ করা হচ্ছে।</p> <p>পূর্ব উপকূলীয় অঞ্চলে উঁচু ভূমিতে ঝাউ, পায়রা, করনজা এবং বাবলা প্রজাতির মিশ্র মডেল বাগান সৃজন করা হয়েছে। মিশ্র বাগান বিবিধ বনজ সম্পদ উৎপাদন করে এবং নানাবিধ পরিবেশগত অবদান রাখে। অধিকন্তু মিশ্র বাগান একক প্রজাতির বাগান অপেক্ষা অধিক বায়োমাস উৎপাদন করে এবং অধিক পরিমাণ কার্বন শোষণ করে থাকে। উক্ত মিশ্র বাগানে ঝাউ এর বর্ধন হার সবচেয়ে বেশী পাওয়া গেছে।</p>		



উপকূলীয় চরাঞ্চলে সৃজিত বিভিন্ন ম্যানগ্রোভ ও নন-ম্যানগ্রোভ প্রজাতির বর্ধন হার নিরূপন করা।

প্রভাব :
ক) উপকূলীয় এলাকায় টেকসই ম্যানগ্রোভ বন সৃষ্টিতে অবদান রাখবে যা জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
খ) গুরুত্বপূর্ণ ম্যানগ্রোভ প্রজাতির বীজের উৎস সৃষ্টি হবে।
গ) উপকূলীয় কেওড়া বনের অভ্যন্তরে রিজেনারেশন বৃদ্ধি পাবে।
ঘ) চরাঞ্চলের ভূমি উঁচু এবং স্থায়ী হবে।
উপকারভোগীঃ বাংলাদেশ বন বিভাগ, উপকূলীয় জনগণ এবং বেসরকারী উন্নয়ন সংস্থা।

৬.স্টাডি়র নাম	:	Growth Performance of <i>Avicennia Alba</i> and <i>Avicennia Marina</i> In The Western Coastal Belt of Bangladesh
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২৪-২৫
উদ্দেশ্য	:	
ক) পশ্চিম উপকূলীয় এলাকায় বাইনের দুইটি প্রজাতির স্থানোপযোগিতা নিরূপণ করা।		
খ) পশ্চিম উপকূলীয় এলাকায় বাইনের দুইটি প্রজাতির বর্ধনহার নিরূপণ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
বাংলাদেশের পশ্চিম উপকূলীয় এলাকায় উপকূলীয় চরাঞ্চলে সাদা ও মরিচা বাইনের স্থানোপযোগিতা এবং বর্ধনহার নিরূপনের জন্য ৯০০০ টি চারা উত্তোলন পূর্বক ২.৮৮ হেক্টর পরীক্ষামূলক বাগান উত্তোলন করা হয়েছে।		



৬৯ ছবিঃ দুইটি প্রজাতির বাইন চাষের পরীক্ষামূলক বাগান

প্রভাবঃ
ক) পশ্চিম উপকূলীয় এলাকায় টেকসই ম্যানগ্রোভ বন সৃষ্টিতে অবদান রাখবে যা জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
খ) জীব বৈচিত্র্য বৃদ্ধি এবং ভূমি স্থায়ীকরণে ভূমিকা রাখবে।
উপকারভোগীঃ বাংলাদেশ বন বিভাগ, উপকূলীয় জনগণ এবং বেসরকারী উন্নয়ন সংস্থা।

বীজ বাগান বিভাগ

১.স্টাডির নাম	:	Development of Vegetative Propagation Techniques of Important Forest Tree Species of Gutguya and Banderhola
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ থেকে ২০২২-২-২০২৩
উদ্দেশ্য	:	
গুটগুইট্রা ও বান্দরহোলা প্রজাতির জন্য অঞ্জাজ প্রজননের কৌশল উন্নয়ন।		
গুটগুইট্রা ও বান্দরহোলা প্রজাতির মানসম্পন্ন বনায়ন সামগ্রী উৎপাদন ও সরবরাহকরণ।		
গবেষণা ফলাফল (Findings)		
এই স্টাডির অধীনে গুটগুইট্রা ও বান্দরহোলা প্রজাতির মোট ১৮টি মাতৃবৃক্ষ নির্বাচন করা হয়েছে। এছাড়া গ্রাফটিং এর জন্য ১৫,০০সংখ্যক রুটস্টক এবং ৪,০০০ সংখ্যক (গুটগুইট্রা-২,০০০ ও বান্দরহোলা-২০০০) কাটিং তৈরি করা হয়েছে।		



চিত্রঃ ডাটা সংগ্রহ



চিত্রঃ হরমোন সলিউশন তৈরি



চিত্রঃ মাতৃবৃক্ষ নির্বাচন



চিত্রঃ মাতৃবৃক্ষ নির্বাচন

প্রভাব : গুটগুইট্রা ও বান্দরহোলা প্রজাতির অঞ্জাজ প্রজননের কৌশল উন্নত হবে।

উপকারভোগী : বন বিভাগ, গবেষক, এনজিও, বিভিন্ন বৃক্ষরোপণকারী সংস্থা এবং ব্যক্তি পর্যায়ে বৃক্ষরোপণকারীগণ।

২.স্টাডি়র নাম	:	Early Evaluation and Production of Quality Planting Materials of Nine Important Forest Tree Species
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ থেকে ২০২২-২-২০২৩
উদ্দেশ্য	:	
মানসম্পন্ন বনায়ন সামগ্রীর মূল্যায়ন, উৎপাদন ও সরবরাহকরণ।		
বৃক্ষরোপনকারীদের সাথে সংযোগ উন্নয়নের মাধ্যমে মানসম্পন্ন চারার গুরুত্ব ও উপকারিতা সম্পর্কে তাদের অবগত করা ও সচেতনতা বৃদ্ধি।		
গবেষণা ফলাফল (Findings)		
হেড কোয়ার্টার নার্সারির অধীনে আগর, নীম, সেগুন, বৈলাম, তেলিগজর্ন, ঢাকীজাম, ধারমারা, হলদু ও নিম প্রজাতির মাতৃবৃক্ষ ও প্লাসট্রিসমূহ থেকে ২১৫ কেজি বীজ সংগ্রহ করে তা দিয়ে ৪০,০০০ সংখ্যক চারা উত্তোলন করা হয়েছে। এর মধ্যে ৩,০০০ চারা বিতরণের মাধ্যমে ১৫,০০০ টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে।		



চিত্রঃ নার্সারি বেডে রক্ষিত পলিব্যাগে বীজ বপন



চিত্রঃ নার্সারিতে উত্তোলিত মানসম্পন্ন চারা



চিত্রঃ নার্সারিতে উত্তোলিত মানসম্পন্ন চারা



চিত্রঃ চারা বিতরণ

প্রভাবঃ মানসম্পন্ন বনায়নসামগ্রীর অংশ হিসেবে উন্নতমানের চারার সমৃদ্ধি ঘটবে এবং বিভিন্ন বনায়নকারীদের কাছে তা সহজলভ্য হবে। এর ফলে বনায়নকারীগণ উন্নতমানের বনায়নসামগ্রী ব্যবহারে উদ্বুদ্ধ হবে যাতে করে ভবিষ্যতে বন সমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে।

উপকারভোগীঃ বন বিভাগ, এনজিও, বৃক্ষরোপণকারী সংস্থা এবং ব্যক্তিপর্যায়ে নার্সারি মালিকগণ।

৩. স্টাডির নাম	:	Development of Seed Sources of Boilam, Dharmara, Haldu, Civit and Gutgutya Through Establishment of Seedling Seed Orchard
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ থেকে ২০২৪-২০২৫
উদ্দেশ্য	:	
বৈলাম, ধারমারা, হলদু, সিভিট ও গুটগুইট্টা এই ৫টি বিলুপ্তপ্রায় প্রজাতি সংরক্ষণ।		
৫টি বিলুপ্তপ্রায় প্রজাতির বীজের উৎস তৈরি।		
গবেষণা ফলাফল (Findings)		
বৈলাম, ধারমারা, হলদু, সিভিট ও গুটগুইট্টা প্রজাতির ১২৮কেজি বীজ সংগ্রহ করে তা দিয়ে ৩৬,৫০০ সংখ্যক চারা উত্তোলন করা হয়। এ সমস্ত চারা পরবর্তী বছর বীজের উৎস তৈরিতে বীজবাগান প্রতিষ্ঠার জন্য ব্যবহার করা হবে।		



চিত্রঃ ডুলাহাজারা কেন্দ্রে উত্তোলিত হলদু প্রজাতির চারা



চিত্রঃ ডুলাহাজারা কেন্দ্রে উত্তোলিত বৈলাম প্রজাতির চারা



চিত্রঃ ইছামতি কেন্দ্রে উত্তোলিত ধারমারা প্রজাতির চারা



চিত্রঃ সালনা কেন্দ্রে উত্তোলিত গুটগুইট্টা প্রজাতির চারা

প্রভাবঃ বৈলাম, ধারমারা, হলদু, সিভিট ও গুটগুইট্টা এই ৫টি বিলুপ্তপ্রায় প্রজাতির বীজের উৎসের উন্নয়ন ঘটবে।

উপকারভোগীঃ : গবেষক, বন বিভাগ, এনজিও, জেলা নার্সারি মালিক সমিতি এবং ব্যক্তিপর্যায়ে নার্সারি মালিকগণ।

8.স্টাডির নাম	:	Enhancement of life span of Dharmara, Jarul and Toon seed through different storage media.
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ থেকে ২০২২-২-২০২৩
উদ্দেশ্য	:	
নির্বাচিত প্রজাতিসমূহের বীজ সংরক্ষণের জন্য একটি উপযুক্ত মিডিয়াম নির্বাচন।		
বীজ পরীক্ষণ ল্যাবের উন্নয়ন।		
গবেষণা ফলাফল (Findings)		
ধারমারা, জারুল ও তুন বীজের আয়ুষ্কাল বৃদ্ধির লক্ষ্যে বালি, রেফ্রিজারেটর, চকপাউডার, কাঠের গুড়া, ছাই ও খোলা আবস্থায় মোট ৬(ছয়) ধরনের storage behaviour পরীক্ষণ করা হয়েছে। জারুল ও তুন বীজের পরীক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ধারমারা বীজের ক্ষেত্রে সবচেয়ে ভাল ফলাফল পাওয়া গিয়েছে ফ্রিজে (নরমাল) সংরক্ষণের ক্ষেত্রে। সাধারণ অবস্থায় ১৫-২১ দিন পর্ত ধারমারা বীজের আয়ুষ্কাল থাকলেও এ পরীক্ষণের ফলে ৭২ (বায়াত্তর) দিন পর্যন্ত বীজের (ফ্রিজে) আয়ুষ্কাল বৃদ্ধি করা সম্ভব হয়েছে।		



চিত্রঃ ধারমারা বীজ নিষ্কাশন



চিত্রঃ ধারমারা বীজের তথ্য-উপাত্ত গ্রহণ



চিত্রঃ শুষ্কবালিতে বীজ সংরক্ষণ



চিত্রঃ বিভিন্ন মিডিয়াতে বীজ সংরক্ষণ



চিত্রঃ সংরক্ষিত বীজের অংকুরোদগম পরীক্ষণ



চিত্রঃ অংকুরিত বীজের তথ্য-উপাত্ত সংগ্রহ

প্রভাব : ধারমারা, জারুল ও তুন প্রজাতির বীজের আয়ুষ্কাল বৃদ্ধি করার উপযুক্ত কৌশল খুঁজে পাওয়া যাবে। কৌশল/পদ্ধতিগুলো ব্যবহার করে ভবিষ্যতে চারা উত্তোলন কারী সকল সংস্থা উপকৃত হবে।

উপকারভোগী : বন বিভাগ, গবেষকগণ, এনজিওসমূহ, জেলা নার্সারি মালিক সমিতি এবং বিভিন্ন চারা উত্তোলনকারী সংস্থাসমূহ।

সিলভিকালচার জেনেটিক্স বিভাগ

১.স্টাডির নাম	:	Molecular Characterization of Endangered Forest Tree Species Viz. Boilam (Anisoptera Scaphula), Shada Gorjan (Dipterocarpus Costatus) and Telia Garjan (Dipterocarpus Turbinatua) Through DNA Barcoding.
সময়কাল (Duration)	:	২০২০-২১ হতে ২০২২-২৩
উদ্দেশ্য	:	
ক. সংক্ষিপ্ত DNA সিকুয়েন্সিং এর মাধ্যমে মলিকুলার পর্যায়ে উদ্ভিদের চারিত্রিক বৈশিষ্ট্য শনাক্তকরণ।		
খ. একই প্রজাতির উদ্ভিদ সদস্য, বিভিন্ন জাত বা আর্ন্তজাতের মধ্যে বিদ্যমান বৈশিষ্ট্যের বিভিন্নতা সঠিকভাবে নিরূপন।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> • সিলভিকালচার জেনেটিক্স বিভাগের নার্সারিতে নমুনা সংগ্রহের জন্য বৈলাম, তেলি গর্জন এবং সাদা গর্জন প্রজাতির চারা উত্তোলন ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে। • CTAB পদ্ধতিতে DNA আইসোলেশন প্রটোকল নির্বাচন করা হয়েছে। • DNA এর গুণগত ও পরিমাণগত মান নির্ণয় করার পদ্ধতি নির্বাচন করা হয়েছে। • DNA amplification প্রক্রিয়া নির্ধারণ করা হয়েছে। 		


প্রভাব : দ্রুত উদ্ভিদ প্রজাতি শনাক্তকরণের মাধ্যমে প্রাকৃতিক পরিবেশে তার বর্তমান অবস্থা, বিবর্তনের ধারা এবং জাতিগত সম্পর্ক নিরূপণপূর্বক জিন পর্যায়ে তথ্য উপাত্ত ইলেকট্রনিক লাইব্রেরিতে সংরক্ষণ করা যাবে।

উপকারভোগী : দেশের বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি উদ্যোগ।




চিত্র : মলিকুলার গবেষণায় ব্যবহারের জন্য নার্সারিতে উত্তোলিত নির্বাচিত বৃক্ষ প্রজাতি।

২.স্টাডি়র নাম	:	Micro-Propagation And Genetic Analysis of Variation In Regenerated Plants of. African Teak Oak (<i>Chlorophora Excelsa</i>), Boilam (<i>Anisoptera Scaphula</i>) And Taxodium (<i>Taxodium Mucronatum</i>).
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক. বিলুপ্ত প্রায় বৃক্ষ প্রজাতির চারা উৎপাদনে টিস্যুকালচার কৌশল উদ্ভাবন।		
খ. নির্বাচিত বৃক্ষ সমূহের গুনাগুন সম্পন্ন উন্নত চারা উৎপাদন ও সংরক্ষণ।		
গ. উৎপাদিত টিস্যুকালচারজাত চারার কৌলিক বিশ্লেষণ।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> • টিস্যুকালচারের মাধ্যমে African teak oak, Boilam এবং Taxodium প্রজাতির চারা তৈরির কৌশল উদ্ভাবন প্রক্রিয়া সূচনা করা হয়েছে। • সরাসরি চারা উৎপাদনের লক্ষ্যে নির্বাচিত মাতৃবৃক্ষের ক্ষুদ্র অংশ যেমন কাণ্ডের শীর্ষভাগ ও কাঙ্ক্ষিক মুকুল কালচার করা হয়। • কালচার থেকে পর্যাণ্ড বিটপ (shoot) উৎপাদন প্রক্রিয়া অব্যাহত আছে। 		
<p>প্রভাব : যে সকল বৃক্ষ প্রজাতির বীজ পাওয়া যায় না, বীজের স্ফলতা রয়েছে এবং বীজের আয়ুষ্কাল ও অঙ্কুরোদগম হার কম সে সকল উদ্ভিদ প্রজাতির চারা উৎপাদনে কোনরূপ ঋতুর প্রভাব ছাড়াই টিস্যুকালচার পদ্ধতিতে সারা বছর উন্নত চারা উৎপাদন করা যায়। ফলে বিলুপ্তপ্রায় উদ্ভিদ প্রজাতির চারা উৎপাদন ও সংরক্ষণের পাশাপাশি চারার চাহিদা পূরণ করা সম্ভব হবে। ফরেস্ট জেনেটিক রিসোর্স বৃদ্ধি এবং জীববৈচিত্র্য রক্ষায় ভূমিকা রাখবে।</p>		
<p>উপকারভোগী : দেশের বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি উদ্যোক্তা।</p>		




চিত্র : টিস্যুকালচার গবেষণায় ব্যবহারের জন্য নির্বাচিত মাতৃবৃক্ষের উৎস। আফ্রিকান টিকওক (ক,খ) এবং ট্যাগে ডিয়াম (গ,ঘ)



চিত্র : টিস্যুকালচার গবেষণায় কাণ্ডশীর্ষ থেকে আফ্রিকান টিকওক (ক) বৈলাম (খ) এবং ট্যাগে ডিয়াম (গ) এর সরাসরি চারা উৎপাদন সূচনা

৩. স্টাডির নাম	:	Development Of Tissue Culture Techniques For Four New Bamboo Species Viz., <i>Dendrocalamus Asper</i>, <i>D. Sinicus</i>, <i>D. Latiflorous</i>, And <i>D. Edulis</i>.
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক. চীনের গুরুত্বপূর্ণ ৪ টি নতুন বাঁশ প্রজাতির চারা উত্তোলনে টিস্যুকালচার কৌশল উদ্ভাবন।		
খ. নির্বাচিত প্রজাতিগুলির চারা উৎপাদন, মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও সংরক্ষণ করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> • উদ্ভিদের অঙ্গ প্রজনন প্রক্রিয়ার আধুনিক কৌশল টিস্যুকালচারের মাধ্যমে কম সময়ে মাতৃ বাঁশের গুনাগুন সম্পন্ন উন্নত চারা উৎপাদন করা হয়। • টিস্যুকালচার প্রক্রিয়ায় মাধ্যমে উল্লেখিত বাঁশ প্রজাতির চারা তৈরীর কৌশল উদ্ভাবনে কালচার সূচনা করা হয়েছে। • এ্যাসপার প্রজাতির টিস্যুকালচারজাত চারা মাটিতে স্থানান্তর করা হয়েছে এবং অন্যগুলি প্রক্রিয়াধীন রয়েছে। 		
<p>প্রভাব : প্রাকৃতিকভাবে বাঁশের ফুল আসতে প্রজাতি ভেদে ২৫-৭০ বছর পর্যন্ত সময় লাগে। তদুপরি ফুল আসলেও সকল প্রজাতির বাঁশে বীজ পাওয়া যায় না। ফলে বীজ দ্বারা বাঁশের চারা উৎপাদন ও চাষ সম্ভব হয় না। তাছাড়া প্রচলিত পদ্ধতিতে সকল প্রজাতির বাঁশের চারা তৈরী করা সময় ও ব্যয় সাপেক্ষে এক্ষেত্রে টিস্যুকালচারের মাধ্যমে কম সময়ে, কম খরচে, স্বল্প পরিসরে সারা বছর মাতৃবাঁশের গুনাগুন সম্পন্ন প্রচুর সংখ্যক চারা উৎপাদনের মাধ্যমে চাহিদা পূরণ করা যাবে।</p>		
<p>উপকারভোগী : দেশের বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি উদ্যোক্তা।</p>		



চিত্র : বিভিন্ন প্রজাতির বাঁশের বিটপ উৎপাদন। সিনিকাস (ক,খ); মুসো (গ,ঘ) এ্যাসপার (ঙ,চ)



চিত্র : এ্যাসপার বাঁশের টিস্যুকালচার কৌশল

৪.স্টাডির নাম	:	Optimization Of Seedling Production And Mass Propagation Of Ten Important Village Bamboos Through Branch Cutting Technique And Seedling Proliferations
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক. বাঁশের চারা ভোজ্য সাধারণের মাঝে সহজলভ্য করা এবং উদ্ভাবিত প্রযুক্তির সম্প্রসারণ।		
খ. বিভিন্ন ভোজ্য সাধারণের সাথে বন্ধন সৃষ্টি করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> ● বিভিন্ন প্রজাতির বাঁশের কণ্ডিকলমের উপর ঋতুর প্রভাব নির্ণয়ে সেপ্টেম্বর ২০২০, মার্চ- জুন ২০২১ মাসে পর্যায়ক্রমে বরাক, ব্রাডিসি, তল্লা, ভুদুম, কাঁটা, মিতিঙ্গা, মাকলা, করজবা, ফাবুয়া, মেম্বা ও মিরতিঙ্গা এর কণ্ডিকলম প্রোপাগেশন বেডে লাগানো হয়। ● কলমে শিকড় উৎপাদনের লক্ষ্যে ২ ধরনের হরমোন IBA ও NAA বিভিন্ন ঘনমাত্রায় নির্দিষ্ট সময় প্রয়োগ করা হয়। ● গবেষণা ফলাফলে বিভিন্ন প্রজাতির বাঁশের কণ্ডিকলমের উপর ঋতু এবং হরমোনের প্রভাব বিশেষভাবে পরিলক্ষিত হয়। ● গবেষণা ফলাফলের ভিত্তিতে শিকড়যুক্ত কণ্ডিকলম মাটিভর্তি পলিব্যাগে স্থানান্তর প্রক্রিয়া চলমান রয়েছে। 		

প্রভাব : বাঁশের চারা উৎপাদন বৃদ্ধি এবং সহজলভ্য হওয়ায় বাঁশ চাষের প্রতি সাধারণ মানুষের আগ্রহ বৃদ্ধির সাথে সাথে বাঁশ চাষ সম্প্রসারিত হচ্ছে।
উপকারভোগী : দেশের বিভিন্ন সরকারী, বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি উদ্যোগ।



চিত্র : প্রোপাগেশন বেডে লাগানো বিভিন্ন প্রজাতির বাঁশের কণ্ডিকলমের উপর ঋতু এবং হরমোনের প্রভাব পর্যবেক্ষণ।

৫.স্টাডি়র নাম	:	Development Of Improved Protocols For <i>In Vitro</i> Plant Regeneration Of Selected Rubber (<i>Hevea Brasiliensis</i>) Clones.
সময়কাল (Duration)	:	২০১৬-২০১৭ হতে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক. নির্বাচিত উচ্চ ফলনশীল মাতৃ রাবার গাছের গুনাগুন সম্পন্ন অধিক সংখ্যক চারা উৎপাদনে টিস্যু কালচার কৌশল উদ্ভাবন।		
খ. টিস্যুকালচার পদ্ধতিতে রাবার চারার কৌলিক গুনাগুন নির্ণয়ের মাধ্যমে একটি হোমোজেনিয়াস প্লান্ট পপুলেশান উৎপাদন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> • উচ্চ ফলনশীল রাবারের চারা উৎপাদনের জন্য বিএফআইডিসি এর সাতগাঁও, শ্রীমঙ্গল ও মধুপুর, টাঙ্গাইল এর রাবার বাগানে নির্বাচিত মাতৃ রাবার গাছ এবং মালয়শিয়ান রাবার ক্লোন হতে নমুনা সংগ্রহ করা হয়েছে। • Shoottip culture, multiple shoot উৎপাদন optimize করে সরাসরি পদ্ধতিতে চারা উৎপাদনের জন্য টিস্যুকালচার ল্যাবে কালচার করা হয়। • প্রাথমিক কালচার সূচনা, shoot উৎপাদন এবং চারা তৈরীর পরবর্তী ধাপগুলি পর্যায়ক্রমে সম্পন্ন করার জন্য গবেষণা অব্যাহত আছে। • Indirect regeneration প্রক্রিয়ায় embryo থেকে ক্যাসাস উৎপাদন, বৃদ্ধি এবং regeneration পর্যায়ে গবেষণা চলমান রয়েছে। 		

প্রভাব : এ প্রক্রিয়ার মাধ্যমে উচ্চ ফলনশীল রাবার গাছের গুনাগুন সম্পন্ন অধিক সংখ্যক চারা উৎপাদিত হবে। মাঠ পর্যায়ে সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশের রাবার উৎপাদন বৃদ্ধি করা সম্ভব হবে।

উপকারভোগী : দেশের সরকারি, বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন রাবার উৎপাদনকারী প্রতিষ্ঠান।



চিত্র : টিস্যুকালচারের মাধ্যমে নির্বাচিত উচ্চ ফলনশীল রাবার গাছের উৎপাদিত বিটপে শিকড় উৎপাদন পর্যবেক্ষণ।

সিলভিকালচার রিসার্চ বিভাগ

১.স্টাডির নাম	:	Growth Assessment of Established Plantations At Four Silviculture Research Station.
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২৪-২০২৫
উদ্দেশ্য	:	
<ul style="list-style-type: none"> ● বাংলাদেশের চারটি ডেড্রো-ইকোলজিক্যাল অঞ্চলে অবস্থিত বন গবেষণা কেন্দ্রে সমাপ্ত পরীক্ষামূলক বাগানের বিভিন্ন বৃক্ষ প্রজাতির বৃদ্ধি মূল্যায়ন করা। ● গাছের বৃদ্ধির প্রভাবক গুলো নির্ধারণ ● বিভিন্ন প্রজাতির বৃক্ষের বন চাষ পদ্ধতি নির্ধারণ 		
গবেষণা ফলাফল (Findings)		
<p>এ স্টাডির আওতায় সিলভিকালচার রিসার্চ বিভাগের চারটি গবেষণা কেন্দ্র যথা: কেওঁচিয়া- সাতকানিয়া, চট্টগ্রাম; চরকাই-বিরামপুর, দিনাজপুর, লাউয়াছড়া, শ্রীমঙ্গল এবং চারালজানি, মধুপুর গবেষণা কেন্দ্রে ২০২০-২০২১ সনের বিভিন্ন প্রজাতির যথাক্রমে ৫.৫ হে.; ১১.৫ হেক্টর; ১১.৫ হেক্টর এবং ১. হেক্টর সহ সর্বমোট ৩০ হেক্টর সংরক্ষিত দেশীয় বৃক্ষ প্রজাতির রক্ষণাবেক্ষণ, পরিচর্যা ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে (টেবিল- ১)।</p> <ul style="list-style-type: none"> ● চরকাই বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ১০ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে ডুমুরের সর্বোচ্চ গড় উচ্চতা ৬.৮৮ মিটার ও গড় ব্যাস ১৪.৫৮ সেন্টিমিটার পাওয়া গেছে (টেবিল- ২)। ● চরকাই বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ১ হেক্টর শালবাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে স চারা দ্বারা সৃষ্ট গাছের বর্ষা গড় উচ্চতা ৩.৯৮ মিটার ও গড় ব্যাস ৯.৫৫ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল- ৩) ● চরকাই বন গবেষণা কেন্দ্রে ২০১৩ সালের ০.৫ হেক্টর এক্স সিটু বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে তেলসুরের সর্বোচ্চ গড় উচ্চতা ৪.৯৫ মিটার ও গড় ব্যাস ১৩.৮ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল- ৪) ● কেওঁচিয়া বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ৪.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে মিনজিরির সর্বোচ্চ গড় উচ্চতা ৭.৭০ মিটার ও গড় ব্যাস ১২.৬১ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-৫) ● কেওঁচিয়া বন গবেষণা কেন্দ্রে ১ হেক্টর লোহাকাঠ কপিস বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে ১ম প্লটে সর্বোচ্চ গড় উচ্চতা ৪.২ মিটার ও ২য় প্লটে সর্বোচ্চ গড় ব্যাস ৮.১ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-৬) ● লাউয়াছড়া বন গবেষণা কেন্দ্রে ২০১২ সালের ৩.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে লোহাকাঠের সর্বোচ্চ গড় উচ্চতা ৭.৯৭ মিটার ও গড় ব্যাস ২৬.৮৮ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-৭) ● লাউয়াছড়া বন গবেষণা কেন্দ্রে ২০১৩ সালের ২ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে আগরের সর্বোচ্চ গড় উচ্চতা ৬.৫৭ মিটার ও গড় ব্যাস ১৭.৩৫ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-৮) ● লাউয়াছড়া বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ৬ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে মিনজিরির সর্বোচ্চ গড় উচ্চতা ৬.২ মিটার ও গড় ব্যাস ৮.৯ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-৯) ● চাডালজানি বন গবেষণা কেন্দ্রে ২০০৮ সালের ০.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে শালের সর্বোচ্চ গড় উচ্চতা ৯.৯ মিটার ও গড় ব্যাস ১৪.৫ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-১০) ● চাডালজানি বন গবেষণা কেন্দ্রে ২০০৭ সালের ০.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে আকাশমনির সর্বোচ্চ গড় উচ্চতা ১৬.৩৩ মিটার ও গড় ব্যাস ১৪.৩৫ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-১১) ● চাডালজানি বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ০.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস নির্ণয় করা হয়েছে। এর মধ্যে রেইনট্রি সর্বোচ্চ গাছের গড় উচ্চতা ১২.৫ মিটার ও গড় ব্যাস ১৪.৪ সেন্টিমিটার পাওয়া গেছে। (টেবিল-১২) 		

টেবিল:-১: সিলভিকালচার অপারেশন এর জমির পরিমাণ বৃক্ষরোপনের বছর এবং গবেষণা প্লটে প্রাপ্ত প্রজাতির সংক্ষিপ্তসার

	স্টেশনের নাম	সিলভিকালচার অপারেশন এর জায়গার পরিমাণ (হেক্টর)	বৃক্ষরোপনের সাল	প্রজাতির সংখ্যা
১	চরকাই	১০.০	২০১৫	২৬
		১.০	২০১৫	১ (শাল)
		০.৫	২০১৩	৫
২	কেওঁচিয়া	৪.৫	২০১৫	১৬
		১.০	২০১৫ (কপিস)	১ (লোহাকাঠ)
৩	লাউয়াছড়া	৩.৫	২০১২	১৭
		২.০	২০১৩	১২
		৬.০	২০১৫	২৬
৪	চাড়ালজানি	০.৫	২০০৪	৪
		০.৫	২০০৭	৬
		০.৫	২০১৫	৯
	সর্বমোট জমির পরিমাণ	৩০ হেক্টর		

টেবিল ২: চরকাই বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ১০ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছটাইকরণ (%)
১. আমলকি	<i>Phyllanthus emblica</i>	৪.৫৭	৯.২	৩০
২. দেশী গাব	<i>Diospyros malabarica</i>	৩.৭২	৭.৭৭	৩০
৩. শিমুল	<i>Bombax ceiba</i>	৫.৪৬	১০.৭	৩০
৪. কানাইডিঙ্গা	<i>Oroxylum indicum</i>	৫.৭৭	১১.২২	৩০
৫. চিকরাশি	<i>Chukrasia tabularis</i>	৬.০৩	১১.৯	৩০
৬. শিলকড়ই	<i>Albizia procera</i>	৬.৬২	১২.০৫	৩০
৭. কন্যারি	<i>Gardenia coronaria</i>	৫.৩৮	১১.১০	৩০
৮. ডুমুর	<i>Ficus recemosa</i>	৬.৮৮	১৪.৫৮	৩০
৯. ঢাকি জাম	<i>Syzygium firmum</i>	৩.৫৫	৯.৫৫	৩০
১০. বাউ	<i>Casuarina equisetifolia</i>	৪.৭৬	১০.৭	৩০
১১. আতা ফল	<i>Annona reticulata</i>	৩.৩৩	৭.৭৫	৩০
১২. আগর	<i>Aquilaria agallocha</i>	৩.৯	৯.৭৭	৩০
১৩. পিতরাজ	<i>Aphanamixis polystachya</i>	৫.৭৮	১১.২০	৩০
১৪. ভেলা	<i>Semecarpus anacardium</i>	৪.৫	৯.৯৫	৩০
১৫. পলাশ	<i>Butea monosperma</i>	৪.৫৫	৯.৩০	৩০
১৬. হলদু	<i>Haldina cordifolia</i>	৪.৬	১০.৬৫	৩০
১৭. ক্ষুদিজাম	<i>Syzygium cymosum</i>	৪.৩০	৯.৪৫	৩০
১৯. বকুল	<i>Mimusops elengi</i>	৩.৫৫	৯.৪৩	৩০
২০. উদাল	<i>Hibiscus macrophyllus</i>	৪.৫৬	৯.৪০	৩০
২১. অর্জুন	<i>Terminalia arjuna</i>	৪.৭৫	১০.৯৭	৩০
২২. রক্তচন্দন	<i>Pterocarpus santalinus</i>	৩.৮	৮.৯	৩০
২৩. কালকড়ই	<i>Albizia lebbek</i>	৫.১৫	১১.৬৬	৩০
২৪. কানজলভাদি	<i>Bischofia javanica</i>	৫.৩৫	১১.৯৯	৩০
২৫. মটরকড়ই	<i>Albizia procera</i>	৫.১৫	১০.৯০	৩০
২৬. রং	<i>Meliosma simolicifolia</i>	৪.৬৬	১০.৪৫	৩০

টেবিল:-৩: চরকাই বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ১ হেক্টর শালবাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

বপন কৌশল	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
চারার	৩.৯৮	৯.৫৫	২৫
স্টাম্প	৩.৭৫	৯.১৮	২৫
সরাসরি বীজ বপন	৩.৬	৮.৮৮	২৫

টেবিল:-৪: চরকাই বন গবেষণা কেন্দ্রে ২০১৩ সালের ০.৫ হেক্টর এক্স সিটু বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস.

প্রজাতি	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
১. তেলসুর	৪.৯৫	১৩.৮	২৫
২. সোনালু	৪.৪৫	১২.৫৯	২৫
৩. তিতগিলা	৪.১৩	১০.৫৫	২৫
৪. কন্যারি	৫.৬৬	১৩.৭৫	২৫
৫. একাশি (হাইব্রিড)	৪.৫৬	১৪.৪৫	২৫

টেবিল:-৫: কোঁচিয়া বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ৪.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
১. কুম্বি	<i>Careya arborea</i>	৩.৭৫	৯.২	২৫
২. বকুল	<i>Mimusops elengi</i>	৩.৮৮	৬.৫২	২৫
৩. লোহাকারি	<i>Xylia xylocarpa</i>	৪.২	১১.৩৭	২৫
৪. তেলিগর্জন	<i>Dipterocarpus turbinatus</i>	৩.১৫	৯.৫৭	২৫
৫. শাল	<i>Shorea robusta</i>	৩.২৩	৭.৫৬	২৫
৬. ঢাকিজাম	<i>Syzygium grande</i>	৩.৯৮	৮.৮৬	২৫
৭. গোলাপজাম	<i>Syzygium jambos</i>	৩.২৫	৭.০৬	২৫
৮. তেলসুর	<i>Hopea odorata</i>	২.৭৮	৬.২৫	২৫
৯. কাজুবাদাম	<i>Anacardium occidentale</i>	৪.৪৮	৭.৮৫	২৫
১০. হরিতকি	<i>Terminalia chebula</i>	৩.৯৭	৭.৮৭	২৫
১১. সিভিট	<i>Swintonia floribunda</i>	৪.৫৬	৮.৪২	২৫
১২. বহেরা	<i>Terminalia bellirica</i>	৩.৩৩	৬.৫৬	২৫
১৩. ছাতিয়ান	<i>Alstonia scholaris</i>	৫.৭৮	৯.৫	২৫
১৪. আগর	<i>Aquilaria agallocha</i>	৫.৫৬	৯.৬১	২৫
১৫. মিনজিরি	<i>Senna siamea</i>	৭.৭০	১২.৬১	২৫
১৬. ক্যারাং	<i>Pongamia pinnata</i>	৩.৮৭	৭.৪১	২৫

টেবিল:-৬ঃ কেঁওচিয়া বন গবেষণা কেন্দ্রে ১ হেক্টর লোহাকাঠ কপিস বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্লট	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
প্লট -১	৪.২	৭.৪৫	২০
প্লট -২	৩.৭৮	৮.১	২০
প্লট -৩	৩.৬৬	৭.২	২০

টেবিল:-৭ঃ লাউয়াছড়া বন গবেষণা কেন্দ্রে ২০১২ সালের ৩.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
১. রক্তন	<i>Lophopetalum wightianum</i>	৪.৫৮	১৩.৩	৩০
২. লোহাকাঠ	<i>Xylia xylocarpa</i>	৭.৯৭	২৬.৮৮	৩০
৩. তুন	<i>Toona ciliata</i>	৭.৭	২৫.৩	৩০
৪. চিকরশি	<i>Chukrasia tabularis</i>	৫.৭৮	১৩.৯	৩০
৫. লাল আউয়াল	<i>Vitex pinnata</i>	৫.৯	১৮.৪	৩০
৬. হারগজা	<i>Dillenia pentagyna</i>	৫.৮৫	১৫.৫৪	৩০
৭. আগর	<i>Aquilaria agallocha</i>	৩.৮৮	১৩.৭৫	৩০
৮. বাটনা	<i>Castanopsis indica</i>	৬.৩৭	১৩.৩৫	৩০
৯. ডুমুর	<i>Ficus racemosa</i>	৪.৮৭	৭.৪৬	৩০
১০. কাঁকড়া	<i>Glochidion lanceolarium</i>	৬.৫৫	১৯.৩৪	৩০
১১. বহেরা	<i>Terminalia bellirica</i>	৬.৪৭	২০.৬	৩০
১২. কানাইডিঙ্গা	<i>Oroxylum indicum</i>	৫.৮৭	১৮.৫	৩০
১৩. কাঁঠাল	<i>Artocarpus heterophyllus</i>	২.৭৮	৯.৭৬	৩০
১৪. আম	<i>Mangifera indica</i>	২.৯৫	৬.৫৬	৩০
১৫. চাপালিশ	<i>Artocarpus chama</i>	৩.৮৫	১০.৫	৩০
১৬. কাউ	<i>Olea dioica</i>	২.৭৭	৭.৪৬	৩০
১৭. শাল	<i>Shorea robusta</i>	২.৯	৯.৫৭	৩০

টেবিল: - ৮: লাউয়াছড়া বন গবেষণা কেন্দ্রে ২০১৩ সালের ২ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
১. ধূপ	<i>Canarium strictum</i>	৪.৬	৯.২	৩০
২. চিকরাশি	<i>Chukrasia tabularis</i>	৪.৪৯	৮.৪	৩০
৩. ডুমুর	<i>Ficus racemosa</i>	২.৪	৬.৫	৩০
৪. পেয়ারা	<i>Psidium guajava</i>	৫.৩	১১.২	৩০
৫. সেগুন	<i>Tectona grandis</i>	৫	৮.৯৬	৩০
৬. জারুল	<i>Lagerstroemia speciosa</i>	৫.৫	৯.৭৫	৩০
৭. লালআউয়াল	<i>Vitex pinnata</i>	৬	১৬.২	৩০
৮. আগর	<i>Aquilaria agallocha</i>	৬.৫৭	১৭.৩৫	৩০
৯. তুন	<i>Toona ciliata</i>	৫.০২	৯.৮	৩০
১০. বাটনা	<i>Castanopsis indica</i>	৪.৮৯	৮.২৫	৩০
১১. পিটালি	<i>Malotus nudiflorus</i>	৪.২	৯.১৫	৩০

টেবিল:-৯: লাউয়াছড়া বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ৬ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
১. শাল	<i>Shorea robusta</i>	৫.৯৮	৭.৬৬	২৫
২. গর্জন	<i>Dipterocarpus turbinatus</i>	৩.৬৮	৫.৭৫	২৫
৩. কালজাম	<i>Syzygium cumini</i>	৩.৯৭	৬.৩	২৫
৪. গামার	<i>Gmelina arborea</i>	৫.৬৫	৭.৩০	২৫
৫. বহেরা	<i>Terminalia bellirica</i>	৫.৮৫	৭.৫	২৫
৬. মিনজিরি	<i>Senna siamea</i>	৬.২	৮.৯	২৫
৭. কনক	<i>Schima wallichii</i>	৬.১	৮.১	২৫
৮. সেগুন	<i>Tectona grandis</i>	৪.৫৭	৭.০৯	২৫
৯. আমলকি	<i>Phyllanthus emblica</i>	৪.৫৭	৬.৫৫	২৫
১০. সিভিট	<i>Swintonia floribunda</i>	৫.৪	৫.৯৬	২৫
১১. ঢাকিজাম	<i>Syzygium firmum</i>	৪.৯	৫.২	২৫
১২. খুদিজাম	<i>Syzygium cymosum</i>	৩.২	৫.৫৬	২৫
১৩. মেন্দা	<i>Litsea glutinosa</i>	৩.২৩	৫.৫	২৫
১৪. ছাতিম	<i>Alstonia scholaris</i>	১.৯৬	৪.৭	২৫
১৫. একাশিয়া (হাইব্রিড)	<i>Acacia hybrid</i>	৫	৮.৬	২৫
১৬. মিনিজারুল	<i>Lagerstroemia speciosa</i>	২.৭	৮.৩৫	২৫
১৭. আগর	<i>Aquilaria agallocha</i>	২.৪	৭.২	২৫
১৮. পারুল	<i>Stereospermum suaveolens</i>	৪.২	৭.১	২৫

১৯. উদাল	<i>Hibiscus macrophyllus</i>	৩	৬.৪	২৫
২০. চাপালিশ	<i>Artocarpus chama</i>	২.৪	৬.২	২৫
২১. অর্জুন	<i>Terminalia arjuna</i>	৬	১১.৯	২৫
২২. বন জলপাই	<i>Elaeocarpus rugosus</i>	৬	১১.৪	২৫
২৩. কাকরা	<i>Glochidion lanceolarium</i>	৩.৭	৭.৩৫	২৫
২৪. কাউ	<i>Olea dioica</i>	৪.৪	৬.৫৯	২৫
২৫. গোলাপজাম	<i>Syzygium jambos</i>	২.১	৫.১	২৫
২৬. সিধাজারুল	<i>Lagerstromia parviflora</i>	৫.২	৭.২	২৫

টেবিল:-১০: চাড়ালাজানি বন গবেষণা কেন্দ্রে ২০০৮ সালের ০.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
শাল	<i>Shorea robusta</i>	৯.৯	১৪.৫	৩০
আগর	<i>Aquilaria agallocha</i>	৬.৮৮	১৩.১	৩০
গান্ধি গজারি	<i>Milium velutina</i>	৯.৬৮	১১.৪	৩০
বকাইন	<i>Melia azedarach</i>	৮.৯৫	১০.৫	৩০

টেবিল:-১১: চাড়ালাজানি বন গবেষণা কেন্দ্রে ২০০৭ সালের ০.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
গর্জন	<i>Dipterocarpus turbinatus</i>	৬.৮৬	৭.১৩	৩০
আকাশমনি	<i>Acacia auriculiformis</i>	১৬.৩৩	১৪.৩৫	৩০
তেলসুর	<i>Hopea odorata</i>	১১.৪	১১.৫	৩০
হরিতকি	<i>Terminalia chebula</i>	৯.৬৭	৯.৭৮	৩০
কন্যারি	<i>Gardenia coronaria</i>	৬.৯৮	৯.৫	৩০
সেগুন	<i>Tectona grandis</i>	১০.৫৮	১২.৫	৩০

টেবিল:-১২: চাড়ালাজানি বন গবেষণা কেন্দ্রে ২০১৫ সালের ০.৫ হেক্টর বাগানের গাছের গড় উচ্চতা ও গড় ব্যাস

প্রজাতি	বৈজ্ঞানিক নাম	গড় উচ্চতা (মি)	গড় ব্যাস (সে.মি)	ডাল-পালা ছাটাইকরণ (%)
১. কাঞ্চন	<i>Bauhinia purpurea</i>	৭.৬৬	৮.৩	২৫
২. কন্যারি	<i>Gardenia coronaria</i>	৭.৯৫	১৩.২	২৫
৩. চিকরাশি	<i>Chukrasia tabularis</i>	৫.১	৭.৪৫	২৫
৪. আগর	<i>Aquilaria agallocha</i>	৪.৭৮	৬.৯	২৫
৫. রেইনট্রি	<i>Samanea saman</i>	১২.৫	১৪.৪	২৫
৬. বার্মা শিমুল	<i>Ceida pentandra</i>	৯.৭	৯.৩	২৫
৭. বহেরা	<i>Terminalia bellirica</i>	৪.৮	৪.২	২৫
৮. জারুল	<i>Lagerstroemia speciosa</i>	৬.৭	৭.২	২৫
৯. হরিতকি	<i>Terminalia chebula</i>	৭.৫৭	৬.৭	২৫



চিত্রঃ কেওচিয়াতে পাতলাকরন



চিত্রঃ কেওচিয়াতে ডাল-পালা ছাটাইকরণ



চিত্রঃ কেওচিয়াতে উপাত্ত সংগ্রহ



চিত্রঃ লাওয়াছড়াতে



চিত্রঃ লাওয়াছড়াতে ডাল-পালা
ছাটাইকরণ



চিত্রঃ লাওয়াছড়াতে উপাত্ত



চিত্রঃ চারালজানিতে



চিত্রঃ চারালজানিতে উপাত্ত সংগ্রহ



চিত্রঃ চারালজানিতে উপাত্ত



চিত্রঃ চরকাইতে



চিত্রঃ চরকাইতে ডাল-পালা
ছাটাইকরণ

প্রভাব : বাংলাদেশের বিভিন্ন ডেড্রো-ইকোলজিক্যাল অঞ্চলে বনায়নের জন্য স্থান উপযোগী প্রজাতি নির্ধারণ সহায়ক হবে এবং এদের উৎপাদন বৃদ্ধি সূচক নির্ধারণ সম্ভব হবে। বনায়নে সর্বোচ্চ ফলন নিশ্চিতকরণে সিলভিকালচারাল পদ্ধতি (আগাছা দমন, ডাল-পালা ছাটাইকরণ, পাতলাকরণ এবং কপিস উৎপাদন ক্ষমতা) নিরূপণ সহায়ক হবে।

উপকারভোগী : বন বিভাগ, কাঠ শিল্প, এনজিও, কৃষক, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য বনায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

২.স্টাডির নাম	:	Development of Nursery Techniques of Four Important Endangered Indigenous Forest Tree Species.
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২৩-২০২৪।
উদ্দেশ্য	:	
ক) দেশীয় বিলুপ্তপ্রায় গুরুত্বপূর্ণ চারটি বৃক্ষ প্রজাতির (গোঁদা, পারুল, কনক এবং গুর্জা বাটনা) চারা উত্তোলন কৌশল উন্নতকরণ।		
খ) গুনগত মান সম্পন্ন চারা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।		
গবেষণা ফলাফল (Findings) :		
এ স্টাডির আওতায় ২০২০-২১ অর্থ বছরে সিলভিকালচার বিভাগের প্রধান কার্যালয়ের নার্সারিতে দেশীয় চারটি বৃক্ষ প্রজাতির (গোঁদা, পারুল, কনক এবং গুর্জা বাটনা) চারা উত্তোলন কৌশল নিরূপণসহ ও ১০,০০০ হাজার চারা উত্তোলন করা হয়েছে। তন্মধ্যে প্রজাতির দুই প্রজাতির চারার উপাত্ত সংগ্রহ করা হয়েছে (টেবিল- ১ এবং টেবিল- ২)		
<ul style="list-style-type: none"> গুর্জা বাটনা, গোঁদা বিলুপ্তপ্রায় দেশীয় প্রজাতির চারা উত্তোলন কৌশল মাতৃবৃক্ষ নির্বাচন কাজ সম্পন্ন হয়েছে এবং বীজ সংগ্রহের কাজ চলমান রয়েছে। তিন মাস বয়সে চারার উপাত্ত (অংকুরোদগম হার, উচ্চতা, কলার ব্যাস ও জীবিতের হার) সংগ্রহ করা হয়েছে। 		
বীজ সংগ্রহ:		
<ul style="list-style-type: none"> নির্বাচিত চারটি বৃক্ষ প্রজাতির বীজ সংগ্রহের জন্য কাপ্তাই জেলার বিভিন্ন স্থানে ও লাউয়াছড়া, মৌলভীবাজার এলাকায় মাতৃবৃক্ষ নির্বাচনের কাজ সম্পন্ন করা হয়েছে। 		



চিত্রঃ গোদা বৃক্ষ প্রজাতির মাতৃবৃক্ষ নির্বাচন

নার্সারিতে চারা উত্তোলন কৌশলঃ

নার্সারি উত্তোলন কৌশল এর আওতায় কনক ও পারুল বীজ সংগ্রহ করে কোন ট্রিটমেন্ট এ পরিচালিত না করে সরাসরি তিনটি মাধ্যমে যথা: মাটির বেড়ে, বালির বেড ও পলিব্যাগে রোপণ করা হয়েছে এবং অংকুরোদগম হার এবং তিসমাস বয়সের চারার উচ্চতা, কলার ব্যাস ও জীবিতের হার সংগ্রহ করা হয়েছে (টেবিল- ১)।



নার্সারিতে কনকের চারা উত্তোলন কৌশলঃ

- নার্সারি উত্তোলন কৌশল এর আওতায় কনক ও পারুল বীজ সংগ্রহ করে কোন ট্রিটমেন্ট এ পরিচালিত না করে সরাসরি তিনটি মাধ্যমে যথা: মাটির বেডে, বালির বেড ও পলিব্যাগে রোপণ করা হয়েছে এবং অংকুরোদগম হার এবং তিসমাস বয়সের চারার উচ্চতা, কলার ব্যাস ও জীবিতের হার সংগ্রহ করা হয়েছে (টেবিল- ১)।

টেবিল ১ঃ হেড কোর্য়াটার নার্সারিতে কনকের উত্তোলিত চারার বর্ধন হার

পরীক্ষণ	অংকুরোদগম কাল (দিন)		অংকুরোদগম হার (%)	বাঁচার হার (%)	উচ্চতা(সেমি)	কলার ব্যাস(মিমি)	পাতার সংখ্যা
	শুরু	সমাপ্ত					
T ₁ (বালির বেডে)	৮	৯	৭৪	১০০	১২.৩	১.৬২	৯
T ₂ (মাটির বেডে)	৯	১২	৬০	৯৫	৪.০	০.৯৩	৬
T ₃ (পলিব্যাগে)	৯	২০	৫৫	১০০	৮.০	১.৩	৫



চিত্রঃ মাটির বেডে উত্তোলিত কনকের চারা



চিত্রঃ বালির বেডে উত্তোলিত কনকের চারা



চিত্রঃ পলিব্যাগে উত্তোলিত কনকের চারা



চিত্রঃ মাটির বেড হতে স্থানান্তরিত কনকের চারা



চিত্রঃ বালির বেড হতে স্থানান্তরিত কনকের চারা



চিত্রঃ পলিব্যাগে উত্তোলিত কনকের চারা

পারুল এর চারা উত্তোলন কৌশলঃ

সজীবতা পরীক্ষাঃ

নার্সারিতে পারুলের চারা উত্তোলন কৌশল নিরূপণে সিলভিকালচার রিসার্চ বিভাগের হেড কোয়ার্টার নার্সারিতে পারুলের সংগ্রহীত বীজ(মার্চ-এপ্রিল) প্রাথমিকভাবে বিভিন্ন সময়ের ব্যবধানে রোপণ করে সাধানরণ অবস্থায় বীজের সজীবতা পরীক্ষা করা হয়। পরীক্ষণে দেখা যায় যে সতেজ বীজ সংগ্রহের এক-তিন মাসের মধ্যে রোপণ করলে সর্বোচ্চ অঙ্কুরোদগম হার যথাক্রমে ৭৫.৬৬-৬৫ পাওয়া যায়। অন্যদিকে চার মাস পর রোপিত চারার অঙ্কুরোদগম হার ৪০ শতাংশ দেখা যায় (টেবিল ২)। তাই বলা যায় যে পারুল নির্দিষ্ট সময়ে পরিপক্ব বীজ সংগ্রহের এক থেকে তিন মাস পর্যন্ত সাধারন অবস্থায় সংরক্ষণ করা যায়।



চিত্রঃ পারুলের সংগ্রহিত বীজ

টেবিল ২ঃ হেড কোয়ার্টার নার্সারিতে বিভিন্ন সময় ব্যবধানে রোপিত কানাইডিজার চারার বর্ধন হার

পরীক্ষণ	অঙ্কুরোদগম কাল (দিন)		অঙ্কুরোদগম হার (%)	বাটার হার (%)
	শুরু	সমাপ্ত		
সংগ্রহের এক মাস পর	৭	১২	৭৫.৬৬	১০০
সংগ্রহের দুই মাস পর	৯	১১	৭৫	১০০
তিন মাস পর	৯	১০	৬৫	১০০
চার মাস পর	১২	৮	৪০	১০০

বর্ধন ক্ষমতা পরীক্ষণঃ

পারুলের চারা উত্তোলন কৌশল নিরূপণে প্রাথমিকভাবে তিনটি ভিন্ন উৎপাদন মাধ্যম (মাটির বেড, বালির বেড ও পলিব্যাগ) ব্যবহার করে সিলভিকালচার রিসার্চ বিভাগের হেড কোয়ার্টার নার্সারিতে বীজের অঙ্কুরোদগম হার ও চারার বর্ধন হার পর্যবেক্ষণ করা হয়। প্রতিটি মাধ্যমে ৫ গ্রাম(১গ্রাম=২৬ টি বীজ) বীজ তিনটি র‍্যাপলিকেশনে বপন করা হয়। পরীক্ষণে বালির বেডে পারুলের অঙ্কুরোদগম হার ও বর্ধন হার (৭৫ শতাংশ; ১০.৫ উ.; ২.৭৯ ব্য.) মাটির বেড (৬৫ শতাংশ; ৯.৫ উ.; ২.৪২ ব্য.) ও পলিব্যাগের (৫৯ শতাংশ; ৯.২ উ.; ২.২০) তুলনায় বেশি পরিপক্বিত হয় (টেবিল ৩; ছবি ২,৩)



চিত্রঃ মাটির বেড়ে পারুলের বীজ বপন



চিত্রঃ বালির বেড়ে পারুলের বীজ বপন



চিত্রঃ পলিব্যাগে পারুলের বীজ বপন



চিত্রঃ নার্সারিতে তিনটি উৎপাদন মাধ্যম হতে স্থানান্তরিত পারুলের চারা

টেবিল ৩ঃ হেড কোর্সার নার্সারিতে পারুলের উত্তোলিত চারার বর্ধন হার

পরীক্ষণ	অংকুরোদগম কাল (দিন)		অংকুরোদগম হার (%)	বাঁচার হার (%)	উচ্চতা(সেমি)	কলার ব্যাস (মিমি)	পাতার সংখ্যা
	শুরু	সমাপ্ত					
T ₁ (বালির বেড়ে)	৭	৬	৭৫	১০০	১০.৫	২.৭৯	৮
T ₂ (মাটির বেড়ে)	৯	৮	৬৫	১০০	৯.৫	২.৪২	৭
T ₃ (পলিব্যাগে)	১১	১১	৫৯	১০০	৯.২	২.২০	৭

প্রভাবঃ

- দেশীয় বিলুপ্তপ্রায় নির্বাচিত চারটি বৃক্ষ প্রজাতির চারা উত্তোলন সহজতর হবে।
- মান সম্পন্ন বীজ ও চারার উৎপাদনে সচেতনতা বৃদ্ধি পাবে।

উপকারভোগীঃ বন বিভাগ, এনজিও, কৃষক, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য বনায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

৩.স্টাডির নাম	:	Growth Performance of Three Indigenous Fast-Growing Tree Species Gamar (<i>Gmelina Arborea</i>), Toon (<i>Toona Ciliata</i>), And Shilkoroi (<i>Albizia Procera</i>).
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২৪-২০২৫
উদ্দেশ্য	:	
<ul style="list-style-type: none"> • দেশীয় দ্রুত বর্ধমানশীল বৃক্ষ প্রজাতির কাঠ এবং জ্বালানী উৎপাদনের জন্য বৃক্ষরোপণ কৌশল নিরূপন করা। • স্থান উপযোগী বৃক্ষ প্রজাতি নির্বাচন। • বর্ধন হার নিরূপন করা। 		
গবেষণা ফলাফল (Findings)		
এ স্টাডির আওতায় ২০২০-২১ অর্থ বছরে সিলভিকালচার বিভাগের তিনটি সিলভিকালচার রিসার্চ স্টেশনে পরীক্ষামূলক বাগান সৃজনের জন্য দেশীয় দ্রুত বর্ধমানশীল তিনটি বৃক্ষ প্রজাতির (তুন, গামার, শীলকড়ই) ৩০,০০০ চারা উত্তোলন করা হয়েছে। উত্তোলিত চারার উপাত্ত সংগ্রহ করা হয়েছে (টেবিল -১)		

টেবিল -১ গামার, শীলকড়ই, তুন এর অংকুরোদগম হার, উচ্চতা, কলার ব্যস ও বাঁচার হারের উপাত্ত সংগ্রহ

প্রজাতি	অংকুরোদগম হার (%)	উচ্চতা (সেমি)	কলার ব্যস (মিমি)	বাঁচার হার (%)
শীলকড়ই	৮০	১৯.৫৫	১.৩৩	৮৫
গামার	৭৫	২৬.০৩	২.০	৯১
তুন	৪৮	-	-	৭২



চিত্রঃ মাটি ও গোবর মিশ্রন তৈরি



চিত্রঃ বেডে পলিব্যাগ সাজানো



চিত্রঃ পানি দেয়া



তুনের চারা



গামারের চারা



শীলকড়ই এর চারা



কেঁওচিয়া নার্সারিতে উত্তোলিত তুনের
চারা



চাড়ালজানি নার্সারিতে উত্তোলিত
শীলকড়ই চারা



লাউয়াছড়া নার্সারিতে উপাত্ত সংগ্রহ

প্রভাব : আকাশমনির বিকল্প প্রজাতি নির্বাচন সহজতর হবে।

উপকারভোগী : বন বিভাগ, এনজিও, কৃষক, শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্যান্য বনায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

৪.স্টাডির নাম	:	Development of Plantation Technique of Jigni (<i>Trema Orientalis</i>) For Pulpwood Production.
সময়কাল (Duration)	:	২০১৬-২০১৭-২০২০-২০২১
উদ্দেশ্য	:	
ক) নালিতা/জিগনির চারা উত্তোলন কৌশল উন্নয়ন করা।		
খ) মন্ড/কাগজ উৎপাদনে নালিতা/জিগনির বনায়ন কৌশল উন্নয়ন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> এই স্টাডির অধীনে ২০২০-২০২১ অর্থ বছরে পাল্ল উৎপাদন মাত্রা পরীক্ষণের লক্ষ্যে হেড কোয়ার্টার নার্সারিতে চারা উত্তোলন কৌশল এবং পরীক্ষামূলক বাগান সৃষ্ণের জন্য সিলভিকালচার রিসার্চ বিভাগের চারটি গবেষণা কেন্দ্রে (কেওঁচিয়া-সাতকানিয়া, চট্টগ্রাম; চাডালজানি-মধুপুর, টাঙ্গাইল, চরকাই-বিরামপুর, দিনাজপুর এবং লাউয়াছড়া-শ্রীমঙ্গল, মৌলভীবাজার) ৯,০০০টি চারা উত্তোলন করা হয়েছে এবং ৭ হেক্টর পরীক্ষামূলক বাগান সৃষ্ণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে নালিতা ও গামারের প্রায় ৭ হেক্টর জায়গায় চারটি দূরত্বে (১.০x ১.০ মি.; ১.৫ x ১.৫ মি. এবং ২.০ x ২.০ মি.) মিশ্র বাগানের উপাত্ত সংগ্রহ করা হয়েছে (টেবিল-১,২)। বীজের অংকুরোদগম কাল, অংকুরোদগম হার এবং চারার অধিকতর বৃদ্ধির জন্য রাসায়নিক পরীক্ষণ স্টাম্প কাটিং সম্ভাব্যতা পরীক্ষণ করা হয়েছে। 		

টেবিল ১ঃ কেওঁচিয়া সিলভিকালচার গবেষণা কেন্দ্রে ২০১৯-২০২০ সালের বাগানে জিগনি ও গামারের বাঁচার হার, উচ্চতা (সেমি) ও কলার ব্যাস (মিমি)

গবেষণা কেন্দ্র	চারা রোপণের ব্যবধান	প্রজাতির নাম					
		জিগনি			গামার		
		বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)	বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)
কেওঁচিয়া-২০১৯	১.০ মি. x ১.০ মি.	৮৪	১৫৮.০০	১৩.৪৪	৮৩	১৪৬.০০	১৪.৪৭
	১.৫ মি. x ১.৫ মি.	৮৯	১৪০.০০	১৩.৩৯	৮৬	১৪৬.০০	১৪.১৭
	২.০ মি. x ২.০ মি.	৮৫	১৪৬.০০	১২.৮৫	৮৫	১৫১.০০	১৫.৭৬
কেওঁচিয়া-২০২০	১.০ মি. x ১.০ মি.	৯৪	৭৩	৬.৬৯	৮১	১০১	৯.৮৯
	১.৫ মি. x ১.৫ মি.	৯০	৫৮	৫.১১	৯২	১০৩	১১.১৪
	২.০ মি. x ২.০ মি.	৮৭	৬৬	৫.৬৩	৮৯	১০৮	১২.৪৪
	২.৫ মি. x ২.৫ মি.	৯৬	৬৮	৭.০৬	৬১	১০৮	১১.১১



চিত্রঃ ১.০ মি. x ১.০ মি. দূরত্বে নালিতা বাগান



চিত্রঃ ২.০ মি. x ২.০ মি. দূরত্বে গামার বাগান

টেবিল ২ঃ চাড়ালাজানি সিলভিকালচার গবেষণা কেন্দ্রে ২০২০ সালের বাগানে জিগনি ও গামারের বাঁচার হার, উচ্চতা (সেমি) ও কলার ব্যাস(মিমি)

গবেষণা কেন্দ্র	চারা রোপণের ব্যবধান	প্রজাতির নাম					
		জিগনি			গামার		
		বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)	বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)
চারালজানি -২০২০	১.০ মি. X ১.০ মি.	৮২	২২০.৭৬	৩৪.১০	৮৪	১৩১.১২	১৫.১৫
	১.৫ মি. X ১.৫ মি.	৮৫	২৬০.০১	৩৯.২৬	৮৩	১১৫.৪৬	১৩.৩৭
	২.০ মি. X ২.০ মি.	৮৯	২৪৯.৬২	৭০.৬৭	৭৭	১২৩.৭৬	১৩.৮২
	২.৫ মি. X ২.৫ মি.	৯২	২৫৯.০২	৩৯.২৪	৮২	১২৭.২৪	১৪.৫৮



চিত্রঃ টেবিল ৩ঃ চরকাই সিলভিকালচার গবেষণা কেন্দ্রে ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের বাগানে জিগনি ও গামারের বাঁচার হার
২.৫ মি. X ২.৫ মি. দূরত্বে নালিতা বাগান ১.৫ মি. X ১.৫ মি. দূরত্বে নালিতা ও গামার বাগান

গবেষণা কেন্দ্র	চারা রোপণের ব্যবধান	প্রজাতির নাম					
		জিগনি			গামার		
		বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)	বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)
চরকাই -২০১৮	০.৫ মি. X ০.৫ মি.	৮৯.০০	২.০৪	৩.১৭	৯০.০০	১.৮৯	২.৭৩
	১.০ মি. X ১.০ মি.	৯২.০০	২.৩২	৩.২০	৮৯.০০	১.৯০	২.৭১
	১.৫ মি. X ১.৫ মি.	৮৯.০০	২.০৯	৩.২৩	৯০.০০	১.৯৫	২.৭৬
	২.০ মি. X ২.০ মি.	৮৮.০০	১.৮১	২.৮৩	৮১.০০	১.৮৫	২.৭০
চরকাই -২০১৯	০.৫ মি. X ০.৫ মি.	৮৪.০০	১.৪৭	২.৯৮	৭৫.০০	১.১৬	৩.০
	১.০ মি. X ১.০ মি.	৮৬.০০	১.৫৯	৩.০৯	৭৮.০০	১.১২	২.৫২
	১.৫ মি. X ১.৫ মি.	৮৮.০০	১.৫৫	৩.০২	৭৮.০০	১.১২	২.৭৯
	২.০ মি. X ২.০ মি.	৮৬.০০	১.৪৬	২.৯৫	৭৬.০০	১.১৬	২.৭৬
চরকাই -২০২০	০.৫ মি. X ০.৫ মি.	৮০.০০	০.৬০	২.০	৮৫.০০	০.৫২	১.৮
	১.০ মি. X ১.০ মি.	৭৮.০০	০.৬৫	২.০	৮২.০০	০.৫৭	১.৯
	১.৫ মি. X ১.৫ মি.	৮২.০০	০.৬৭	২.১৩	৮০.০০	০.৫০	১.৭
	২.০ মি. X ২.০ মি.	৮২.০০	০.৬৩	২.০০	৮২.০০	০.৬০	২.০০



চিত্রঃ ১.০ মি. x ১.০ মি. দূরত্বে নালিতা বাগান



চিত্রঃ ১.৫ মি. x ১.৫ মি. দূরত্বে নালিতা বাগান

টেবিল ৪ঃ লাউয়াছড়া সিলভিকালচার গবেষণা কেন্দ্রে ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের বাগানে জিগনি ও গামারের বাঁচার হার, উচ্চতা (সেমি) ও কলার ব্যাস (মিমি)

গবেষণা কেন্দ্র	চারা রোপণের ব্যবধান	প্রজাতির নাম					
		জিগনি			গামার		
		বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)	বাঁচার হার	উচ্চতা (সেমি)	কলার ব্যাস (মিমি)
লাউয়াছড়া-২০২০	১.০ মি. x ১.০ মি.	১০০	১১৩.০০	১০.০০	৯৪	১০০.০	১০.০০
	১.৫ মি. x ১.৫ মি.	৯৬	১২১.০০	১০.০০	৮৮	১১৩.০০	১০.০০
	২.০ মি. x ২.০ মি.	৯৮	১১৯.০০	১০.০	৯১	১০৯.০০	১০.০০

সিলভিকালচার রিসার্চ বিভাগের চারটি কেন্দ্রে সর্বমোট সাত (৭) হেক্টর নালিতা ও গামারের পরীক্ষামূলক বাগান প্রতিষ্ঠা করা হয়েছে। পরীক্ষামূলক বাগান থেকে দেখা যায় যে,

- কেঁওচিয়া গবেষণা কেন্দ্রে জিগনি ও গামার বাগানের ক্ষেত্রে ১.৫ মি. x ১.৫ মি. দূরত্বে সর্বোচ্চ বর্ধন হার দেখা যায়।
- চাড়ালাজানি গবেষণা কেন্দ্রে জিগনি ও গামার বাগানের ক্ষেত্রে সমতল ভূমিতে উভয় প্রজাতির ক্ষেত্রে ১.৫ মি. x ১.৫ মি. দূরত্বে সর্বোচ্চ বর্ধন হার দেখা যায়।
- চরকাই গবেষণা কেন্দ্রে জিগনি ও গামার বাগানের ক্ষেত্রে সমতল ভূমিতে ১.৫ মি. x ১.৫ মি. দূরত্বে সর্বোচ্চ বাঁচার এবং বর্ধন হার পরিলক্ষিত হয়।
- লাউয়াছড়া গবেষণা কেন্দ্রে জিগনি ও গামার বাগানের ক্ষেত্রে পাহাড়ের সমতল অংশে ১.০ মি. x ১.০ মি. দূরত্বে সর্বোচ্চ বাঁচার হার (১০০%, ৯৪%) এবং উভয় প্রজাতির ক্ষেত্রে ১.৫ মি. x ১.৫ মি. দূরত্বে সর্বোচ্চ বর্ধন হার দেখা যায়।
- এ পরীক্ষণ থেকে দেখা যায় যে, মন্ড উৎপাদনে গামারের পাশাপাশি আমরা জিগনির চারাও লাগাতে পারি সেক্ষেত্রে গামারের বর্ধনে কোন ব্যাঘাত ঘটে নাই (টেবিল ১)।

স্টাম্প রোপন পদ্ধতিঃ

মৌসুম পূর্ব বৃষ্টিপাতের প্রথম বর্ষের শুরুতে (এপ্রিল - মে) স্টাম্প রোপণের উপযুক্ত সময়। নালিতার স্টাম্প তৈরিতে চারা কাণ্ডের রুট কলার থেকে নীচে ৬" এবং উপরে ২" রেখে কাটতে হবে। নালিতা স্টাম্প তৈরির জন্য ৭-৮ মাস বয়সের চারা উপযুক্ত। সাধারণত একটি চারার কাণ্ডের ২.৫-৫ সে.মি. এবং মূলের ১৩-২১ সে.মি. অংশ নিয়ে একটি মোথা তৈরি করা হয়। রুট কলার ব্যাস ৭-১৫ মি.মি. এর মধ্যে হতে হবে। এতে চারার বাঁচার হার ৮৫ শতাংশ। স্টাম্প রোপণের জন্য সমতল ভূমিতে ১ মিটার x ১ মিটার দূরত্বে এবং পাহাড়ী এলাকায় ১.৫ মিটার x ১.৫ মিটার দূরত্বে গর্ত করে নিতে হবে। স্টাম্প রোপনের জন্য গর্তের দৈর্ঘ্য স্টাম্পের শিকড়ের

দৈর্ঘ্যের সমান হতে হবে। স্টাম্প লাগানোর পর গোড়ার মাটি শাবল অথবা হাতে চেপে দিতে হবে যাতে চারার গোড়ায় পানি না জমে। স্টাম্প দিয়ে নালিতা প্রজাতির সফল বনায়ন করা সম্ভব।



চিত্রঃ নালিতার স্টাম্প তৈরি

প্রভাব :

জিগনি প্রাকৃতিকভাবে জন্মানো দ্রুত বর্ধনশীল স্বল্প আয়ু (Shortlived) বিশিষ্ট বৃক্ষ। এর দীর্ঘ আঁশ বিশিষ্ট নরম কাঠ পাল্ল তৈরিতে বিশেষ উপযোগী। নার্সারিতে চারা উত্তোলন এবং পরীক্ষামূলক বাগান সৃজনের মাধ্যমে সর্বোচ্চ বায়োমাস কৌশল নিরূপণ পাল্ল উৎপাদনে কাটামাল সরবরাহে সহায়ক হবে।

উপকারভোগী : কাগজ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ।

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ

১.স্টাডি়র নাম	:	Development of Degraded Hill For Soil Conservation And Watershed Management In Baraiyadhala National Park, Sitakunda, Chattogram And Bandarban Hill District
সময়কাল (Duration)	:	২০১৮-২০১৯ হতে ২০২২-২০২৩
উদ্দেশ্য	:	
ক) মৃত্তিকা সংরক্ষণ ও জলাধার ব্যবস্থাপনায় ক্ষয়িত পাহাড়ী ভূমি পুনর্বাসন করা ।		
খ) টেকসই ভূমি ব্যবস্থাপনায় স্থানীয় অধিবাসীদের সম্পৃক্ত করা ।		
গবেষণা ফলাফল (Findings)		
<p>২০২০-২১ অর্থ বছরে স্টাডি়টির কর্ম পরিকল্পনা অনুযায়ী বান্দরবান ও কাপ্তাই এর নির্বাচিত গবেষণা প্লটে মৃত্তিকা ক্ষয়ের পরিমাণ নির্ণয়ের জন্য মিজারিং স্কেল স্থাপন করা হয় এবং মৃত্তিকা ক্ষয়ের প্রাথমিক উপাত্ত সংগ্রহ করা হয়। সংগৃহীত উপাত্ত হতে দেখা যায় যে, বান্দরবান ও কাপ্তাই সাইটে মৃত্তিকা ক্ষয়ের পরিমাণ যথাক্রমে ১১৬.২৪ ও ১১৮.১৯ টন/হেক্টর। এছাড়া গবেষণা প্লট সমূহের মৃত্তিকার পিএইচ এবং আর্দ্রতার পরিমাণ (%) নির্ণয় করা হয়। সংগৃহীত মৃত্তিকা নমুনাসমূহ বিশ্লেষণপূর্বক দেখা যায় যে, বান্দরবান সাইটে পাহাড়ের শীর্ষে ৩০-৫০ সে.মি. গভীরতায় পিএইচ (৫.২৭) ও আর্দ্রতার (১৯.৯৯%) পরিমাণ সর্বোচ্চ এবং পাহাড়ের শীর্ষে ০-১৫ সে.মি. গভীরতায় পিএইচ (৪.৮৭) ও পাহাড়ের নিম্নাংশে ১৫-৩০ সে.মি. গভীরতায় আর্দ্রতার (১৪.৬৯%) পরিমাণ সর্বনিম্ন; কাপ্তাই সাইটের পাহাড়ের নিম্নাংশে ৩০-৫০ সে.মি. গভীরতায় পিএইচ (৬.৬৫) ও পাহাড়ের শীর্ষে ১৫-৩০ সে.মি. গভীরতায় আর্দ্রতার (৩০.০৯%) পরিমাণ সর্বোচ্চ এবং পাহাড়ের শীর্ষে ০-১৫ সে.মি. গভীরতায় পিএইচ (৫.৬৯) ও পাহাড়ের মধ্যাংশে ৩০-৫০ সে.মি. গভীরতায় আর্দ্রতার (২২.৫৩%) পরিমাণ সর্বনিম্ন। গবেষণা প্লটের আগাছা পরিষ্কার পূর্বক রোপণকৃত চারাগুলোর কলার ডায়ামিটার সহ উচ্চতা পরিমাপ করা হয়। বান্দরবান ও কাপ্তাই সাইটে রোপণকৃত চারাগুলোর কলার ডায়ামিটার ও উচ্চতা নিম্নরূপ :</p>		

গাছের নাম	বান্দরবান সাইট		কাপ্তাই সাইট	
	কলার ডায়ামিটার (সে.মি)	উচ্চতা (মিটার)	কলার ডায়ামিটার (সে.মি)	উচ্চতা (মিটার)
আগর	৫.১৭	২.২৩	৩.৫৭	১.৮১
আমলকি	৬.৫০	২.৫০	৫.২৫	২.১৫
বান্দরহোলা	১২.৩৩	৩.৪২	৭.৬০	১.৯০
বহেরা	৫.১০	১.৭৩	১.৭০	০.৮৫
বৈলাম	৪.০০	১.৭০	৯.০০	৪.১৩
চাপালিশ	৮.০৮	৩.৪৭	৮.৬৮	২.৮৭
চিকরাশি	৬.৯৫	৩.০৫	৭.৭৮	২.০৮
সিভিট	৮.৩০	৩.০৮	৫.৫৪	২.০৮
ঢাকিজাম	৭.১৯	২.৬৬	৩.৪৩	১.২৭
ধারমারা	৬.১৬	২.৭৪	৪.৭৮	২.২৫
ধূপ	৭.১০	২.৪০	৭.১৮	২.৭৫
গর্জন	৭.৭৩	৩.১৭	৪.২০	১.৪০
গুটগুইট্যা	৩.৬৫	১.৪০	৩.৪৫	১.৭৮
হলদু	৪.১০	১.৭০	৪.০৫	১.৭৫
জাম	৬.৮০	১.৬১	৯.২৪	১.২৮
জলপাই	৮.১০	২.৬৭	৭.৪৬	২.৩৫
জারুল	৯.২৫	৩.০০	৬.৬৩	২.৩৮
কদম	১০.১৩	৩.৬৩	১৬.১৭	৫.০০

কাঞ্জলভাদি	৪.৪৬	১.৫০	১৬.৪১	১.৪২
কাঠবাদাম	৬.৩৩	১.৯৮	১৮.০৯	১.০০
লোহাকাঠ	৭.৫৫	৩.২৬	৬.১৮	৩.০০
মাইলাম	৮.৫০	২.০৩	৬.৪৬	১.৯৮
নালিতা	৩৪.৪০	৭.৬০	২৮.৪৮	৬.৫০
নিম	৩.৪৩	১.৮৫	২.৯৯	১.২৩
সোনালু	৫.১০	২.৮০	৫.৪৫	২.৪৫
তেলগুর	৬.৪৫	৩.৪৫	১৮.৬৮	১.৩৭

প্রভাব : জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় মৃত্তিকা সংরক্ষণ ও জলাধার ব্যবস্থাপনায় সহায়ক ভূমিকা রাখবে।

উপকারভোগী : বন অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, এনজিও, গবেষক, শিক্ষার্থী, ইত্যাদি।



চিত্রঃ বান্দরবান জেলার সুয়ালকছ গনেশপাড়ায় গবেষণা প্লটের আগাছা কর্তন



চিত্রঃ বান্দরবান জেলার সুয়ালকছ গনেশপাড়ায় গবেষণা প্লটের মৃত্তিকা নমুনা সংগ্রহ



চিত্রঃ গবেষণা প্লটে রোপিত চারা সমূহের উপাত্ত সংগ্রহ



চিত্রঃ নতুন গবেষণা প্লটে চারা রোপণ



চিত্রঃ কাপ্তাই উপজেলার সাক্রাছড়িছ গবেষণা প্রট পরিদর্শন



চিত্রঃ বিভাগের গবেষণাগারে সংগৃহীত মৃত্তিকা নমুনার রাসায়নিক বিশ্লেষণ

প্রভাব : জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় মৃত্তিকা সংরক্ষণ ও জলাধার ব্যবস্থাপনায় সহায়ক ভূমিকা রাখবে।

উপকারভোগী : বন অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, এনজিও, গবেষক, শিক্ষার্থী, ইত্যাদি।

০২.স্টাডি়র নাম	:	Effect of Bamboo Plantation on Soil Erosion Minimization In The Coastal Areas of Chattogram
সময়কাল (Duration)	:	২০২০-২০২১ হতে ২০২৪-২০২৫
উদ্দেশ্য	:	
ক) মৃত্তিকা ক্ষয় কমানোর জন্য বাঁশের বিভিন্ন প্রজাতির প্রভাব পর্যবেক্ষণ করা।		
খ) চট্টগ্রামের উপকূলীয় অঞ্চলে বাঁশের বিভিন্ন প্রজাতির বৃদ্ধি ও বেঁচে থাকার হার মূল্যায়ন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
২০২০-২১ অর্থ বছরে স্টাডি়টির কর্ম পরিকল্পনা অনুযায়ী তিনটি সাইট নির্বাচন করা হয়। সাইট তিনটি হলো প্রেমশিয়া, বাঁশখালী, চট্টগ্রাম; মগনামা, পেকুয়া, কক্সবাজার এবং বাকখালী, সীতাকুন্ড, চট্টগ্রাম। তন্মধ্যে প্রেমশিয়া সাইটে ১.০ (এক) একর পরিমাণ জায়গায় ৬.০ (ছয়) প্রজাতির বাঁশের চারা ৫ মি. × ৫ মি. দূরত্বে রোপণ করা হয়। প্রজাতিগুলো হচ্ছে বাইজ্যা, তল্লা, ব্রাডিসি, বুদ্ধম, ওরা এবং মিতিসা। উক্ত সাইট হতে তিনটি গভীরতায় (০-১৫, ১৫-৩০ ও ৩০-৫০ সে.মি) মৃত্তিকা এবং জোয়ার ও ভাটার সময়ে পানির নমুনা সংগ্রহ করা হয়। সংগৃহীত নমুনা সমূহের পিএইচ এবং তড়িৎ পরিবাহিতা অত্র বিভাগের গবেষণাগারে নির্ণয় করা হয় (টেবিল-১ ও ২)।		

টেবিল-১: গবেষণা প্লট হতে সংগৃহীত মৃত্তিকা নমুনা সমূহের গড় পিএইচ ও তড়িৎ পরিবাহিতা

গবেষণা স্থান	গবেষণা প্লট	মৃত্তিকার গভীরতা (সে.মি.)	পিএইচ	তড়িৎ পরিবাহিতা (ডেসিসিমেন্স/মি.)
শ্রেমাশিয়া, বাঁশখালী, চট্টগ্রাম	পরীক্ষামূলক প্লট	০-১৫	৭.৬৪	৭.৮৮
		১৫-৩০	৭.৬৪	৫.২৭
		৩০-৫০	৭.৫৯	৪.৪৫
	কন্ট্রোল প্লট	০-১৫	৭.৮৩	২.০৩
		১৫-৩০	৭.৫১	৩.১৭
		৩০-৫০	৭.৩৬	৪.৫৮

টেবিল-২: গবেষণা প্লট হতে সংগৃহীত পানির নমুনা সমূহের গড় পিএইচ ও তড়িৎ পরিবাহিতা

গবেষণা স্থান	নমুনা সংগ্রহের সময়	পিএইচ	তড়িৎ পরিবাহিতা (ডেসিসিমেন্স/মি.)
শ্রেমাশিয়া, বাঁশখালী, চট্টগ্রাম	জোয়ার	৭.৪৩	১.৬৯
	ভাটা	৫.৫৪	০.৫৪

প্রভাব : জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় মৃত্তিকা সংরক্ষণ ও জলাধার ব্যবস্থাপনায় সহায়ক ভূমিকা রাখবে।

উপকারভোগী : বন অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, এনজিও, গবেষক, শিক্ষার্থী, ইত্যাদি।



চিত্রঃ গবেষণা প্লট স্থাপনের জন্য নির্বাচিত শ্রেমাশিয়া, বাঁশখালী, চট্টগ্রাম সাইট

চিত্রঃ নির্বাচিত গবেষণা প্লটে বাঁশের চারা রোপণের জন্য গর্ত খনন



চিত্রঃ পরীক্ষামূলক গবেষণা প্লটে চারা রোপণ



চিত্রঃ কন্ট্রোল প্লটে চারা রোপণ



চিত্রঃ গবেষণা প্লটে প্রোফাইল খননপূর্বক বিভিন্ন গভীরতার মৃত্তিকা নমুনা সংগ্রহ





চিত্রঃ বিভাগের গবেষণাগারে সংগৃহিত মৃত্তিকা নমুনা সমূহের রাসায়নিক বিশ্লেষণ

বন্যপ্রাণী শাখা

১.স্টাডির নাম	:	Avian Species Diversity of Dhanmondi Lake Areas, Dhaka And Role of Its Green Space for The Conservation of Birds
সময়কাল (Duration)	:	২০১৯-২০২০ হতে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	
ঢাকার ধানমন্ডি লেকের পাখি বৈচিত্র্যের বর্তমান অবস্থা জানার জন্য গবেষণা স্টাডিটি পরিচালনা করা হয়েছে।		
গবেষণা ফলাফল (Findings)		
ঢাকার ধানমন্ডি লেকের পাখি বৈচিত্র্যের বর্তমান অবস্থা জানার জন্য ৩টি ট্রানজেক্ট নির্ধারণ করা হয়। উক্ত ট্রানজেক্টসমূহ অনুসরণ করে পাখির তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে। গবেষণার উল্লেখিত সময় পর্যন্ত মোট ৫২ প্রজাতির পাখি সনাক্ত করা হয়েছে। সনাক্তকৃত পাখির মধ্যে বড় টিয়া, পানকৌড়ি, কালো ঈগল, লালচে কাঠঠোকড়া, বরমী লটোরা, খয়রা শিকরে পৈঁচা, লক্ষী পৈঁচা, মেঘ হও মাছরাঙা অন্যতম।		









চিত্রঃ ধানমন্ডি লেকে বিদ্যমান পাখির তালিকা

১. ভাত শালিক ২. বড় টিয়া ৩. বুলবুলি চটক ৪. তোতা ৫. পানকৌড়ি ৬. সাদাবুক মাছরাঙা ৭. পাতি কাক ৮. জরাদ কাঠকোকড়া ৯. চডুই ১০. গোবরে শালিক ১১. ফ্লেমব্যাক কাঠকোকড়া ১২. ছোট বসন্ত বউরি ১৩. জঙ্গল ময়না ১৪. টুনটুনি ১৫. হলদে পাখি ১৬. ছোট মাছরাঙা ১৭. বাদামী কসাই ১৮. কুটুম পাখি ১৯. টিয়া ২০. কাঠশালিক ২১. দাড় কাক ২২. কোকিল ২৩. কালো ইগল ২৪. লালচে কাঠকোকড়া ২৫. মেঘ হও মাছরাঙা ২৬. মেটে ফিঙে ২৭. নীল চুটকি (স্ত্রী) ২৮. সবুজি ফুটকি ২৯. বিলিদের নল ফুটকি ৩০. হলদে ব্রু ফুটকি ৩১. কালচে ফুটকি ৩২. জালালী কবুতর ৩৩. ছোট সরালী ৩৪. লক্ষী পেঁচা ৩৫. বরমী লটোরা ৩৬. লেনজা লটোরা ৩৭. সবুজে বক ৩৮. নিশি বক ৩৯. কলী ঘুঘু ৪০. খয়রা শিকরে পেঁচা ৪১. বেগুনি কোমর মোটুসী ৪২. তিলা ঘুঘু ৪৩. কলুগ পাপিয়া ৪৪. তৈগা চুটকি ৪৫. তিলা মুনিয়া ৪৬. কমলা দামা ৪৭. সবুজ সুইচোরা ৪৮. বড় তিত পাখি ৪৯. ঘর বাতাসি ৫০. কানি বক ৫১. বেগুনি মোটুসী ৫২. সাদা খন্জন

প্রভাব : গবেষণায় প্রাপ্ত তথ্য ঢাকার ধানমন্ডি লেকের পাখি ব্যবস্থাপণায় কাজে লাগবে এবং লেকে বিদ্যমান পাখি সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তুলবে।

উপকারভোগী : বন অধিদপ্তর, বিভিন্ন বেসরকারী সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক এবং গবেষকবৃন্দ।

২.স্টাডির নাম	:	Wildlife Diversity of Mohamaya Eco-Park, Mirshari, Chattogram.
সময়কাল (Duration)	:	২০১৯-২০ হতে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	
চট্টগ্রামের মীরেরসরাই এর মহামায়া ইকোপার্কের বিদ্যমান বন্যপ্রাণীর বৈচিত্র্যের বর্তমান অবস্থা জানার জন্য গবেষণা স্টাডিটি পরিচালনা করা হয়েছে।		
গবেষণা ফলাফল (Findings)		
চট্টগ্রামের মীরেরসরাই এর মহামায়া ইকোপার্কের বিদ্যমান বন্যপ্রাণীর বৈচিত্র্যের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। দিনের বেলা বিচরণকারী বিভিন্ন পাখি ও স্তন্যপায়ী প্রাণী ট্রানজেক্ট পদ্ধতি অনুসরণ করে সরাসরি তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়েছে এবং নিশাচর স্তন্যপায়ী বন্যপ্রাণী সনাক্তকরণের জন্য ক্যামেরাট্র্যাপ ব্যবহার করা হয়েছে। গবেষণার উল্লেখিত সময় পর্যন্ত মোট ৬০ প্রজাতির বন্যপ্রাণী সনাক্ত করা হয়েছে যার মধ্যে ০৫ প্রজাতির স্তন্যপায়ী যেমন বানর, শিয়াল, বনবিড়াল, সজারু ও বাদামী কাঠবিড়ালী, ০১ প্রজাতির সরীসৃপ যেমন গুইসাপ এবং ৫৪ প্রজাতির পাখির মধ্যে শামুকখোল, বড় পানকৌড়ি, বউলি ইগল, বন মুরগী, সবুজ তাউড়া, সবুজ বক ওমেটে মাথা হট-টিটি অন্যতম।		









চিত্রঃ মহামায়া ইকোপার্কের বিদ্যমান বন্যপ্রাণীর তালিকা

১.বানর ২.বাদামী কাঠবিড়ালী ৩.সজারু. ৪.বন বিড়াল ৫. শিয়াল ৬. হলুদ খন্জন ৭. সাদা খন্জন ৮. লালবুক চটক ৯.মেটে মাথা হট-টিটি ১০. বুলবুলি ১১. সুইচোরা ১২.জংগল ময়না ১৩.তিলা ঘুঘু ১৪.দোয়েল ১৫.হলদে পাখি ১৬.গো-বক ১৭.ছোট বক ১৮.কানিবক ১৯.সবুজ বক ২০.বড় বক ২১. শামুকখোল ২২.ছোট পানকোড়ি ২৩.বড় পানকোড়ি ২৪.ডাহক ২৫.তিলা ইগল ২৬. বউলি ইগল ২৭.ছোট ফিঙে ২৮.ভীমরাজ ২৯.কেশরাজ ৩০.চামচ কসাই ৩১.কুটুম পাখি ৩২.কাঠশালিক ৩৩. বেঘবৌ ৩৪.দাড়কাক ৩৫.কোকিল ৩৬. টিয়া ৩৭.খয়রামাথা সুইচোরা ৩৮.ক্ষুদে মাছরাঙা ৩৯.সাদাবুক মাছরাঙা ৪০. মেঘ হও মাছরাঙা ৪১.সবুজে কাঠঠোকড়া ৪২. ক্ষুদে কাঠঠোকড়া ৪৩.বড় কাবাসি ৪৪.মেটে দোয়েল ৪৫.সিপাহি বুলবুল ৪৬. লেজ নাচানী ৪৭. বন মুরগী ৪৮.বড় তিত ৪৯. কালো ফিঙে ৫০.টুনটুনি ৫১.ভাতশালিক ৫২.গোবরে শালিক ৫৩.কালো মাথা বুলবুল ৫৪.ছোট বসন্ত বাউরি ৫৫.মালকোহা ৫৬.সবুজ তাউড়া ৫৭.সিদুরে সাহেলী ৫৮ কালোমাথা কাবাসি ৫৯.বেগুনী মৌটুসী


প্রভাব : গবেষণায় প্রাপ্ত তথ্য চট্টগ্রামের মীরেরসরাই এর মহামায়া ইকোপার্কে বিদ্যমান বন্যপ্রাণীর ব্যবস্থাপনায় কাজে লাগবে এবং ইকোপার্কে বিদ্যমান বন্যপ্রাণী সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তুলবে।

উপকারভোগী : বন অধিদপ্তর, বিভিন্ন বেসরকারী সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক এবং গবেষকবৃন্দ।

বন রসায়ন বিভাগ

১.স্টাডির নাম	:	Super-Hydrophobic Coating of Finished Wood For More Durability and Self-Cleaning.
সময়কাল (Duration)	:	২০১৯-২০২০ হতে ২০২৩-২০২৪।
উদ্দেশ্য	:	
কাঠের দীর্ঘস্থায়িত্ব ও স্ব-পরিষ্কারের জন্য অতি-পানি বিকর্ষী প্রলেপ উদ্ভাবন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> ● কাঠের দীর্ঘস্থায়িত্ব ও স্ব-পরিষ্কারক গুণাগুণ বৃদ্ধির জন্য ব্যবহৃত প্রলেপ প্রদানের পূর্বে কাঠের নমুনাকে প্রাথমিকভাবে রাসায়নিক ট্রিটমেন্ট করার জন্য কপার কার্বনেট পার্টিক্যালস তৈরি করা হয়েছে। ● তৈরিকৃত কপার কার্বনেট পার্টিক্যালস দিয়ে ব্যবহৃত কাঠের নমুনাকে প্রাথমিকভাবে ট্রিটমেন্ট করার নিমিত্ত একটি স্টেইনলেস স্টিলের ট্যাংক প্রস্তুত করা হয়েছে। ● দশ প্রজাতির (সেগুন, গামার, কাঁঠাল, আকাশমনি, শিমুল, শিলকড়ই, গর্জন, মেহগনি, জাম এবং রাজকড়ই) মোট ২০০ টি ১২ ইঞ্চি x ৬ ইঞ্চি x ১ ইঞ্চি নমুনা প্রস্তুত করা হয়েছে। ● পরীক্ষামূলকভাবে প্রতি প্রজাতির দুটি করে (একটি সার কাঠ ও একটি বার কাঠ) মোট ২০ টি নমুনার উপর অতি-পানি বিকর্ষী প্রলেপ প্রদান করা হয়েছে। ● পরীক্ষায় দেখা যায় যে, প্রদানকৃত প্রলেপ সকল প্রজাতির ক্ষেত্রে অতি-পানি বিকর্ষী ও স্ব-পরিষ্কারক বৈশিষ্ট্য সম্পন্ন এবং কার্যকর। ● নমুনাসমূহের উপর প্রদানকৃত প্রলেপের কার্যকারিতা ও স্থায়িত্ব পরীক্ষণের জন্য তাদেরকে সংরক্ষণ করা রাখা হয়েছে। ● তাদের পরীক্ষণ ও বৈশিষ্ট্য নির্ণয় প্রক্রিয়া চলমান রয়েছে। 		






চিত্রঃ বিভিন্ন প্রজাতির কাঠের নমুনা তৈরি এবং তাদের উপর প্রদানকৃত প্রলেপ প্রদানের বিভিন্ন ধাপসমূহ, কার্যকারিতা ও স্থায়িত্ব পরীক্ষণের জন্য তাদেরকে সংরক্ষণ এবং কয়েকটি নমুনার তুলনামূলক চিত্র।

প্রভাব : ন্যানোপার্টিক্যালস ভিত্তিক একটি অতি-পানি বিকর্ষী ও স্ব-পরিষ্কারক বৈশিষ্ট্য সম্পন্ন টেকনোলজি উদ্ভাবনের নিমিত্ত কাজ করা হচ্ছে যা কাঠের উপরি তলের সৌন্দর্য বৃদ্ধি ও দীর্ঘস্থায়িত্ব প্রদানে সক্ষম হবে। ফলে একদিকে যেমন কাঠের ব্যবহার হ্রাস পাবে, অন্যদিকে বনজ সম্পদের সাশ্রয় ও বনের পরিমাণ বৃদ্ধি পাবে। তাছাড়া, এখানে প্রস্তুতকৃত ন্যানোপার্টিক্যালস অন্যান্য গবেষকদের প্রদানের মাধ্যমে তাদের গবেষণা কার্যক্রমে সহযোগিতা প্রদান করা হচ্ছে।

উপকারভোগী : কাঠের সাথে জড়িত শিল্প ও ব্যবসায়ী, সাধারণ জনগণ।

০২.স্টাডির নাম	:	Extraction of Agar Oil by Steam Distillation.
সময়কাল (Duration)	:	২০১৯-২০ হতে ২০২২-২৩।
উদ্দেশ্য	:	
স্টীম-ডিস্টিলেশনের মাধ্যমে আগর কাঠ দ্রুত তেল নিষ্কাশন করা।		
গবেষণা ফলাফল (Findings)		
প্রচলিত হাইড্রো-ডিস্টিলেশনের মাধ্যমে আগর কাঠ হতে তেল নিষ্কাশনে দীর্ঘ সময় (১০-১৫ দিন) সময় প্রয়োজন হয়। গাছের এনাটমি ও স্টীম-ডিস্টিলেশন পদ্ধতি স্টাডি করে দেখা যায় যে, উচ্চ তাপমাত্রা (১৫০° সে.) ও চাপে (১০ পি.এস.আই) খুব পাতলা করে চিপস তৈরি করলে ১০ ঘন্টার মধ্যে আগর কাঠ হতে তেল নিষ্কাশন সম্ভব। উক্ত ধারণা থেকে একটি স্টীম-ডিস্টিলেশন উপযোগী একটি ঘূর্ণায়মান ডিস্টিলেশন ভেসেল এর নকশা প্রস্তুত এবং তদানুযায়ী একটি ডিস্টিলেশন ভেসেল, একটি ৪০ ফুট দীর্ঘ কন্ডেন্সার এবং চিপস প্রস্তুতকরণ যন্ত্র তৈরি করা হয়েছে।		



চিত্রঃ ঘূর্ণায়মান ডিস্টিলেশন ভেসেল এর নকশা।



চিত্রঃ প্রস্তুতকৃত ঘূর্ণায়মান ডিস্টিলেশন ভেসেল।

প্রভাব : আগর তেলের দ্রুত নিষ্কাশন পদ্ধতি এবং উৎপাদন বৃদ্ধি করা। ফলে রপ্তানি আয় বৃদ্ধিসহ দেশে আগর চাষ ও কর্মসংস্থান বৃদ্ধি পাবে।
উপকারভোগী : আগর চাষি ও শিল্পমালিকগণ, বন অধিদপ্তর, এনজিও।

মণ্ড ও কাগজ বিভাগ

১.স্টাডির নাম	:	Improvement Study on The Strength Properties of Recycled Packaging Fiber Materials
সময়কাল (Duration)	:	২০১৮-১৯ হতে ২০২০-২১
উদ্দেশ্য	:	
<p>গুণগত মান সম্পন্ন ভার্জিন মণ্ড ও পুনর্ব্যবহৃত কাগজের মণ্ডের মিশ্রণের সর্বোত্তম অনুপাত নির্ণয়; প্রচলিত মণ্ডীকরণ প্রক্রিয়া হতে পরিবেশ দূষণ কমানো; প্যাকেজিং দ্রব্যাদির ভৌত শক্তি বৃদ্ধি করা।</p>		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> ভার্জিন পাল্প তৈরির জন্য তোষা পাটের আঁশগুলোকে ১.৫- ২" সাইজ করে কাটা হয়েছে। অতঃপর ২০% ক্ষারীয় মাত্রার জলীয় দ্রবণে ১৭৫° সে. তাপমাত্রায় নিউট্রাল সালফাইট অ্যানথ্রাকুইনোন পদ্ধতিতে ছয়টি মণ্ড তৈরি করা হয়েছে। মণ্ডের গড় উৎপাদন হার ৬৯.৭১% পাওয়া যায়। ওয়েস্টেজ পেপার থেকে সুতা, স্ট্যাপার পিন ও লেমিনেটিং পেপার বাছাই করা হয়েছে; ১:১ অনুপাতে নিউজবুক এবং হোয়াইটবুক এর মিশ্রণ ০.৬% NaOH, ০.৬% Na₂SiO₃, ০.১৫% ডিটারজেন্ট এবং ০.৮% H₂O₂ দিয়ে ১০% ঘনত্বে ৫০° সে. তাপমাত্রায় হাইড্রাপাল্পারের মাধ্যমে মণ্ড তৈরি করা হয়েছে। শতভাগ খবরের কাগজ ০.৬% NaOH, ০.৬% Na₂SiO₃, ০.১৫% ডিটারজেন্ট এবং ০.৮% H₂O₂ দিয়ে ৮% ঘনত্বে ৫০°C তাপমাত্রায় হাইড্রাপাল্পারের মাধ্যমে মণ্ড তৈরি করা হয়েছে। ওয়েস্টেজ পেপার থেকে তৈরিকৃত রিসাইক্যাল মণ্ডকে Johnson Vibratory Screener এর মাধ্যমে Screened করে মণ্ড থেকে বিভিন্ন আঠা ও প্লাস্টিক পদার্থসমূহ পৃথক করা হয়েছে। পরে মণ্ডের ধৌত প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। রিসাইক্যাল মণ্ডের সাথে নতুন (পাটের আঁশের) মণ্ড চারটি অনুপাতে (৯০:১০, ৮০:২০, ৭০:৩০ এবং ৬০:৪০) মিশ্রিত করে পরীক্ষণ কাগজ তৈরি করা হয়। অতঃপর উক্ত কাগজসমূহের ভৌত ও যান্ত্রিক বৈশিষ্ট্যসমূহের মান যথা ফিনেস (পাল্প হতে পানি অপসারণের হার), টিয়ার ইনডেক্স, টেনসাইল ইনডেক্স, বাস্ট ইনডেক্স এবং ফোল্ডিং এনডুরেন্স নির্ণয় করা হয়। 		

প্রভাব : মণ্ড ও কাগজ শিল্পে ওয়েস্টেজ পেপারের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করত উৎপাদন খরচ কমানো এবং পরিবেশ দূষণ রোধ করা।

উপকারভোগী : মণ্ড , কাগজশিল্প এবং স্থানীয় জনগণ।



রিসাইক্যাল পাল্প ও নতুন পাল্পের মিশ্রণে কাগজ তৈরির প্রক্রিয়া এবং কাগজের বিভিন্ন ভৌত ও যান্ত্রিক বৈশিষ্ট্য সমূহের ধাপসমূহ: যথা- ১) পাটের আঁশের ১.৫"-২" সাইজের নমুনা তৈরি; ২) বোম্ব-ডাইজেস্টারে পাটের মণ্ডীকরণ; ৩) নতুন পাল্প; ৪) ব্যবহৃত কাগজ (নিউজবুক ও হোয়াইটবুক) বাছাই; ৫) হাইড্রোপাল্পারে ব্যবহৃত কাগজের মণ্ডীকরণ; ৬) রিসাইক্যাল পাল্প; ৭) রিসাইক্যাল পাল্প ও পাটের আঁশের নতুন পাল্প এর নির্দিষ্ট অনুপাতে মিশ্রিতকরণ; ৮) পাল্প স্ক্রীনিং; ৯) পাল্প বিটিং; ১০) ফ্রিনেস; ১১) হ্যান্ডশীট তৈরি; ১২) ৬০:৪০ অনুপাতের হ্যান্ডশীট; ১৩) পেপার শীটের ভৌত পরীক্ষার জন্য নমুনা তৈরি; ১৪) টেনসাইল ইনডেক্স পরীক্ষা; ১৫) ফোল্ডিং এনডুরেন্স পরীক্ষা; ১৬) টিয়ার ইনডেক্স পরীক্ষা; ১৭) বাস্ট ইনডেক্স পরীক্ষা।

০২.স্টাডি়র নাম	:	Response of Hydrogen Peroxide As A Environment Friendly Bleaching Agent on Gamar Wood (<i>Gmelina Arborea</i>) Pulping
সময়কাল (Duration)	:	২০১৯-২০২০হতে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	
গামার কাঠের মণ্ডের উপর হাইড্রোজেন পারঅক্সাইড ব্লিচিং প্রভার যাচাই করা।		
মণ্ড ব্লিচিংএর ক্ষেত্রে সর্বোত্তম মাত্রা নির্ণয় করা।		
গবেষণা ফলাফল (Findings)		
<ul style="list-style-type: none"> • মণ্ড তৈরির জন্য গামার কাঠ সংগ্রহ করা হয়েছে। গামার কাঠ হতে ৩"X ৩"X ৪' লগের দৈর্ঘ্য সাইজের প্লাঙ্ক করে চিপার মেশিনের মাধ্যমে চিপস তৈরি করা হয়েছে। চিপসগুলোকে চালুনির মাধ্যমে ছোট-বড় সাইজ বাছাই এবং পৌঁকায় আক্রান্ত চিপস অপসারণ করে ২০মি.মি X ১০মি.মি X ৩মি.মি সাইজের চিপস সংগ্রহ করা হয়েছে। চিপসগুলোকে স্বাভাবিক আর্দ্রতায় শুকানোর পর বাছাইকৃত সাইজের চিপস গুলোর DMC % নির্ণয় করা হয়েছে। • ২০%ক্ষারীয় মাত্রার জলীয় দ্রবণ এবং ২৫% Sulphidity তে ১৭০°সে. তাপমাত্রায় বারটি ক্রাফট মণ্ড তৈরি এবং Yield নির্ণয় করা হয়েছে। • মণ্ড গুলোর লিগনিনের পরিমান (কাপ্লানাম্বার) নির্ণয় করা হয়েছে। • তিনটি ভিন্ন ডোজের হাইড্রোজেন পার অক্সাইড প্রয়োগের মাধ্যমে ব্লিচিং সম্পন্ন করা হয়েছে। • ভৌত পরীক্ষা সম্পাদনের জন্য হ্যান্ডশিট তৈরি করা হয়েছে। • সকল ভৌত পরীক্ষা সম্পাদন করা হয়েছে। • সমাপ্তি রিপোর্ট তৈরি করে প্রেরণ করা হয়েছে। 		

প্রভার : মণ্ড ও কাগজ শিল্পে কাচামালের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করে উন্নতমানের মণ্ড তৈরি করা।

উপকারভোগী : মণ্ড , কাগজ শিল্প এবং স্থানীয় জনগণ।



চিত্রঃ গামার কাঠ



চিত্রঃ প্লাঙ্ক হতে চিপস তৈরির প্রক্রিয়া



চিত্রঃ চিপস



চিত্রঃ গামার কাঠ হতে তৈরি মণ্ড

কাঠ শুষ্ককরণ ও শক্তি নিরূপণ বিভাগ

১.স্টাডির নাম	:	Determination of Physical And Mechanical Properties of Brandisii Bansh (<i>Dendrocalamus Brandisii</i>) and Thai Bansh (<i>Thyrsostachys Siamensis</i>).
সময়কাল (Duration)	:	২০১৯-২০২০ থেকে ২০২০-২০২১
উদ্দেশ্য	:	বাঁশের ভৌত ও যান্ত্রিক গুণাবলী নির্ণয় করা
গবেষণা ফলাফল (Findings)		
২০২০-২১ অর্থবছরে বাঁশের ভৌত ও যান্ত্রিক গুণাবলী নির্ণয়ের গবেষণা কর্মকান্ড সম্পন্ন করা হয়েছে। নিম্নে ফলাফল দেখানো হলো :		

টেবিল ১. থাই বাঁশের ভৌত ধর্ম

বাঁশ নং	বাঁশের দৈর্ঘ্য (ফুট)	বাঁশের ওজন (কে.জি)	পর্বের সংখ্যা	মধ্য-পর্বের সংখ্যা	কণ্ড ও পাতার ওজন (কে.জি)
১.	৩৬	২৮	২৬	২৫	৯
২.	৩৪	২৭	২৭	২৭	৮
৩	৩৫	২৬	২৬	২৫	৭
গড়	৩৫	২৭	২৬	২৭	৮

টেবিল ২. থাই বাঁশের মধ্য-পর্বের ধর্ম (দৈর্ঘ্য)

বাঁশ নং	বাঁশের দৈর্ঘ্য (ফুট)	মধ্য-পর্বের সংখ্যা	মধ্য-পর্বের দৈর্ঘ্য		
			নীচে (ইঞ্চি)	মধ্য (ইঞ্চি)	শীর্ষে (ইঞ্চি)
১.	৩৬	২৫	৮.৫২ (৫.০০-৯.৫০)	৮.০০ (৫.০০-৯.০০)	৮.৩০ (৫.৫০-১০.৫০)
২.	৩৪	২৭	৯.৫০ (৬.০০-১২.৩০)	১০.০ (৫.৫০-১১.০০)	৯.২৫ (৬.৫০-১২.৫০)
৩.	৩৫	২৫	৯.০০ (৬.০০-১২.৩০)	৯.৫০ (৬.০০ - ১১.০০)	৯.২৫ (৫.৭৫-১১.৫০)
গড়	৩৫	২৫	৯.০০	৯.১৬	৯.০০

টেবিল ৩. থাই বাঁশের মধ্য-পর্বের ধর্ম (পরিধি)

বাঁশ নং	বাঁশের দৈর্ঘ্য (ফুট)	মধ্য-পর্বের সংখ্যা	মধ্য-পর্বের পরিধি		
			নীচে (ইঞ্চি)	মধ্যে (ইঞ্চি)	শীর্ষে (ইঞ্চি)
১.	৩৬	২৫	১০.৫০ (৭.৫০-১৩.৫০)	১০.০০ (৭.০০-১২.০০)	১০.২৫ (৬.৫০-১২.৬০)
২.	৩৪	২৭	৯.৫০ (৭.০০-১২.৫০)	৯.০০ (৭.২৫-১২.০০)	৯.২৫ (৬.৫০-১২.০০)

৩.	৩৫	২৫	১০.০০ (৭.২৫-১২.০০)	১০.২৫ (৭.০০-১২.০০)	১০.৫০ (৬.০০-১১.৫০)
গড়	৩৫	২৫	১০.০০	৯.৭৫	১০.০০

টেবিল ৪. থাই বাঁশের পর্বের ধর্ম (পরিধি)

বাঁশ নং	বাঁশের দৈর্ঘ্য (ফুট)	বাঁশের ওজন কেজি)	পর্বের সংখ্যা	পর্বের পরিধি		
				নীচে (ইঞ্চি)	মধ্যে (ইঞ্চি)	শীর্ষে (ইঞ্চি)
১.	৩৬	২৮	২৬	১০.২০ (৭.০০-১৩.২৫)	১০.০০ (৬.৭৫-১৩.০০)	১০.২৫ (৬.৭-১১.৭৫)
২.	৩৪	২৭	২৭	১০.০০ (৭.২৫-১৩.০০)	১০.০০ (৬.৭৫-১৩.৫০)	১০.২৫ (৬.৭৫-১২.০০)
৩.	৩৫	২৬	২৬	১০.৭৫ (৭.০০-১৩.৭৫)	১০.২৫ (৬.০০-১৩.০০)	১০.৭৫ (৭.০০-১১.৭৫)
গড়	৩৫	২৭	২৬	১০.০০	১০.০০	১০.২৫

টেবিল ৫. থাই বাঁশের পর্বের জলীয় অংশ এবং আপেক্ষিক গুরুত্ব

